56. **Executive authority of the Republic.**—(1) The executive authority of the Republic shall vest in the President and shall be exercised by him, either directly or through officers subordinate to him, in accordance with this Constitution.

(2) Notwithstanding anything contained in clause (1), the Vice-President may exercise such power of the President as the President may, by order, specify.

(3) All executive action of the Government shall be expressed to be taken in the name of the President.

(4) The President shall, by rules, specify the manner in which orders and other instruments made in his name shall be attested or authenticated, and the validity of any order or instrument so attested or authenticated shall not be questioned in any court on the ground that it is not duly made or executed.

(5) The President shall make rules for the allocation and transaction of the business of the Government.

57. **Power of President to grant pardons, etc.**—The President shall have power to grant pardons, reprieves and respites, and to remit, suspend or commute any sentence passed by any court, tribunal or other authority.

CHAPTER II—THE COUNCIL OF MINISTERS

58. **Council of Minister.**—(1) There shall be a Council of Ministers to aid and advise the President in the exercise of his functions.

(2) The question whether any, and if so what, advice was tendered by the Council or a Minister to the President shall not be inquired into in any court.

(৩) রাষ্ট্রপতি তাঁহার বিবেচনায় সংসদ্-সদস্যগণের মধ্য হইতে কিংবা সংসদ্-সদস্য হইবার যোগ্য ব্যক্তিগণের মধ্য হইতে একজন প্রধানমন্ত্রী এবং তিনি যেরূপ আবশ্যক মনে করিবেন সেইরূপ অন্যান্য মন্ত্রী, প্রতি-মন্ত্রী ও উপ-মন্ত্রী নিয়োগ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, কোন প্রতি-মন্ত্রী বা উপমন্ত্রী পরিষদের সদস্য হইবেন না।

(৪) রাষ্ট্রপতি পরিষদের সভায় সভাপতিত্ব করিবেন অথবা তিনি ঐ সকল সভায় উপ-রাষ্ট্রপতি অথবা প্রধানমন্ত্রীকে সভাপতিত্ব করিতে নির্দেশ দিতে পারিবেন।

(৫) মন্ত্রীগণ রাষ্ট্রপতির সন্তোষানুযায়ী সময়সীমা পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন।

(৬) রাষ্ট্রপতির উদ্দেশে স্বাক্ষরযুক্ত পত্রযোগে কোন মন্ত্রী স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(৭) এই অনুচ্ছেদে "মন্ত্রী" বলিতে প্রধানমন্ত্রী, প্রতি-মন্ত্রী ও উপ-মন্ত্রী অন্তর্ভুক্ত।; এবং

(খ) ৩য় পরিচ্ছেদ বিলুপ্ত হইবে।

৫। সংবিধানের ৬৬ অনুচ্ছেদের সংশোধন।– সংবিধানের ৬৬ অনুচ্ছেদে,–

(ক) (২) দফায়,–

(অ) (ঙ) উপ-দফায় সেমিকোলনের শেষে "অথবা" শব্দটা সংযোজিত হইবে ; এবং

(আ) (চ) উপ-দফা বিলুপ্তি হইবে ; এবং

(খ) (৩) দফা বিলুপ্ত হইবে।

৬। সংবিধানের ৭০ অনুচ্ছেদের প্রতিস্থাপন।–সংবিধানের ৭০ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৭০ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে ঃ

"**৭০। পদত্যাগ ইত্যাদি কারণে আসন শূন্য হওয়া।**–কোন নির্বাচনে কোন রাজনৈতিক দলের প্রার্থীরূপে মনোনীত হইয়া কোন ব্যক্তি সংসদ-সদস্য নির্বাচিত হইলে তিনি যদি উক্ত দল হইতে পদত্যাগ করেন, অথবা সংসদে উক্ত দলের বিপক্ষে ভোট দান করেন, তাহা হইলে সংসদে তাঁহার আসন শূন্য হইবে।

ব্যাখ্যা।– যদি কোন সংসদ-সদস্য, যে দল তাঁহাকে নির্বাচনে প্রার্থীরূপে মনোনীত করিয়াছেন, সেই দলের নির্দেশ অমান্য করিয়া–

(ক) সংসদে উপস্থিত থাকিয়া ভোট দানে বিরত থাকেন, অথবা

(খ) সংসদের কোন বৈঠকে অনুপস্থিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত দলের বিপক্ষে ভোটদান করিয়াছেন বলিয়া গণ্য হইবেন।"।

(3) The President shall, in his discretion, appoint from among the members of Parliament or persons qualified to be elected as members of Parliament, a Prime Minister and such other Ministers, Ministers of State and Deputy Ministers as he deems necessary :

Provided that a Minister of State or Deputy Minister shall not be a member of the Council.

(4) The President shall preside at the meetings of the Council or may direct the Vice-President or Prime Minister to preside at such meetings.

(5) The Ministers shall hold office during the pleasure of the President.

(6) A Minister may resign his office by writing under his hand addressed to the President.

(7) In this article "Minister" includes a Prime Minister, Minister of State and Deputy Minister." ; and

(b) Chapter III shall be omitted.

5. **Amendment of article 66 of the Constitution.**—In the Constitution, in article 66,—

(a) in clause (2),—

(i) in sub-clause (e), after the semi-colon at the end, the word "or" shall be inserted ; and

(ii) sub-clause (f) shall be omitted ; and

(b) clause (3) shall be omitted.

6. **Amendment of article 67 of the Constitution.**—In the Constitution, in article 67, in clause (1), in sub-clause (a), the words "before Parliament" shall be omitted.

7. **Substitution of article 70 of the Constitution.**—In the Constitution, for article 70 the following shall be substituted, namely :—

"70. **Vacation of seat on resignation, etc.**—A person elected as a member of Parliament at an election at which he was nominated as a candidate by a political party shall vacate his seat if he resigns from that party or votes in Parliament against that party.

Explanation.—If a member of Parliament—

(a) being present in Parliament abstains from voting, or

(b) absents himself from any sitting of Parliament, ignoring the direction of the party which nominated him at the election as a candidate not to do so, he shall be deemed to have voted against that party.".

৭। সংবিধানের ৭২ অনুচ্ছেদের সংশোধন।– সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফার শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশ প্রতিস্থাপিত হইবে ঃ

"তবে শর্ত থাকে যে, প্রতি বৎসর সংসদের অন্ততঃ দুইটা অধিবেশন হইবে।"।

৮। সংবিধানে নূতন ৭৩ক অনুচ্ছেদের সংযোজন।– সংবিধানের ৭৩ অনুচ্ছেদের পর নিম্নরূপ নূতন ৭৩ক অনুচ্ছেদ সংযোজিত হইবে ঃ

"৭৩ক। সংসদ সম্পর্কে মন্ত্রিগণের অধিকার।– (১) প্রত্যেক মন্ত্রী সংসদে বক্তৃতা করিতে এবং অন্যভাবে ইহার কার্যাবলীতে অংশগ্রহণ করিতে অধিকারী হইবেন, তবে যদি তিনি সংসদ-সদস্য না হন, তাহা হইলে তিনি ভোটদান করিতে পারিবেন না।

(২) এই অনুচ্ছেদে "মন্ত্রী" বলিতে প্রধান মন্ত্রী, প্রতি-মন্ত্রী ও উপ-মন্ত্রী অন্তর্ভুক্ত।"।

৯। সংবিধানের ৭৪ অনুচ্ছেদের সংশোধন।– সংবিধানের ৭৪ অনুচ্ছেদের (৩) দফার "রাষ্ট্রপতির দায়িত্বপালনে রত থাকিলে" শব্দগুলির পরিবর্তে "রাষ্ট্রপতিরূপে কার্য করিলে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১০। সংবিধানের ৭৬ অনুচ্ছেদের সংশোধন।– সংবিধানের ৭৬ অনুচ্ছেদের (১) দফার "সংসদের প্রত্যেক অধিবেশনের প্রথম বৈঠকে" শব্দগুলি বিলুপ্ত হইবে।

১১। সংবিধানের ৮০ অনুচ্ছেদের সংশোধন।– সংবিধানের ৮০ অনুচ্ছেদের (৩) দফার "সম্মতিদান করিবেন" শব্দগুলির পর "কিংবা তাহাতে সম্মতিদানে বিরত রহিলেন বলিয়া ঘোষণা করিবেন" শব্দগুলি সংযোজিত হইবে।

১২। সংবিধানের ৮৮ অনুচ্ছেদের সংশোধন।– সংবিধানের ৮৮ অনুচ্ছেদের (ক) দফার পর নিম্নরূপ নূতন দফা সংযোজিত হইবে ঃ

"(কক) উপ-রাষ্ট্রপতিকে দেয় পারিশ্রমিক ও তাঁহার দপ্তর সংশ্লিষ্ট অন্যান্য ব্যয়,"।

১৩। সংবিধানের ৯৫ অনুচ্ছেদের সংশোধন।– সংবিধানের ৯৫ অনুচ্ছেদের (১) দফার পরিবর্তে নিম্নরূপ (১) দফা প্রতিস্থাপিত হইবে ঃ

"(১) প্রধান বিচারপতি এবং অন্যান্য বিচারকগণ রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন।"।

১৪। সংবিধানের ৯৬ অনুচ্ছেদের সংশোধন।– সংবিধানের ৯৬ অনুচ্ছেদের,–

(ক) (২) দফার পরিবর্তে নিম্নরূপ (২) দফা প্রতিস্থাপিত হইবে ঃ

"(২) অসদাচরণ বা অসামর্থ্যের কারণে রাষ্ট্রপতির আদেশ দ্বারা কোন বিচারককে তাঁহার পদ হইতে অপসারিত করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, কোন বিচারককে তাঁহার সম্পর্কে প্রস্তাবিত ব্যবস্থা গ্রহণের বিরুদ্ধে কারণ দর্শাইবার যুক্তিসঙ্গত সুযোগদান না করা পর্যন্ত তাঁহাকে অপসারিত করা যাইবে না।"। এবং

(খ) (৩) দফা বিলুপ্ত হইবে।

8. **Amendment of article 72 of the Constitution.**—In the Constitution, in article 72, in clause (1), for the proviso the following shall be substituted, namely :

"Provided that there shall be at least two sessions of Parliament in every year.".

9. **Insertion of new article 73A in the Constitution.**—In the Constitution, after article 73, the following new article 73A shall be inserted, namely :—

"73A. **Rights of Ministers as respects Parliament.**—(1) Every Minister shall have the right to speak in, and otherwise to take part in the proceedings of, Parliament, but shall not be entitled to vote unless he is a member of Parliament also.

(2) In this article, "Minister" includes a Prime Minister, Minister of State and Deputy Minister.".

10. **Amendment of article 74 of the Constitution.**—In the Constitution, in article 74, in clause (3), for the words "exercising the functions of the" the words "acting as" shall be substituted.

11. **Amendment of article 76 of the constitution.**—In the Constitution, in article 76, in clause (1), the words "At its first meeting in each session" shall be omitted.

12. **Amendment of article 80 of the Constitution.**—In the Constitution, in article 80, in clause (3), after the words "assent to the Bill" the words "or declare that he withholds assent therefrom" shall be inserted.

13. **Amendment of article 88 of the Constitution.**—In the Constitution, in article 88, after clause (a), the following new clause shall be inserted, namely :—

"(aa) the remuneration payable to the Vice-President and other expenditure relating to his office ;".

14. **Amendment of article 95 of the Constitution.**—In the Constitution, in article 95, for clause (1) the following shall be substituted, namely :—

"(1) The Chief Justice and other judges shall be appointed by the President.".

15. **Amendment of article 96 of the Constitution.**—In the Constitution, in article 96,—

(a) for clause (2) the following shall be substituted, namely :—

"(2) A judge may be removed from his office by order of the President on the ground of misbehaviour or incapacity :

Provided that no judge shall be removed until he has been given a reasonable opportunity of showing cause against the action proposed to be taken in regard to him." ; and

(b) clause (3) shall be omitted.

১৫। সংবিধানের ৯৮ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৯৮ অনুচ্ছেদের "প্রধান বিচারপতির সহিত পরামর্শ করিয়া" শব্দগুলি বিলুপ্ত হইবে।

১৬। সংবিধানের ১০২ অনুচ্ছেদের প্রতিস্থাপন।— সংবিধানের ১০২ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১০২ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে ঃ

"**১০২। কতিপয় আদেশ ও নির্দেশ প্রভৃতি দানের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগের ক্ষমতা।**—(১) হাইকোর্ট বিভাগের নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, আইনের দ্বারা অন্য কোন সমফলপ্রদ বিধান করা হয় নাই, তাহা হইলে

(ক) যে কোন সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনক্রমে

(অ) প্রজাতন্ত্র বা কোন স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবলীর সহিত সংশ্লিষ্ট যে কোন দায়িত্বপালনে রত ব্যক্তিকে আইনের দ্বারা অনুমোদিত নয়, এমন কোন কার্য করা হইতে বিরত রাখিবার জন্য কিংবা আইনের দ্বারা তাঁহার করণীয় কার্য করিবার জন্য নির্দেশ প্রদান করিয়া, অথবা

(আ) প্রজাতন্ত্র বা কোন স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবলীর সহিত সংশ্লিষ্ট যে কোন দায়িত্বপালনে রত ব্যক্তির কৃত কোন কার্য বা গৃহীত কোন কার্যধারা আইনসঙ্গত কর্তৃত্ব ব্যতিরেকে করা হইয়াছে বা গৃহীত হইয়াছে ও তাহার কোন আইনগত কার্যকরতা নাই বলিয়া ঘোষণা করিয়া উক্ত বিভাগ আদেশদান করিতে পারিবেন ; অথবা

(খ) যে কোন ব্যক্তির আবেদনক্রমে

(অ) আইনসঙ্গত কর্তৃত্ব ব্যতিরেকে বা বেআইনী উপায়ে কোন ব্যক্তিকে প্রহরায় আটক রাখা হয় নাই বলিয়া যাহাতে উক্ত বিভাগের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হইতে পারে, সেই জন্য প্রহরায় আটক উক্ত ব্যক্তিকে উক্ত বিভাগের সম্মুখে আনয়নের নির্দেশ প্রদান করিয়া, অথবা

(আ) কোন সরকারী পদে আসীন বা আসীন বলিয়া বিবেচিত কোন ব্যক্তিকে তিনি কোন্ কর্তৃত্ববলে অনুরূপ পদমর্যাদায় অধিষ্ঠানের দাবী করিতেছেন, তাহা প্রদর্শনের নির্দেশ প্রদান করিয়া

উক্ত বিভাগ আদেশদান করিতে পারিবেন।

(২) (১) দফায় যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও হাইকোর্ট বিভাগের কোন অন্তর্বর্তী আদেশদানের বা এই সংবিধানের ৪৭ অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন আইনের ক্ষেত্রে বর্তমান অনুচ্ছেদের অধীন কোন আদেশদানের ক্ষমতা থাকিবে না।

(৩) প্রসঙ্গের প্রয়োজনে অন্যরূপ না হইলে এই অনুচ্ছেদে "ব্যক্তি" বলিতে সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষ ও বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগসমূহ অথবা কোন শৃঙ্খলা বাহিনী-সংক্রান্ত আইনের অধীন প্রতিষ্ঠিত কোন আদালত বা ট্রাইব্যুনাল ব্যতীত কিংবা এই সংবিধানের ১১৭ অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন ট্রাইব্যুনাল ব্যতীত যে কোন আদালত বা ট্রাইব্যুনাল অন্তর্ভুক্ত হইবে।"।

১৭। সংবিধানের ১০৯ অনুচ্ছেদের সংশোধন।— সংবিধানের ১০৯ অনুচ্ছেদের "আদালত ও ট্রাইব্যুনালের" শব্দগুলির পরিবর্তে "আদালতের" শব্দটা প্রতিস্থাপিত হইবে।

১৮। সংবিধানের ১১৫ অনুচ্ছেদের প্রতিস্থাপন।— সংবিধানের ১১৫ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১১৫ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে ঃ

16. **Amendment of article 98 of the Constitution.**–In the Constitution, in article 98, the commas and words ", after consultation with the Chief Justice," shall be omitted.

17. **Substitution of article 102 of the Constitution.**–In the Constitution, for article 102 the following shall be substituted, namely :–

"102. **Power of High Court Division to issue certain orders and directions, etc.**–(1) The High Court Division may, if satisfied that no other equally efficacious remedy is provided by law–

(a) on the application of any person aggrieved, make an order–

(i) directing a person performing any functions in connection with the affairs of the Republic or of a local authority, to refrain from doing that which he is not permitted by law to do or to do that which he is required by law to do ; or

(ii) declaring that any act done or proceeding taken by a person performing functions in connection with the affairs of the Republic or of a local authority has been done or taken without lawful authority, and is of no legal effect ; or

(b) on the application of any person, make an order–

(i) directing that a person in custody be brought before it so that it may satisfy itself that he is not being held in custody without lawful authority or in an unlawful manner ; or

(ii) requiring a person holding or purporting to hold a public office to show under what authority he claims to hold that office.

(2) Notwithstanding anything contained in clause (1), the High Court Division shall have no power under this article to make an interim order or to pass any order in relation to any law to which article 47 applies.

(3) In this article, unless the context otherwise requires, "person" includes a statutory public authority and any court or tribunal, other than a court or tribunal established under a law relating to the defence services of Bangladesh or any disciplined force or a tribunal to which article 117 applies.".

18. **Amendment of article 109 of the Constitution.**–In the Constitution, in article 109, the words "and tribunals" shall be omitted.

19. **Substitution of article 115 of the Constitution.**–In the Constitution, in article 115 the following shall be substituted, namely :–

"১১৫। **অধস্তন আদালতে নিয়োগ।**—বিচারবিভাগীয় পদে বা বিচারবিভাগীয় দায়িত্বপালনকারী ম্যাজিস্ট্রেট পদে রাষ্ট্রপতি কর্তৃক উক্ত উদ্দেশ্যে প্রণীত বিধিসমূহ অনুযায়ী রাষ্ট্রপতি নিয়োগদান করিবেন।"।

১৯। **সংবিধানের ১১৬ অনুচ্ছেদের সংশোধন।**—সংবিধানের ১১৬ অনুচ্ছেদের "সুপ্রীম কোর্টের" শব্দগুলির পরিবর্তে "রাষ্ট্রপতির" শব্দটা প্রতিস্থাপিত হইবে।

২০। **সংবিধানের নূতন ১১৬ক ধারার সংযোজন।**—সংবিধানের ষষ্ঠ ভাগের ২য় পরিচ্ছেদের ১১৬ অনুচ্ছেদের পর নিম্নরূপ নূতন ১১৬ক অনুচ্ছেদ সংযোজিত হইবে ঃ

"১১৬ক। **বিচারবিভাগীয় কর্মচারীগণ বিচারকার্য পালনের ক্ষেত্রে স্বাধীন।**—এই সংবিধানের বিধানাবলী-সাপেক্ষে বিচার কর্মবিভাগে নিযুক্ত ব্যক্তিগণ এবং ম্যাজিস্ট্রেটগণ বিচারকার্য পালনের ক্ষেত্রে স্বাধীন থাকিবেন।"।

২১। **সংবিধানের ১১৭ অনুচ্ছেদের সংশোধন।**—সংবিধানের ১১৭ অনুচ্ছেদের (১) দফার (গ) উপ-দফায় "৩" সংখ্যার পরিবর্তে "২" সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

২২। **সংবিধানে নূতন ষষ্ঠ-ক ভাগের সংযোজন।**—সংবিধানের ষষ্ঠ ভাগের পর নিম্নরূপ নূতন ষষ্ঠ-ক ভাগ সংযোজিত হইবে ঃ

"ষষ্ঠ-ক ভাগ

জাতীয় দল

১১৭ক। **জাতীয় দল।**—(১) রাষ্ট্রপতির নিকট যদি সন্তোষজনক ভাবে প্রতীয়মান হয় যে এই সংবিধানের দ্বিতীয় ভাগে বর্ণিত রাষ্ট্র পরিচালনার মূলনীতিসমূহের কোন একটা পরিপূর্ণভাবে কার্যকর করিবার উদ্দেশ্যে অনুরূপ করা প্রয়োজন, তাহা হইলে তিনি, আদেশ দ্বারা, নির্দেশ দিতে পারিবেন যে রাষ্ট্রে শুধু একটা রাজনৈতিক দল (অতঃপর জাতীয় দল নামে অভিহিত) থাকিবে।

(২) যখন (১) দফার অধীন কোন আদেশ প্রণীত হয়, তখন রাষ্ট্রের সকল রাজনৈতিক দল ভাঙ্গিয়া যাইবে এবং রাষ্ট্রপতি জাতীয় দল গঠন করবার জন্য প্রয়োজনীয় সমস্ত পদক্ষেপ গ্রহণ করিবেন।

(৩) জাতীয় দলের নামকরণ, কার্যসূচী, সদস্যভুক্তি, সংগঠন, শৃঙ্খলা, অর্থসংস্থান এবং কর্তব্য ও দায়িত্ব সম্পর্কিত সকল বিষয় রাষ্ট্রপতির আদেশ দ্বারা নির্ধারিত হইবে।

(৪) (৩) দফার অধীন রাষ্ট্রপতি কর্তৃক প্রণীত আদেশ-সাপেক্ষে প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন ব্যক্তি জাতীয় দলের সদস্য হইবার যোগ্য হইবেন।

"115. **Appointments to subordinate courts.**–Appointments of persons to offices in the judicial service or as magistrates exercising judicial functions shall be made by the President in accordance with rules made by him in that behalf.".

20. **Amendment of article 116 of the Constitution.**–In the Constitution, in article 116, for the words "Supreme Court" the word "President" shall be substituted.

21. **Insertion of new article 116A in the Constitution.**–In the Constitution, in Part VI, in Chapter II, after article 116, the following new article 116A shall be inserted, namely :–

"116A. **Judicial officers to be independent in the exercise of their functions.**– Subject to the provisions of the Constitution, all persons employed in the judicial service and all magistrates shall be independent in the exercise of their judicial functions.".

22. **Amendment of article 117 of the Constitution.**–In the Constitution, in article 117, in clause (1), in sub-clause (c), for the figure "3" the figure "2" shall be substituted.

23. **Insertion of new Part VIA in the Constitution.**–In the Constitution, after Part VI, the following new Part VIA shall be inserted, namely :–

"PART VIA
THE NATIONAL PARTY

117A. **National Party.**–(1) If the President is satisfied that with a view to giving full effect to any of the fundamental principles of state policy set out in Part II of this Constitution it is necessary so to do, he may, by order, direct that there shall be only one political party in the State (hereinafter referred to as the National Party).

(2) When an order is made under clause (1), all political parties in the State shall stand dissolved and the President shall take all steps necessary for the formation of the National Party.

(3) All matters relating to the nomenclature, programme, membership, organisation, discipline, finance and function of the National Party shall be determined by order made by the President.

(4) Subject to the order made by the President under clause (3), a person in the service of the Republic shall be qualified to be a member of the National Party.

(৫) এই সংবিধানে যাহা বলা হইয়াছে তাহা সত্ত্বেও যখন জাতীয় দল গঠিত হয়, তখন কোন ব্যক্তি–

(ক) যদি তিনি, যে তারিখে জাতীয় দল গঠিত হয়, সেই তারিখে, সংসদ্-সদস্য থাকেন, তাহা হইলে তিনি রাষ্ট্রপতি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে জাতীয় দলের সদস্য না হইলে সংসদ্-সদস্য থাকিবেন না এবং সংসদে তাহার আসন শূন্য হইবে ;

(খ) যদি তিনি জাতীয় দলের দ্বারা রাষ্ট্রপতি বা সংসদ্-সদস্য নির্বাচনে প্রার্থীরূপে মনোনীত না হন, তাহা হইলে অনুরূপ নির্বাচনে রাষ্ট্রপতি বা সংসদ-সদস্য নির্বাচিত হইবার যোগ্য হইবেন না ;

(গ) জাতীয় দল ছাড়া অন্য কোন রাজনৈতিক দল গঠন করিবার বা অনুরূপ দলের সদস্য হইবার কিংবা অন্যভাবে অনুরূপ দলের কার্যকলাপে অংশগ্রহণ করিবার অধিকার প্রাপ্ত হইবেন না।

(৬) এই অনুচ্ছেদের অধীন প্রণীত কোন আদেশ পরবর্তী কোন আদেশ দ্বারা প্রত্যাহার না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।"।

২৩। সংবিধানের ১১৯ অনুচ্ছেদের সংশোধন।–সংবিধানের ১১৯ অনুচ্ছেদের (১) দফায়,–

(ক) "সংসদের সকল নির্বাচনের জন্য ভোটার-তালিকা প্রস্তুতকরণের তত্ত্বাবধান, নির্দেশ ও নিয়ন্ত্রণ এবং সংসদের নির্বাচন ও রাষ্ট্রপতি পদের" শব্দগুলির পরিবর্তে "রাষ্ট্রপতি-পদের ও সংসদের সকল নির্বাচনের জন্য ভোটার-তালিকা প্রস্তুতকরণের তত্ত্বাবধান, নির্দেশ ও নিয়ন্ত্রণ এবং অনুরূপ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) (খ) দফায় "এবং" শব্দটা বিলুপ্ত হইবে ; এবং

(গ) (গ) দফার পরিবর্তে নিম্নরূপ (গ) এবং (ঘ) দফা প্রতিস্থাপিত হইবে :

"(গ) সংসদে নির্বাচনের জন্য নির্বাচনী এলাকার সীমানা নির্ধারণ করিবেন ; এবং

(ঘ) রাষ্ট্রপতি-পদের এবং সংসদের নির্বাচনের জন্য ভোটার-তালিকা প্রস্তুত করিবেন।"।

২৪। সংবিধানের ১২২ অনুচ্ছেদের সংশোধন।–সংবিধানের ১২২ অনুচ্ছেদে,–

(ক) (১) দফার "ভোটাধিকার-ভিত্তিতে" শব্দটার পরে "রাষ্ট্রপতি-পদের ও" শব্দগুলি সংযোজিত হইবে ; এবং

(খ) (২) দফার পর নিম্নরূপ নূতন দফা সংযোজিত হইবে :

"(৩) কোন ব্যক্তি রাষ্ট্রপতি-পদের নির্বাচনের জন্য ভোটার তালিকাভুক্ত হইবার অধিকারী হইবেন, যদি তিনি (২) দফার অধীন কোন নির্বাচনী এলাকায় ভোটারতালিকাভুক্ত হইবার অধিকারী হন।"।

(5) Notwithstanding anything contained in this Constitution, when the National Party is formed, a person shall–

(a) in the case he is a member of Parliament on the date the National Party is formed, cease to be such member, and his seat in Parliament shall become vacant, if he does not become a member of the National Party within the time fixed by the President ;

(b) not be qualified for election as President or as a member of Parliament if he is not nominated as a candidate for such election by the National Party ;

(c) have no right to form, or be a member or otherwise take part in the activities of, any political party other than the National Party.

(6) An order made under this article shall remain in force until revoked by a subsequent order.".

24. **Amendment of article 119 of the Constitution.**–In the Constitution, in article 119, in clause (1),–

(a) for the words and commas "all elections to Parliament, the conduct of such elections and of elections to the office of President," the words "all elections to the office of President and to Parliament and the conduct of such elections" shall be substituted ;

(b) in clause (b), the word "and" shall be omitted ; and

(c) for clause (c) the following shall be substituted, namely :–

"(c) delimit the constituencies for the purposes of elections to Parliament ; and

(d) prepare electoral rolls for the purposes of elections to the office of President and to Parliament.".

25. **Amendment of article 122 of the Constitution.**–In the Constitution, in article 122,–

(a) in clause (1), after the word "elections" the words "to the office of President and" shall be inserted ; and

(b) after clause (2), the following new clause shall be added, namely :–

"(3) A person shall be entitled to be enrolled on the electoral roll for the purposes of elections to the office of President if he is entitled to be enrolled on the electoral roll for a constituency under clause (2).".

২৫। সংবিধানের ১২৩ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১২৩ অনুচ্ছেদে,—

(ক) (১) দফায়,—

(অ) "নব্বই দিন" শব্দগুলি পরিবর্তে "একশত আশি দিন" প্রতিস্থাপিত হইবে ; এবং

(আ) শর্তাংশটি বিলুপ্ত হইবে ;

(খ) (২) দফায় "নব্বই দিনের" শব্দগুলির পরিবর্তে "একশত আশি দিনের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২৬। সংবিধানের ১২৪ অনুচ্ছেদের প্রতিস্থাপন—সংবিধানের ১২৪ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১২৪ অনুচ্ছেদের প্রতিস্থাপিত হইবে ঃ

"**১২৪। নির্বাচন সম্পর্কে সংসদের বিধান প্রণয়নের ক্ষমতা।**—এই সংবিধানের বিধানাবলী-সাপেক্ষে সংসদ আইনের দ্বারা—

(ক) ভোটার-তালিকা প্রস্তুতকরণ ;

(খ) সংসদের নির্বাচনের ক্ষেত্রে নির্বাচনী এলাকার সীমা নির্ধারণ ;

(গ) নির্বাচন অনুষ্ঠান ; এবং

(ঘ) রাষ্ট্রপতি-পদের নির্বাচনের জন্য এবং সংসদের যথাযথ গঠনের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিষয়সহ রাষ্ট্রপতি-পদের কিংবা সংসদের নির্বাচন সংক্রান্ত বা নির্বাচনের সহিত সম্পর্কিত সকল বিষয়ে বিধান প্রণয়ন করিতে পারিবেন।"।

২৭। সংবিধানের ১৪১ক অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪১ক অনুচ্ছেদের (১) দফার শর্তাংশটি বিলুপ্ত হইবে।

২৮। সংবিধানের ১৪৭ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪৭ অনুচ্ছেদের (৪) দফার (ক) উপ-দফার পর নিম্নরূপ নূতন উপ-দফা সংযোজিত হইবে ঃ

"(কক) উপ-রাষ্ট্রপতি,"।

২৯। সংবিধানের ১৪৮ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪৮ অনুচ্ছেদের (২) দফার "এবং কোন কারণে সেই ব্যক্তির নিকট শপথগ্রহণ সম্ভব না হইলে" শব্দগুলি বিলুপ্ত হইবে।

৩০। সংবিধানের দ্বিতীয় তফসিলের বিলোপ।—সংবিধানের দ্বিতীয় তফসিল বিলুপ্ত হইবে।

26. **Amendment of article 123 of the Constitution.**–In the Constitution, in article 123,–

(a) in clause (1),–

(i) for the words "ninety days" the words "one hundred and eighty days" shall be substituted ; and

(ii) the proviso shall be omitted ; and

(b) in clause (2), for the words "ninety days" the words "one hundred and eighty days" shall be substituted.

27. **Substitution of article 124 of the Constitution.**–In the Constitution, for article 124 the following shall be substituted, namely :–

"124. **Parliament may make provision as to elections.**–Subject to the provisions of this Constitution, Parliament may by law make provision with respect to all matters relating to, or in connection with, elections to the office of President or to Parliament, including–

(a) the preparation of electoral rolls ;

(b) in the case of elections to Parliament, the delimitation of constituencies ;

(c) the holding of elections ; and

(d) all other matters necessary for securing the elections to the office of President and the due constitution of Parliament.".

28. **Amendment of article 141A of the Constitution.**–In the Constitution, in article 141A, in clause (1), the proviso shall be omitted.

29. **Amendment of article 147 of the Constitution.**–In the Constitution, in article 147, in clause (4), after sub-clause (a), the following new sub-clause shall be inserted, namely :–

"(aa) Vice-President ;".

30. **Amendment of article 148 of the Constitution.**–In the Constitution, in article 148, in clause (2), the words "and for any reason it is impracticable for the oath to be made before that person" shall be omitted.

31. **Omission of Second Schedule to the Constitution.**–In the Constitution, the Second Schedule shall be omitted.

৩১। সংবিধানের তৃতীয় তফসিলের সংশোধন।—সংবিধানের তৃতীয় তফসিলে,—

(ক) ১ ফরমে "প্রধান বিচারপতি" শব্দগুলির পরিবর্তে "স্পীকার" শব্দটা প্রতিস্থাপিত হইবে।

(খ) ১ ফরমের পর নিম্নরূপ নূতন ফরম সংযোজিত হইবে ঃ

"১ক। **উপ-রাষ্ট্রপতি।**—রাষ্ট্রপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা)-পাঠ পরিচালিত হইবে ঃ

"আমি, ..., সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী বাংলাদেশের উপ-রাষ্ট্রপতি-পদের কর্তব্য বিশ্বস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব।" ;"

(গ) ৩ ফরমে "প্রধান বিচারপতি" শব্দগুলির পরিবর্তে "রাষ্ট্রপতি" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(ঘ) ৪ ফরমে "প্রধান বিচারপতি" শব্দগুলির পরিবর্তে "রাষ্ট্রপতি" শব্দটা প্রতিস্থাপিত হইবে ; এবং

(ঙ) ৫ ফরমে "সংসদের কোন বৈঠকে" শব্দগুলি বিলুপ্ত হইবে।

৩২। চতুর্থ তফসিলের সংশোধন।—সংবিধানের চতুর্থ তফসিলের ১২ অনুচ্ছেদ বিলুপ্ত হইবে।

৩৩। প্রথম সংসদের মেয়াদ বৃদ্ধি।—সংবিধানে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে দায়িত্ব পালনরত সংসদ, রাষ্ট্রপতি পূর্বে ভাঙ্গিয়া না দিয়া থাকিলে, এই আইন প্রবর্তন হইতে পাঁচ বৎসর অতিবাহিত হইলে ভাঙ্গিয়া যাইবে।

৩৪। রাষ্ট্রপতি-সংক্রান্ত বিশেষ বিধান।—সংবিধানে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও এই আইন প্রবর্তনের সঙ্গে সঙ্গে,

(ক) এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে যিনি বাংলাদেশের রাষ্ট্রপতি-পদে অধিষ্ঠিত ছিলেন, তিনি রাষ্ট্রপতির পদে থাকিবেন না এবং রাষ্ট্রপতির পদ শূন্য হইবে ;

(খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের রাষ্ট্রপতি হইবেন এবং রাষ্ট্রপতির কার্যভার গ্রহণ করিবেন এবং উক্ত প্রবর্তন হইতে তিনি বাংলাদেশের রাষ্ট্রপতি-পদে বহাল থাকিবেন যেন তিনি এই আইনের দ্বারা সংশোধিত সংবিধানের অধীন রাষ্ট্রপতি-পদে নির্বাচিত হইয়াছেন।

---

32. **Amendment of Third Schedule to the Constitution.**–In the Constitution, in the Third Schedule,–

(a) in form 1, for the words "Chief Justice" the word "Speaker" shall be substituted ;

(b) after form 1, the following new form shall be inserted, namely ;–

"1A. **The Vice-President.**–An oath (or affirmation) in the following form shall be administered by the President–

"I,......................................, do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of the office of Vice-President of Bangladesh according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

And that I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will." " ;

(c) in form 3, for the words "Chief Justice" the word "President" shall be substituted ;

(d) in form 4, for the words "Chief Justice" the word "President" shall be substituted ; and

(e) in form 5, the words "at a meeting of Parliament" shall be omitted.

33. **Amendment of Fourth Schedule to the Constitution.**–In the Constitution, in the Fourth Schedule, paragraph 12 shall be omitted.

34. **Extension of the term of the First Parliament.**–Notwithstanding anything contained in the Constitution, the Parliament functioning immediately before the commencement of this Act shall, unless sooner dissolved by the President, stand dissolved on the expiration of the period of five years from such commencement.

35. **Special provisions relating to President.**– Notwithstanding anything contained in the Constitution, on the commencement of this Act,–

(a) the person holding office as President of Bangladesh immediately before such commencement shall cease to hold, and vacate, the office of President of Bangladesh ;

(b) Bangabandhu Sheikh Mujibur Rahman, Father of the Nation, shall become, and enter upon the office of President of Bangladesh and shall, as from such commencement, hold office as President of Bangladesh as if elected to that office under the Constitution as amended by this Act.

পরিশিষ্ট- ৭

*সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯

১৯৭৯ সালের ১নং আইন

[৬ই এপ্রিল, ১৯৭৯]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য-পূরণকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ-

১। **সংক্ষিপ্ত শিরনামা**।-এই আইন সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ নামে অভিহিত হইবে।

২। **সংবিধানের চতুর্থ তফসিলের সংশোধন**।-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলে, ১৭ অনুচ্ছেদের পর নিম্নবর্ণিত নূতন ১৮ অনুচ্ছেদ সংযোজিত হইবে ঃ

"১৮। **ফরমানসমূহ, ইত্যাদির অনুমোদন ও সমর্থন**।-১৯৭৫ সালের ১৫ই আগষ্ট হইতে ১৯৭৯ সালের ৯ই এপ্রিল তারিখের (উভয় দিনসহ) মধ্যে প্রণীত সকল ফরমান, ফরমান আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ, ও অন্যান্য আইন, এবং উক্ত মেয়াদের মধ্যে অনুরূপ কোন ফরমান দ্বারা এই সংবিধানে যে সকল সংশোধন, সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন ও বিলোপসাধন করা হইয়াছে তাহা, এবং অনুরূপ কোন ফরমান, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ বা অন্য কোন আইন হইতে আহরিত বা আহরিত বলিয়া বিবেচিত ক্ষমতাবলে, অথবা অনুরূপ কোন ক্ষমতা প্রয়োগ করিতে গিয়া বা অনুরূপ বিবেচনায় কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত কোন আদেশ কিংবা প্রদত্ত কোন দন্ডাদেশ কার্যকর বা পালন করিবার জন্য উক্ত মেয়াদের মধ্যে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত আদেশ, কৃত কাজকর্ম, গৃহীত ব্যবস্থা বা কার্যধারাসমূহ, অথবা প্রণীত, কৃত, বা গৃহীত বলিয়া বিবেচিত আদেশ, কাজকর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ এতদ্দ্বারা অনুমোদিত ও সমর্থিত হইল এবং ঐ সকল আদেশ, কাজকর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ বৈধভাবে প্রণীত, কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া ঘোষিত হইল, এবং তৎসম্পর্কে কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।"।

---

*সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ সুপ্রীম কোর্ট কর্তৃক অবৈধ, বাতিল ও অস্তিত্বহীন মর্মে ঘোষিত হইয়াছে (সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং ১০৪৪-১০৪৫/২০০৯)।

APPENDIX VII

* THE CONSTITUTION (FIFTH AMENDMENT) ACT, 1979

Act No. I of 1979

[6th April, 1979]

An Act further to amend certain provision of the Constitution of the People's Republic of Bangladesh

WHEREAS it is expedient further to amend certain provision of the Constitution of the People's Republic of Bangladesh for the purpose hereinafter appearing ;

It is hereby enacted as follows :–

1. **Short title.**–This Act may be called the Constitution (Fifth Amendment) Act, 1979.

2. **Amendment of Fourth Schedule to the Constitution.**–In the Constitution of the People's Republic of Bangladesh, in the Fourth Schedule *after* paragraph 17, the following new paragraph 18 shall be *added*, namely :—

"18. **Ratification and confirmation of Proclamations, etc.**–All Proclamations, Proclamation Orders, Martial Law Regulations, Martial Law Orders and other laws made during the period between the 15th August, 1975, and the 9th April, 1979 (both days inclusive), all amendments, additions, modifications, substitutions and omissions made in this Constitution during the said period by any such Proclamation, all orders made, acts and things done, and actions and proceedings taken, or purported to have been made, done or taken, by any person or authority during the said period in exercise of the powers derived or purported to have been derived from any such Proclamation, Martial Law Regulation, Martial Law Order or any other law, or in execution of or in compliance with any order made or sentence passed by any court, tribunal or authority in the exercise or purported exercise of such powers, are hereby ratified and confirmed and are declared to have been validly made, done or taken and shall not be called in question in or before any court, tribunal or authority on any ground whatsoever.".

---

* The Constitution (Fifth Amendment) Act, 1979 has been declared illegal, void and non-est by the Supreme Court (Civil Petition for Leave to Appeal No. 1044-1045/2009).

পরিশিষ্ট- ৮

সংবিধান (ষষ্ঠ সংশোধন) আইন, ১৯৮১

১৯৮১ সনের ১৪ নং আইন

[১০ই জুলাই, ১৯৮১]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ–

১। **সংক্ষিপ্ত শিরনামা**।–এই আইন সংবিধান (ষষ্ঠ সংশোধন) আইন, ১৯৮১ নামে অভিহিত হইবে।

২। **সংবিধানের ৫১ অনুচ্ছেদের সংশোধন**।–গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান (অতঃপর সংবিধান বলিয়া অভিহিত)-এর ৫১ অনুচ্ছেদের (৪) দফার পরিবর্তে নিম্নরূপ (৪), (৫) ও (৬) দফা প্রতিস্থাপিত হইবে ঃ

"(৪) উপ-রাষ্ট্রপতি রাষ্ট্রপতিরূপে নির্বাচিত হইলে, তিনি যে তারিখে রাষ্ট্রপতি পদে কার্যভার গ্রহণ করিবেন সেই তারিখে তাঁহার পদ শূন্য হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৫) রাষ্ট্রপতি অথবা উপ-রাষ্ট্রপতি সংসদ-সদস্য নির্বাচিত হইলে, তিনি রাষ্ট্রপতি অথবা উপ-রাষ্ট্রপতি পদে বহাল থাকা পর্যন্ত অনুরূপ সংসদ-সদস্য থাকিবার যোগ্য হইবেন না।

(৬) কোন সংসদ-সদস্য রাষ্ট্রপতি নির্বাচিত কিংবা উপ-রাষ্ট্রপতি নিযুক্ত হইলে রাষ্ট্রপতি কিংবা উপ-রাষ্ট্রপতিরূপে তাঁহার কার্যভার গ্রহণের দিনে সংসদে তাঁহার আসন শূন্য বলিয়া গণ্য হইবে।"।

৩। **সংবিধানের ৬৬ অনুচ্ছেদের সংশোধন**।–সংবিধানের ৬৬ অনুচ্ছেদের (২ক) দফায় "কেবল প্রধানমন্ত্রী" শব্দগুলির পরিবর্তে "কেবল রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী" শব্দগুলি এবং কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

APPENDIX VIII

THE CONSTITUTION (SIXTH AMENDMENT) ACT, 1981
ACT NO. XIV of 1981

[10th July, 1981]

An Act further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh

WHEREAS it is expedient further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh for the purposes hereinafter appearing ;

It is hereby enacted as follows :-

1. **Short title.**–This Act may be called the Constitution (Sixth Amendment) Act, 1981.

2. **Amendment of article 51 of the Constitution.**–In the Constitution of the People's Republic of Bangladesh, hereinafter referred to as the Constitution, in article 51, for clause (4) the following shall be substituted, namely :—

"(4) If a Vice-President is elected as President, he shall be deemed to have vacated his office on the date on which he enters upon the office of President.

(5) If a President or a Vice-President is elected as a member of Parliament, he shall not be qualified to be such member until he ceases to hold office as President or Vice-President.

(6) If a member of Parliament is elected as President or appointed as Vice-President, he shall be deemed to have vacated his seat in Parliament on the date on which he enters upon his office as President or Vice-President.".

3. **Amendment of article 66 of the Constitution.**–In the Constitution, in article 66, in clause (2A), for the words "he is a Prime Minister" the words and commas "he is a President, Vice-President, Prime Minister" shall be substituted.

পরিশিষ্ট- ৯

* সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬
১৯৮৬ সনের ১নং আইন

[১১ই নভেম্বর, ১৯৮৬]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ–

১। **সংক্ষিপ্ত শিরনামা**।– এই আইন সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ নামে অভিহিত হইবে।

২। **সংবিধানের ৯৬ অনুচ্ছেদের সংশোধন**।–গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান (অতঃপর "সংবিধান" বলিয়া অভিহিত)-এর ৯৬ অনুচ্ছেদের (১) দফায়, "বাষট্টি" শব্দটির পরিবর্তে "পঁয়ষট্টি" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৩। **সংবিধানের চতুর্থ তফসিলের সংশোধন**।–সংবিধানের চতুর্থ তফসিলে, ১৮ অনুচ্ছেদের পর নিম্নবর্ণিত নূতন ১৯ অনুচ্ছেদ সংযোজিত হইবে ঃ–

"**১৯। ১৯৮২ সালের ২৪শে মার্চের ফরমান, ইত্যাদির অনুমোদন ও সমর্থন**।–(১) ১৯৮২ সালের ২৪শে মার্চের ফরমান, অতঃপর যাহা এই অনুচ্ছেদে উক্ত ফরমান বলিয়া উল্লেখিত, এবং ১৯৮২ সালের ২৪শে মার্চ ও সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সালের ১নং আইন) প্রবর্তনের তারিখের (উভয় দিনসহ) মধ্যে, অতঃপর যাহা এই অনুচ্ছেদে উক্ত মেয়াদ বলিয়া উল্লেখিত, প্রণীত অন্যান্য সকল ফরমান, ফরমান-আদেশ, প্রধান সামরিক আইন প্রশাসকের আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ, সামরিক আইন নির্দেশ, অধ্যাদেশ এবং অন্যান্য আইন এতদ্বারা অনুমোদিত ও সমর্থিত হইল এবং বৈধভাবে প্রণীত হইয়াছে বলিয়া ঘোষিত হইল, এবং তৎসম্পর্কে কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(২) উক্ত ফরমান বা অন্য কোন ফরমান, ফরমান-আদেশ, প্রধান সামরিক আইন প্রশাসকের আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ, সামরিক আইন নির্দেশ, অধ্যাদেশ বা অন্য কোন আইন হইতে আহরিত ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বলিয়া বিবেচনা করিয়া অথবা অনুরূপ কোন ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বলিয়া বিবেচনা করিয়া কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত কোন আদেশ বা প্রদত্ত কোন দন্ডাদেশ কার্যকর বা পালন করিবার জন্য উক্ত মেয়াদের মধ্যে রাষ্ট্রপতি বা প্রধান সামরিক আইন প্রশাসক বা অন্য কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত আদেশ, কৃত কাজকর্ম, গৃহীত ব্যবস্থা বা কার্যধারাসমূহ, অথবা প্রণীত, কৃত বা গৃহীত বলিয়া বিবেচিত আদেশ, কাজকর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ বৈধভাবে প্রণীত, কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং তৎসম্পর্কে কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

---

*সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ সুপ্রীম কোর্ট কর্তৃক প্রদত্ত রায়ে অবৈধ, এখতিয়ার বহির্ভূত, শুরু হইতে বাতিল ও বেআইনী ঘোষিত হইয়াছে (রীট পিটিশন নং ৬৯৬/২০১০)।

APPENDIX IX

* THE CONSTITUTION (SEVENTH AMENDMENT) ACT, 1986
ACT NO. I OF 1986

[11th November, 1986]

An Act further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh

WHEREAS it is expedient further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh for the purposes hereinafter appearing ;

It is hereby enacted as follows :—

1. **Short title.**–This Act may be called the Constitution (Seventh Amendment) Act, 1986.

2. **Amendment of article 96 of the Constitution.**–In the Constitution of the People's Republic of Bangladesh, hereinafter referred to as the Constitution, in article 96, in clause *(1)*, *for* the word "sixty-two" the word "sixty-five" shall be *substituted*.

3. **Amendment of Fourth Schedule to the Constitution.**–In the Constitution, in the Fourth Schedule, *after* paragraph 18, the following new paragraph 19 shall be *added*, namely :—

"19. **Ratification and confirmation of the Proclamation of the 24th March, 1982, etc.**–(1) The Proclamation of the 24th March, 1982, hereinafter in this paragraph referred to as the said Proclamation, and all other Proclamations, Proclamation Orders, Chief Martial Law Administrator's Orders, Martial Law Regulations, Martial Law Orders, Martial Law Instructions, Ordinances and all other laws made during the period between the 24th March, 1982, and the date of commencement of the Constitution (Seventh Amendment) Act, 1986 (Act I of 1986) (both days inclusive), hereinafter in this Paragraph referred to as the said period, are hereby ratified and confirmed and declared to have been validly made and shall not be called in question in or before any court, tribunal or authority on any ground whatsoever.

(2) All orders made, acts and things done, and actions and proceedings taken, or purported to have been made, done or taken, by the President or the Chief Martial Law Administrator or by any other person or authority during the said period, in exercise or purported exercise of the powers derived from the said Proclamation or from any other Proclamation, Proclamation Order, Chief Martial Law Administrator's Order, Martial Law Regulation, Martial Law Order, Martial Law Instruction, Ordinance or any other Law, or in execution of or in compliance with any order made or sentence passed by any court, tribunal or authority in the exercise or purported exercise of such powers, shall be deemed to have been validly made, done or taken and shall not be called in question in or before any court, tribunal or authority on any ground whatsoever.

* The Constitution (Seventh Amendment) Act, 1986 has been declared illegal, without lawful authority, void ab-initio and is invalidated by the Supreme Court (Writ Petition No. 696/2010).

(৩) (২) উপ-অনুচ্ছেদে উল্লেখিত ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বিবেচনা করিয়া অথবা অনুরূপ ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বিবেচনা করিয়া প্রণীত কোন আদেশ বা প্রদত্ত দন্ডাদেশসমূহ কার্যকর বা পালন করিবার জন্য প্রণীত কোন আদেশ, কৃত কোন কাজকর্ম বা গৃহীত কোন ব্যবস্থা বা কার্যধারার জন্য বা ব্যাপারে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষের বিরুদ্ধে কোন আদালত বা ট্রাইব্যুনালে কোন মামলা, ফৌজদারী কার্যধারা অথবা অন্য কোন আইনগত কার্যধারা চলিবে না।

(৪) তৃতীয় তফসিলে উল্লেখিত কোন পদে উক্ত মেয়াদের মধ্যে যে সকল নিয়োগ প্রদান করা হইয়াছে সেই সকল নিয়োগ বৈধভাবে প্রদান করা হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং তৎসম্পর্কে কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না, এবং কোন ব্যক্তি উক্ত মেয়াদের মধ্যে উক্ত ফরমানের অধীন এই প্রকার কোন পদে নিযুক্ত হইয়া থাকিলে এবং সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সালের ১নং আইন), অতঃপর যাহা এই অনুচ্ছেদে উক্ত আইন বলিয়া উল্লেখিত, প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে উক্ত পদে অধিষ্ঠিত থাকিলে তিনি উক্ত তারিখ হইতে স্বীয় পদে বহাল থাকিবেন, যেন তিনি এই সংবিধানের অধীন উক্ত পদে নিযুক্ত হইয়াছেন ; এবং তিনি উক্ত তারিখের পর যথাশীঘ্র সম্ভব যথাযথ ব্যক্তির সম্মুখে তৃতীয় তফসিলে নির্ধারিত শপথ বা ঘোষণাপাঠের ফরমে শপথ বা ঘোষণা পাঠ করিবেন এবং শপথপত্রে বা ঘোষণাপত্রে স্বাক্ষর দান করিবেন।

(৫) উক্ত মেয়াদের মধ্যে প্রধান সামরিক আইন প্রশাসক যে সকল পদে নিয়োগ প্রদান করিয়াছেন সেই সকল পদ যদি উক্ত আইন প্রবর্তনের তারিখের পরেও বহাল থাকে, তাহা হইলে উক্ত তারিখ হইতে সেই সকল পদে নিয়োগ রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত বলিয়া গণ্য হইবে।

(৬) উক্ত আইন প্রবর্তনের তারিখের অব্যবহিত পূর্বে বলবৎ সকল অধ্যাদেশ এবং অন্যান্য আইন, উক্ত ফরমান বাতিল এবং সামরিক আইন প্রত্যাহারকারী ফরমান সাপেক্ষে, উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তিত, সংশোধিত বা রহিত না হওয়া পর্যন্ত অব্যাহতভাবে বলবৎ থাকিবে।

(৭) উক্ত ফরমান বাতিল এবং সামরিক আইন প্রত্যাহার করা হইলে, এই সংবিধান সম্পূর্ণরূপে পুনরুজ্জীবিত ও পুনর্বহাল হইবে এবং উহা, এই অনুচ্ছেদের বিধানাবলী সাপেক্ষে, এইরূপ কার্যকর ও সক্রিয় থাকিবে যেন উহা কখনও স্থগিত ছিল না।

(৮) উক্ত ফরমান বাতিল এবং সামরিক আইন প্রত্যাহারে এমন কোন অধিকার বা সুযোগ পুনরুজ্জীবিত বা পুনর্বহাল হইবে না যাহা অনুরূপ বাতিল বা প্রত্যাহারের সময়ে বিদ্যমান ছিল না।

(৯) সংসদের কোন আইন এবং উহার রহিতের ক্ষেত্রে ১৮৯৭ সালের জেনারেল ক্লজেজ এ্যাক্ট যেরূপ প্রযোজ্য, উক্ত ফরমান, এবং উক্ত মেয়াদের মধ্যে প্রণীত অন্যান্য ফরমান, ফরমান আদেশ, প্রধান সামরিক আইন প্রশাসকের আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ এবং সামরিক আইন নির্দেশসমূহের ক্ষেত্রে, এবং উক্ত ফরমান ও অন্যান্য ফরমান বাতিল ও উক্ত ফরমান-আদেশ, প্রধান সামরিক আইন প্রশাসকের আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ এবং সামরিক আইন নির্দেশসমূহ রহিতের ক্ষেত্রেও, সেইরূপ প্রযোজ্য হইবে, যেন উক্ত ফরমান ও অন্যান্য ফরমান, ফরমান-আদেশ, প্রধান সামরিক আইন প্রশাসকের আদেশ, সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ এবং সামরিক আইন নির্দেশসমূহ এবং যে ফরমান দ্বারা উক্ত ফরমান বাতিল করা হইয়াছে তাহা, সকলই সংসদের আইন ছিল।

(১০) এই অনুচ্ছেদে, "আইন" বলিতে বিধি, প্রবিধান, উপ-আইন, আদেশ ও বিজ্ঞপ্তিসমূহ এবং আইনের ক্ষমতাসম্পন্ন অন্যান্য দলিল অন্তর্ভুক্ত।"।

---

(3) No suit, prosecution or other legal proceedings shall lie in any court or tribunal against any person or authority for or on account of or in respect of any order made, act or thing done, or action or proceedings taken whether in the exercise or purported exercise of the powers referred to in sub-paragraph *(2)* or in execution of or in compliance with orders made or sentences passed in exercise or purported exercise of such powers.

(4) All appointments made during the said period to any office mentioned in the Third Schedule shall be deemed to have been validly made and shall not be called in question in or before any court, tribunal or authority on any ground whatsoever, and any person appointed under the said Proclamation to any such office during the said period and holding such office immediately before the date of commencement of the Constitution (Seventh Amendment) Act, 1986 (Act I of 1986), hereinafter in this paragraph referred to as the said Act shall, as from that date hold such office as if appointed to that office under this Constitution ; and shall, as soon as practicable after that date, make and subscribe before the appropriate person an oath or affirmation in the form set out in the Third Schedule.

(5) All appointments made by the Chief Martial Law Administrator during the said period to any office or post which is continuing after the date of commencement of the said Act shall, as from that date, be deemed to be appointments made by the President.

(6) All Ordinances and other laws in force immediately before the date of commencement of the said Act shall, subject to the Proclamation revoking the said Proclamation and withdrawing the Martial Law, continue in force until altered, amended or repealed by competent authority.

(7) Upon the revocation of the said Proclamation and withdrawal of Martial Law, this Constitution shall stand fully revived and restored and shall, subject to the provisions of this paragraph, have effect and operate as if it had never been suspended.

(8) The revocation of the said Proclamation and withdrawal of Martial Law shall not revive or restore any right or privilege which was not existing at the time of such revocation and withdrawal.

(9) The General Clauses Act, 1897, shall apply to the said Proclamation, and all other Proclamations, Proclamation Orders, Chief Martial Law Administrator's Orders, Martial Law Regulations, Martial Law Orders and Martial Law Instructions made during the said period and also to the revocation of the said Proclamation and other Proclamations and the repeal of the said Proclamation Orders, Chief Martial Law Administrator's Orders, Martial Law Regulations, Martial Law Orders and Martial Law Instructions as it applies to, and to the repeal of, an Act of Parliament as if the said Proclamation, and other Proclamations, Proclamation Orders, Chief Martial Law Administrator's Orders, Martial Law Regulations, Martial Law Orders and Martial Law Instructions and the Proclamation revoking the said Proclamation were all Acts of Parliament.

(10) In this paragraph, "law" includes rules, regulations, bye-laws, orders, notifications and other instruments having the force of law.".

পরিশিষ্ট- ১০

সংবিধান (অষ্টম সংশোধন) আইন, ১৯৮৮

১৯৮৮ সনের ৩০নং আইন

[৯ই জুন, ১৯৮৮]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ–

১। **সংক্ষিপ্ত শিরনামা**।–এই আইন সংবিধান (অষ্টম সংশোধন) আইন, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। **সংবিধানে নূতন ২ক অনুচ্ছেদের সন্নিবেশ**।–গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান (অতঃপর "সংবিধান" বলিয়া অভিহিত)-এর ২ অনুচ্ছেদের পর নিম্নরূপ নূতন ২ক অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে ঃ–

"২ক। **রাষ্ট্রধর্ম**।–প্রজাতন্ত্রের রাষ্ট্রধর্ম ইসলাম, তবে অন্যান্য ধর্মও প্রজাতন্ত্রে শান্তিতে পালন করা যাইবে।"।

৩। **সংবিধানের ৩০ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ৩০ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৩০ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে ঃ–

"৩০। **বিদেশী খেতাব প্রভৃতি গ্রহণ নিষিদ্ধকরণ**।–রাষ্ট্রপতির পূর্বানুমোদন ব্যতীত কোন নাগরিক কোন বিদেশী রাষ্ট্রের নিকট হইতে কোন খেতাব, সম্মান, পুরস্কার বা ভূষণ গ্রহণ করিবেন না।"।

৪। **সংবিধানের ৬৮ অনুচ্ছেদের সংশোধন**।–সংবিধানের ৬৮ অনুচ্ছেদ এবং উহার উপ-শিরনামায় "বেতন" শব্দটির পরিবর্তে "পারিশ্রমিক" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৫। **সংবিধানের ১০০ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানে ১০০ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১০০ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে ঃ–

"১০০। **সুপ্রীম কোর্টের আসন**।–(১) এই অনুচ্ছেদ-সাপেক্ষে, রাজধানীতে সুপ্রীম কোর্টের স্থায়ী আসন থাকিবে।

(২) হাইকোর্ট বিভাগ ও উহার বিচারকগণ সুপ্রীম কোর্টের স্থায়ী আসনে এবং উহার স্থায়ী বেঞ্চগুলির আসনসমূহে আসন গ্রহণ করিবেন।

APPENDIX X

THE CONSTITUTION (EIGHTH AMENDMENT) ACT, 1988

১৯৮৮ সনের ৩০নং আইন

[৯ই জুন, ১৯৮৮]

Constitution of the People's Republic of Bangladesh-এর কতিপয় বিধানের অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Constitution of the People's Republic of Bangladesh এর কতিপয় বিধানের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

১। **সংক্ষিপ্ত শিরনামা।**–এই আইন The Constitution (Eighth Amendment) Act, 1988 নামে অভিহিত হইবে।

২। **Constitution এ নূতন article 2A এর সন্নিবেশ।**– Constitution of the People's Republic of Bangladesh (অতঃপর Constitution বলিয়া অভিহিত) এর article 2 এর পর নিম্নরূপ নূতন article 2A সন্নিবেশিত হইবে, যথা :—

"2A. **The state religion.**–The state religion of the Republic is Islam, but other religions may be practised in peace and harmony in the Republic."।

৩। **Constitution-এর article 3 এর সংশোধন।**–Constitution এর article 3তে "Bengali" শব্দটির পরিবর্তে "Bangla" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৪। **Constitution এর article 5 এর সংশোধন।**–Constitution এর article 5 এর clause (1) এ "Dacca" শব্দটির পরিবর্তে "Dhaka" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৫। **Constitution এর article 30 এর প্রতিস্থাপন।**– Constitution এর article 30 এর পরিবর্তে নিম্নরূপ article 30 প্রতিস্থাপিত হইবে, যথা :—

"30. **Prohibition of foreign titles, etc.**–No citizen shall, without the prior approval of the President, accept any title, honour, award or decoration from any foreign state."।

৬। **Constitution এর article 68 এর সংশোধন।**– Constitution এর article 68 এবং উহার উপ-শিরনামায় "salaries" শব্দটির পরিবর্তে "remuneration" প্রতিস্থাপিত হইবে।

৭। **Constitution এর article 100 এর প্রতিস্থাপন।**– Constitution এর article 100 এর পরিবর্তে নিম্নরূপ article 100 প্রতিস্থাপিত হইবে, যথা :—

"100. **Seat of Supreme Court.**–(1) Subject to this article, the permanent seat of the Supreme Court shall be in the capital.

(2) The High Court Division and the Judges thereof shall sit at the permanent seat of the Supreme Court and at the seats of its permanent Benches.

(৩) কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল, যশোহর, রংপুর এবং সিলেটে হাইকোর্ট বিভাগের একটি করিয়া স্থায়ী বেঞ্চ থাকিবে, এবং প্রধান বিচারপতি সময়ে সময়ে যেরূপ নির্ধারণ করিবেন প্রত্যেক স্থায়ী বেঞ্চের সেইরূপ বেঞ্চসমূহ থাকিবে।

(৪) প্রত্যেক স্থায়ী বেঞ্চে আসন গ্রহণের জন্য প্রধান বিচারপতি সময়ে সময়ে যেরূপ সংখ্যক হাইকোর্ট বিভাগের বিচারক মনোনয়নের প্রয়োজন বোধ করিবেন সেইরূপ সংখ্যক বিচারক লইয়া স্থায়ী বেঞ্চটি গঠিত হইবে, এবং উক্তরূপ মনোনয়নের পর মনোনীত বিচারকগণ বেঞ্চটিতে বদলী হইয়াছেন বলিয়া গণ্য হইবেন।

(৫) রাষ্ট্রপতি, প্রধান বিচারপতির সহিত পরামর্শক্রমে, যে এলাকা সম্পর্কে প্রতিটি স্থায়ী বেঞ্চের এই সংবিধান বা অন্য কোন আইনের দ্বারা হাইকোর্ট বিভাগের উপর অর্পিত বা অর্পিত হইতে পারে এইরূপ এখতিয়ার, ক্ষমতা বা দায়িত্ব থাকিবে তাহা নির্দিষ্ট করিবেন ; এবং যে এলাকা ঐভাবে নির্দিষ্ট করা হয় নাই সেই এলাকা সম্পর্কেই সুপ্রীম কোর্টের স্থায়ী আসনে আসীন হাইকোর্ট বিভাগের উক্তরূপ এখতিয়ার, ক্ষমতা ও দায়িত্ব থাকিবে।

(৬) প্রধান বিচারপতি স্থায়ী বেঞ্চগুলি সম্পর্কিত সকল আনুষঙ্গিক, সম্পূরক বা অনুবর্তী বিষয়ে বিধি প্রণয়ন করিবেন।"।

৬। সংবিধানের ১০৭ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১০৭ অনুচ্ছেদের (৩) দফায় "কোন্ বিভাগের কোন্ বেঞ্চ গঠিত হইবে" শব্দগুলির পরিবর্তে "সুপ্রীম কোর্টের কোন্ বিভাগের কোন্ বেঞ্চ গঠিত হইবে বা ১০০ অনুচ্ছেদের (৩) দফায় উল্লিখিত হাইকোর্ট বিভাগের কোন্ স্থায়ী বেঞ্চের কোন্ বেঞ্চ গঠিত হইবে" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীসমূহ প্রতিস্থাপিত হইবে।

---

(3) The High Court Division shall have a permanent Bench each at Barisal, Chittagong, Comilla, Jessore, Rangpur and Sylhet, and each permanent Bench shall have such Benches as the Chief Justice may determine from time to time.

(4) A permanent Bench shall consist of such number of Judges of the High Court Division as the Chief Justice may deem it necessary to nominate to that Bench from time to time and on such nomination the Judges shall be deemed to have been transferred to that Bench.

(5) The President shall, in consultation with the Chief Justice, assign the area in relation to which each permanent Bench shall have jurisdictions, powers and functions conferred or that may be conferred on the High Court Division by this Constitution or any other law ; and the area not so assigned shall be the area in relation to which the High Court Division sitting at the permanent seat of the Supreme Court shall have such jurisdictions, powers and functions.

(6) The Chief Justice shall make rules to provide for all incidental, supplemental or consequential matters relating to the permanent Benches." ।

৮। **Constitution এর article 103 এর সংশোধন।**– Constitution এর article 103 এর clause (2) এর sub-clause (b)তে "transportation" শব্দটির পরিবর্তে "imprisonment" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৯। **Constitution এর article 107 এর সংশোধন।**– Constitution এর article 107 এর clause (3)তে "Supreme Court" শব্দগুলির পর "or any Bench of a permanent Bench of the High Court Division referred to in clause (3) of article 100" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীসমূহ সন্নিবেশিত হইবে।

পরিশিষ্ট- ১১

সংবিধান (নবম সংশোধন) আইন, ১৯৮৯
১৯৮৯ সনের ৩৮ নং আইন

[১১ই জুলাই, ১৯৮৯]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন**।–(১) এই আইন সংবিধান (নবম সংশোধন) আইন, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ১লা মার্চ, ১৯৯১ ইংরেজী তারিখের পরবর্তী নহে এইরূপ যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন বলবৎ হইবে ঃ

তবে শর্ত থাকে যে, যদি উক্তরূপ কোন তারিখ নির্ধারিত না হয় তাহা হইলে এই আইন ১লা মার্চ, ১৯৯১ ইংরেজী তারিখে বলবৎ হইবে।

২। **সংবিধানের ৪৯ অনুচ্ছেদের সংশোধন**।–গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান (অতঃপর "সংবিধান" বলিয়া অভিহিত)-এর ৪৯ অনুচ্ছেদের "যিনি রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন" শব্দগুলির পরিবর্তে "যিনি প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে আইনানুযায়ী নির্বাচিত হইবেন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। **সংবিধানের ৫০ অনুচ্ছেদের সংশোধন**।–সংবিধানের ৫০ অনুচ্ছেদে–

(ক) উপ-শিরনামায় "রাষ্ট্রপতি নির্বাচিত হইবার এবং উপ-রাষ্ট্রপতি নিযুক্ত হইবার যোগ্যতা" শব্দগুলির পরিবর্তে "রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতি নির্বাচিত হইবার যোগ্যতা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ; এবং

(খ) "নির্বাচিত হইবার অথবা উপ-রাষ্ট্রপতি নিযুক্ত হইবার" শব্দগুলির পরিবর্তে "রাষ্ট্রপতি বা উপ-রাষ্ট্রপতি নির্বাচিত হইবার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৪। **সংবিধানের ৫১ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ৫১ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৫১ ও ৫১ক অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৫১। **রাষ্ট্রপতি পদের মেয়াদ**।–(১) এই সংবিধানের বিধানাবলী সাপেক্ষে, রাষ্ট্রপতি কার্যভার গ্রহণের তারিখ হইতে পাঁচ বৎসরের মেয়াদে তাঁহার পদে অধিষ্ঠিত থাকিবেন ঃ

তবে শর্ত থাকে যে, রাষ্ট্রপতির পদের মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও তাঁহার উত্তরাধিকারী কার্যভার গ্রহণ না করা পর্যন্ত তিনি স্বীয় পদে বহাল থাকিবেন।

APPENDIX XI

THE CONSTITUTION (NINTH AMENDMENT) ACT, 1989

১৯৮৯ সনের ৩৮ নং আইন

[১১ই জুলাই, ১৯৮৯]

An Act further to amend certain provisions of the Constitution of the Peoples Republic of Bangladesh

WHEREAS it is expedient further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh for the purposes hereinafter appearing ;

It is hereby enacted as follows :—

1. **short title and commencement.**–(1) This Act may be called the Constitution (Ninth Amendment) Act, 1989.

(2) It shall come into force on such date, not later than the first day of March, 1991, as the Government may, by notification in the official Gazette, appoint :

Provided that if no such date is appointed, the Act shall come into force on the first day of March, 1991.

2. **Amendment of article 49 of the Constitution.**–In the Constitution of the People's Republic of Bangladesh, hereinafter referred to as the Constitution, in article 49, for the words "appointed by President" the words "elected in accordance with law by direct election" shall be *substituted.*

3. **Amendment of article 50 of the Constitution.**–In the Constitution, in article 50 and the marginal heading thereof, the words "appointment as" shall be *omitted.*

4. **Substitution of article 51 of the Constitution.**–In the Constitution, for article 51 the following shall be *substituted,* namely :—

"51. **Term of office of President.**–(1) Subject to the provisions of this Constitution, the President shall hold office for a term of five years from the date on which he enters upon his office :

Provided that, notwithstanding the expiration of his term the President shall continue to hold office until his successor enters upon his office.

(২) একাধিক্রমে দুই মেয়াদের অধিক রাষ্ট্রপতির পদে কোন ব্যক্তি অধিষ্ঠিত থাকিবেন না ঃ

তবে শর্ত থাকে যে, ৫৫ অনুচ্ছেদের অধীন রাষ্ট্রপতিরূপে কার্য করিয়াছেন এমন কোন ব্যক্তির ক্ষেত্রে এই দফার কোন কিছুই প্রযোজ্য হইবে না।

(৩) উপ-রাষ্ট্রপতির উদ্দেশে স্বাক্ষরযুক্ত পত্রযোগে রাষ্ট্রপতি স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(৪) রাষ্ট্রপতি সংসদ-সদস্য নির্বাচিত হইলে, তিনি রাষ্ট্রপতি পদে বহাল থাকা পর্যন্ত অনুরূপ সংসদ-সদস্য থাকিবার যোগ্য হইবেন না।

(৫) কোন সংসদ-সদস্য রাষ্ট্রপতি নির্বাচিত হইলে, রাষ্ট্রপতিরূপে তাঁহার কার্যভার গ্রহণের দিনে সংসদে তাঁহার আসন শূন্য বলিয়া গণ্য হইবে।

৫১ক। উপ-রাষ্ট্রপতি পদের মেয়াদ।–(১) এই সংবিধানের বিধানাবলী সাপেক্ষে, উপ-রাষ্ট্রপতি কার্যভার গ্রহণের তারিখ হইতে পাঁচ বৎসরের মেয়াদে তাঁহার পদে অধিষ্ঠিত থাকিবেন ঃ

তবে শর্ত থাকে যে, যদি রাষ্ট্রপতি এবং উপ-রাষ্ট্রপতি কোন কারণবশতঃ একই তারিখে তাঁহাদের কার্যভার গ্রহণ না করেন তাহা হইলে রাষ্ট্রপতির পদের মেয়াদ যে তারিখে শেষ হইবে সেই তারিখে উপ-রাষ্ট্রপতির পদের মেয়াদও শেষ হইবে ঃ

তবে আরও শর্ত থাকে যে, উপ-রাষ্ট্রপতির মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও তাঁহার উত্তরাধিকারী কার্যভার গ্রহণ না করা পর্যন্ত তিনি স্বীয় পদে বহাল থাকিবেন।

(২) একাধিক্রমে দুই মেয়াদের অধিক উপ-রাষ্ট্রপতির পদে কোন ব্যক্তি অধিষ্ঠিত থাকিবেন না ঃ

তবে শর্ত থাকে যে, ৫৫ক অনুচ্ছেদের অধীন উপ-রাষ্ট্রপতির পদে অধিষ্ঠিত ছিলেন এমন কোন ব্যক্তির ক্ষেত্রে এই দফার কোন কিছুই প্রযোজ্য হইবে না।

(৩) রাষ্ট্রপতির উদ্দেশে স্বাক্ষরযুক্ত পত্রযোগে উপ-রাষ্ট্রপতি স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(৪) উপ-রাষ্ট্রপতি সংসদ-সদস্য নির্বাচিত হইলে, তিনি উপ-রাষ্ট্রপতি পদে বহাল থাকা পর্যন্ত অনুরূপ সংসদ-সদস্য থাকিবার যোগ্য হইবেন না।

(৫) কোন সংসদ-সদস্য উপ-রাষ্ট্রপতি নির্বাচিত হইলে, উপ-রাষ্ট্রপতিরূপে তাঁহার কার্যভার গ্রহণের দিনে সংসদে তাঁহার আসন শূন্য বলিয়া গণ্য হইবে।"।

৫। সংবিধানের ৫৩ অনুচ্ছেদের সংশোধন।–সংবিধানের ৫৩ অনুচ্ছেদে–

(ক) উপ-শিরনামায় "রাষ্ট্রপতির অভিশংসন" শব্দগুলির পরিবর্তে "রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতির অভিশংসন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(2) No person shall hold office as President for more than two terms consecutively :

Provided that nothing in this clause shall apply to a person who has acted as President under article 55.

(3) The President may resign his office by writing under his hand addressed to the Vice-President.

(4) If the President is elected as a member of Parliament, he shall not be qualified to be such member until he ceases to hold office as President.

(5) If a member of Parliament is elected as President, he shall be deemed to have vacated his seat in Parliament on the date on which he enters upon his office as President.

51A. **Term of office of Vice-President.**–(1) Subject to the provisions of this Constitution, the Vice-President shall hold office for a term of five years from the date on which he enters upon his office :

Provided that if the President and Vice-President have not entered office on the same date for any reason, the term of office of the Vice-President shall expire on the date on which the term of office of the President expires :

Provided further that, notwithstanding the expiration of his term, the Vice-President shall continue to hold office until his successor enters upon his office.

(2) No person shall hold office as Vice-President for more than two terms consecutively :

Provided that nothing in this clause shall apply to a person who has held the office of Vice-President under article 55A.

(3) The Vice-President may resign his office by writing under his hand addressed to the President.

(4) If the Vice-President is elected as a member of Parliament, he shall not be qualified to be such member until he ceases to hold office as Vice-President.

(5) If a member of Parliament is elected as Vice-President, he shall be deemed to have vacated his seat in Parliament on the date on which he enters upon his office as Vice-President.".

5. **Amendment of article 53 of the Constitution.**–In the Constitution, in article 53,–

(a) in the marginal heading, after the word "President", the words "and Vice-President" shall be *inserted* ;

(খ) (১) দফায় "রাষ্ট্রপতিকে" শব্দটির পরিবর্তে "রাষ্ট্রপতি বা উপ-রাষ্ট্রপতিকে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(গ) (২), (৩) ও (৪) দফায় "রাষ্ট্রপতির" শব্দটি, যেখানেই উল্লিখিত হউক না কেন, এর পরিবর্তে "রাষ্ট্রপতি বা ক্ষেত্রমত উপ-রাষ্ট্রপতির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। **সংবিধানের ৫৪ অনুচ্ছেদের সংশোধন।**—সংবিধানের ৫৪ অনুচ্ছেদে—

(ক) উপ-শিরনামায় "অসামর্থ্যের কারণে রাষ্ট্রপতির অপসারণ" শব্দগুলির পরিবর্তে "অসামর্থ্যের কারণে রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতির অপসারণ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) (১) দফায় "রাষ্ট্রপতিকে" শব্দটির পরিবর্তে "রাষ্ট্রপতি বা উপ-রাষ্ট্রপতিকে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(গ) (২) দফায় "রাষ্ট্রপতির" শব্দটির পরিবর্তে "রাষ্ট্রপতি বা ক্ষেত্রমত উপ-রাষ্ট্রপতির" শব্দগুলি এবং "রাষ্ট্রপতি" শব্দটির পরিবর্তে "রাষ্ট্রপতি বা ক্ষেত্রমত উপ-রাষ্ট্রপতি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ঘ) (৪) দফায় "রাষ্ট্রপতির" শব্দটির পরিবর্তে "রাষ্ট্রপতি বা ক্ষেত্রমত উপ-রাষ্ট্রপতির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ঙ) (৫) দফায় "রাষ্ট্রপতি" শব্দটির পরিবর্তে "রাষ্ট্রপতি বা ক্ষেত্রমত উপ-রাষ্ট্রপতি" শব্দগুলি এবং "রাষ্ট্রপতির" শব্দটির পরিবর্তে "রাষ্ট্রপতি বা ক্ষেত্রমত উপ-রাষ্ট্রপতির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(চ) (৬) দফায় "রাষ্ট্রপতি" শব্দটির পরিবর্তে "রাষ্ট্রপতি বা ক্ষেত্রমত উপ-রাষ্ট্রপতি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ছ) (৭) দফায় "রাষ্ট্রপতির" শব্দটির পরিবর্তে "রাষ্ট্রপতি বা ক্ষেত্রমত উপ-রাষ্ট্রপতির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। **সংবিধানে নূতন ৫৫ক অনুচ্ছেদের সন্নিবেশ।**—সংবিধানের ৫৫ অনুচ্ছেদের পর নিম্নরূপ নূতন ৫৫ক অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথা :—

"৫৫ক। **উপ-রাষ্ট্রপতি পদের মেয়াদ-মধ্যবর্তী শূন্যতা।**—(১) মৃত্যু, পদত্যাগ, অভিশংসন বা অপসারণের কারণে উপ-রাষ্ট্রপতির পদ শূন্য হইলে, রাষ্ট্রপতি উপ-রাষ্ট্রপতি পদে নির্বাচিত হইবার যোগ্য কোন ব্যক্তিকে উপ-রাষ্ট্রপতিরূপে নিযুক্ত করিবেন, যিনি তাঁহার নিয়োগ সংসদের মোট সদস্য সংখ্যার সংখ্যাগরিষ্ঠ ভোটে অনুমোদিত হওয়ার পর কার্যভার গ্রহণ করিবেন এবং শূন্য পদে নির্বাচিত উপ-রাষ্ট্রপতি কার্যভার গ্রহণ না করা পর্যন্ত উপ-রাষ্ট্রপতি পদে অধিষ্ঠিত থাকিবেন।

(২) সংসদে উত্থাপনের নব্বই দিনের মধ্যে যদি উপ-রাষ্ট্রপতির নিয়োগ সংসদ কর্তৃক অনুমোদিত বা প্রত্যাখ্যাত না হয়, তাহা হইলে উক্ত নিয়োগ সংসদ কর্তৃক অনুমোদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং নিয়োগপ্রাপ্ত ব্যক্তি তাঁহার কার্যভার গ্রহণ করিবেন।"।

(b) in clause (1), after the word "President", the words "or a Vice-President" shall be *inserted* ; and

(c) in clauses (2), (3) and (4), after the word "President", wherever occurring, the words and commas "or the Vice-President, as the case may be," shall be *inserted*.

6. **Amendment of article 54 of the Constitution.**–In the Constitution, in article 54,–

(a) in the marginal heading, after the word "President", the words "and Vice-President" shall be *inserted* ;

(b) in clause (1), after the word "President", the words "or a Vice-President" shall be *inserted* ; and

(c) in clauses (2), (4), (5), (6) and (7), after the word "President", wherever occurring, the words and commas "or the Vice-President, as the case may be," shall be *inserted*.

7. **Amendment of article 55 of the Constitution.**–In the Constitution, in article 55, in clause (2), the words "or Vice-President appointed" shall be *omitted*.

8. **Insertion of new article 55A in the Constitution.**–In the Constitution, after article 55, the following new article shall be *inserted* namely :–

"55A. **Vacancy during term of Vice-President.**–(1) If a vacancy occurs in the office of Vice-President by reason of his death, resignation, impeachment or removal, the President shall appoint a person qualified for election as Vice-President to be Vice-President who shall take office upon confirmation by the votes of a majority of the total number of members of Parliament and shall hold the office of Vice-President until a Vice-President elected to fill such vacancy enters upon his office.

(2) If the appointment of the Vice-President is neither confirmed nor refused confirmation by Parliament within ninety days of the submission of the appointment before Parliament, the person appointed shall take office as if his appointment had been confirmed by Parliament.".

৮। সংবিধানের ৭২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৭২ অনুচ্ছেদের (৪) দফার পর নিম্নরূপ নূতন (৪ক) দফা সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(৪ক) সংসদ ভাঙ্গিয়া যাওয়া বা অধিবেশনরত না থাকা অবস্থায় ৫৫ অনুচ্ছেদের (৩) দফায় উল্লিখিত কোন পরিস্থিতির উদ্ভব হইলে, উক্ত পরিস্থিতি উদ্ভব হওয়ার তারিখের অব্যবহিত পরের দিন মধ্যাহ্নে সংসদ ভবনে উক্ত সংসদ, এই সংবিধানে যাহা কিছুই থাকুক না কেন, স্বতঃই আহুত হইয়া অধিবেশনে মিলিত হইবে এবং রাষ্ট্রপতির দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় বিধান প্রণয়ন করার পর উহা পূর্বের ন্যায় স্বতঃই ভাঙ্গিয়া যাওয়া বা অধিবেশনরত না থাকা অবস্থায় ফিরিয়া যাইবে।"।

৯। সংবিধানের ১১৯ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১১৯ অনুচ্ছেদের "রাষ্ট্রপতি পদের" শব্দটি, যেখানেই উল্লিখিত হউক না কেন, এর পরিবর্তে "রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতি পদের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১০। সংবিধানের ১২২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১২২ অনুচ্ছেদের "রাষ্ট্রপতি পদের" শব্দটি, যেখানেই উল্লিখিত হউক না কেন, এর পরিবর্তে "রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতি পদের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১১। সংবিধানের ১২৩ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১২৩ অনুচ্ছেদের (১) ও (২) দফার পরিবর্তে নিম্নরূপ দফাগুলি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(১) রাষ্ট্রপতি এবং উপ-রাষ্ট্রপতি পদের জন্য নির্বাচন একই সংগে এবং একই সময়ে অনুষ্ঠিত হইবে।

(২) রাষ্ট্রপতি পদের মেয়াদ শেষ হওয়ার কারণে অথবা মৃত্যু, পদত্যাগ, অভিশংসন বা অপসারণের কারণে রাষ্ট্রপতির পদ শূন্য হইলে, মেয়াদ শেষ হওয়ার তারিখের একশত আশি দিন পূর্বে অথবা উক্তরূপ মৃত্যু, পদত্যাগ, অভিশংসন বা অপসারণ না হইলে মেয়াদ যে তারিখে শেষ হইত সেই তারিখের একশত আশি দিন পূর্বে রাষ্ট্রপতির শূন্য পদটি পূরণের জন্য নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(২ক) উপ-রাষ্ট্রপতি পদের মেয়াদ শেষ হওয়ার কারণে অথবা মৃত্যু, পদত্যাগ, অভিশংসন বা অপসারণের কারণে উপ-রাষ্ট্রপতির পদ শূন্য হইলে, রাষ্ট্রপতির শূন্য পদ পূরণের জন্য (২) দফার অধীন যে তারিখে নির্বাচন অনুষ্ঠিত হইবে সেই তারিখে উপ-রাষ্ট্রপতির শূন্য পদ পূরণের জন্য নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(২খ) মৃত্যু, পদত্যাগ, অভিশংসন বা অপসারণের কারণে রাষ্ট্রপতি এবং উপ-রাষ্ট্রপতি এই উভয় পদ শূন্য হইলে পদ দুইটির মধ্যে যেইটি শেষে শূন্য হয় সেই পদটি শূন্য হইবার পর একশত আশি দিনের মধ্যে পদ দুইটি পূরণের জন্য নির্বাচন অনুষ্ঠিত হইবে।"।

১২। সংবিধানের ১২৪ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১২৪ অনুচ্ছেদের (ঘ) দফায় "রাষ্ট্রপতি-পদের" শব্দটির পরিবর্তে "রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতি পদের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

9. **Amendment of article 72 of the Constitution.**–In the Constitution, in article 72, after clause (4), the following new clause shall be *inserted*, namely :–

"(4A) If any contingency as mentioned in clause (3) of article 55 arises at any time when Parliament stands dissolved or is not in session, it shall, notwithstanding anything contained in this Constitution, stand summoned to meet at the Parliament House at noon on the day following the day on which such contingency arises, and the Parliament so summoned to meet shall stand prorogued or dissolved as before, as the case may be, after it has made necessary provisions for the discharge of the functions of the President.".

10. **Amendment of article 119 of the Constitution.**–In the Constitution, in article 119, for the words "office of President", wherever occurring, the words "offices of President and Vice-President" shall be *substituted*.

11. **Amendment of article 122 of the Constitution.**–In the Constitution, in article 122, for the words "office of President", wherever occurring, the words "offices of President and Vice-President" shall be *substituted*.

12. **Amendment of article 123 of the Constitution.**–In the Constitution, in article 123, for clauses (1) and (2) the following shall be *substituted*, namely :–

"(1) The elections to the offices of President and Vice-President shall be held simultaneously and at the same time.

(2) An election to fill a vacancy in the office of President occurring by reason of the expiration of his term or by reason of his death, resignation, impeachment or removal shall be held within the period of one hundred and eighty days prior to the date on which his term shall expire or his term would have expired if there were no such death, resignation, impeachment or removal.

(2A) An election to fill a vacancy in the office of Vice-President occurring by reason of the expiration of his term or by reason of his death, resignation, impeachment or removal shall be held on the date on which the election to fill the vacancy in the office of President shall be held under clause (2).

(2B) If both the offices of President and Vice-President have fallen vacant by reason of their death, resignation, impeachment or removal, the elections to fill the vacancies shall be held within the period of one hundred and eighty days after the occurrence of the last of the two vacancies.".

13. **Amendment of article 124 of the Constitution.**–In the Constitution, in article 124, for the words "office of President", wherever occurring, the words "offices of President and Vice-President" shall be *substituted*.

14. **Amendment of article 125 of the Constitution.**–In the Constitution, in article 125, in clause (b), for the words "office of President" the words "offices of President and Vice-President" shall be *substituted*.

১৩। সংবিধানের ১২৫ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১২৫ অনুচ্ছেদের (খ) দফায় "রাষ্ট্রপতি-পদে" শব্দটির পরিবর্তে "রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতি পদে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১৪। সংবিধানের ১৪৮ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪৮ অনুচ্ছেদের (১) দফার পর নিম্নরূপ নূতন (১ক) দফা সন্নিবেশিত হইবে, যথা :–

"(১ক) রাষ্ট্রপতি-পদে নির্বাচিত ব্যক্তি এবং উপ-রাষ্ট্রপতি পদে নির্বাচিত ব্যক্তি একই তারিখে, এবং রাষ্ট্রপতি-পদে নির্বাচিত ব্যক্তি প্রথম শপথ গ্রহণ করিবেন :

তবে শর্ত থাকে যে, যদি কোন কারণে উভয় ব্যক্তি একই তারিখে শপথ গ্রহণ করিতে না পারেন, তাহা হইলে রাষ্ট্রপতি-পদে নির্বাচিত ব্যক্তি প্রথম তারিখে শপথ গ্রহণ করিবেন।"।

১৫। সংবিধানের ১৫২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৫২ অনুচ্ছেদের (১) দফায় "উপ-দফা" কথাটির ব্যাখ্যার পর নিম্নরূপ নূতন ব্যাখ্যা সন্নিবেশিত হইবে, যথা :–

"উপ-রাষ্ট্রপতি" অর্থ এই সংবিধানের অধীন নির্বাচিত বা নিযুক্ত বাংলাদেশের উপ-রাষ্ট্রপতি ;"।

১৬। সংবিধানের চতুর্থ তফসিলের সংশোধন।—সংবিধানের চতুর্থ তফসিলে, ১৯ অনুচ্ছেদের পর নিম্নবর্ণিত নূতন ২০ অনুচ্ছেদ সংযোজিত হইবে, যথা :–

"২০। উপ-রাষ্ট্রপতি সম্পর্কিত বিধান।–(১) সংবিধান (নবম সংশোধন) আইন, ১৯৮৯ প্রবর্তনের অব্যবহিত পূর্বে যিনি উপ-রাষ্ট্রপতির পদে অধিষ্ঠিত ছিলেন তিনি উক্ত পদে বহাল থাকিবেন এবং উক্ত উপ-রাষ্ট্রপতি পদের মেয়াদ উক্ত প্রবর্তনের অব্যবহিত পূর্বে যিনি রাষ্ট্রপতির পদে অধিষ্ঠিত ছিলেন তাহার পদের মেয়াদ যে তারিখে শেষ হয় সেই তারিখে শেষ হইবে।

(২) সংবিধান (নবম সংশোধন) আইন, ১৯৮৯ প্রবর্তনের সময় উপ-রাষ্ট্রপতির পদ শূন্য থাকিলে রাষ্ট্রপতি ৫৫ক অনুচ্ছেদের অধীন একজন উপ-রাষ্ট্রপতি নিযুক্ত করিবেন এবং উক্ত উপ-রাষ্ট্রপতির পদের মেয়াদ তিনি যে রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইয়াছিলেন সেই রাষ্ট্রপতির পদের মেয়াদ যে তারিখে শেষ হয় সেই তারিখে শেষ হইবে।"।

---

15. **Amendment of article 148 of the Constitution.**–In the Constitution, in article 148, after clause (1), the following new clause shall be *inserted*, namely :–

"(1A) A person elected to the office of President and a person elected to the office of Vice-President shall make the oath on the same date, the person elected to the office of President making the oath first :

Provided that if for any reason both the persons cannot make the oath on the same date, the person elected to the office of President shall make the oath on the first date and the person elected to the office of Vice-President on the next date.".

16. **Amendment of article 152 of the Constitution.**–In the Constitution, in article 152, in clause (1), for the full-stop at the end a semi-colon shall be *substituted* and thereafter the following shall be *added*, namely :–

"the Vice-President" means the Vice-President of Bangladesh elected or appointed under this Constitution.".

17. **Amendment of Fourth Schedule to the Constitution.**–In the Constitution, in the Fourth Schedule, after paragraph 19, the following new paragraph 20 shall be *added*, namely :–

"20. **Provisions relating to Vice-President.**–(1) The person holding office as Vice-President immediately before the commencement of the Constitution (Ninth Amendment) Act, 1989, shall continue to hold such office and the term of office of such Vice-President shall expire on the date on which the term of office of the person holding office as President immediately before such commencement expires.

(2) If there is a vacancy in the office of Vice-President at the time of commencement of the Constitution (Ninth Amendment) Act, 1989, a Vice-President shall be appointed by the President under article 55A and the term of office of such Vice-President shall expire on the date on which the term of office of the President who appointed him expires.".

পরিশিষ্ট ১২

সংবিধান (দশম সংশোধন) আইন, ১৯৯০

১৯৯০ সনের ৩৮নং আইন

[২৩শে জুন, ১৯৯০]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ–

১। **সংক্ষিপ্ত শিরনামা**।–এই আইন সংবিধান (দশম সংশোধন) আইন, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। **সংবিধানের ৬৫ অনুচ্ছেদের সংশোধন**।–গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান (অতঃপর সংবিধান বলিয়া উল্লিখিত) এর ৬৫ অনুচ্ছেদের (৩) দফার পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"(৩) সংবিধান (দশম সংশোধন) আইন, ১৯৯০ প্রবর্তনকালে বিদ্যমান সংসদের অব্যবহিত পরবর্তী সংসদের প্রথম বৈঠকের তারিখ হইতে শুরু করিয়া দশ বৎসরকাল অতিবাহিত হইবার অব্যবহিত পরবর্তীকালে সংসদ ভাংগিয়া না যাওয়া পর্যন্ত ত্রিশটি আসন কেবল মহিলা-সদস্যদের জন্য সংরক্ষিত থাকিবে এবং তাঁহারা আইনানুযায়ী পূর্বোক্ত সদস্যদের দ্বারা নির্বাচিত হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, এই দফার কোন কিছুই এই অনুচ্ছেদের (২) দফার অধীন কোন আসনে কোন মহিলার নির্বাচন নিবৃত্ত করিবে না।"।

৩। **সংবিধানের ১২৩ অনুচ্ছেদের সংশোধন**।–সংবিধানের ১২৩ অনুচ্ছেদের (২) দফায় "তারিখের একশত আশি দিন পূর্বে ", দুই স্থানে উল্লিখিত, শব্দগুলির পরিবর্তে "তারিখের পূর্বে একশত আশি দিনের মধ্যে" শব্দগুলি উভয় স্থানে প্রতিস্থাপিত হইবে।

APPENDIX XII

THE CONSTITUTION (TENTH AMENDMENT) ACT, 1990

১৯৯০ সনের ৩৮নং আইন

[২৩শে জুন, ১৯৯০]

An act further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh

WHEREAS it is expedient further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh for the purposes hereinafter appearing ;

It is hereby enacted as follows :–

1. **Short title.**–This Act may be called the Constitution (Tenth Amendment) Act, 1990.

2. **Amendment of Article 65 of the Constitution.**–In the Constitution of the People's Republic of Bangladesh, in article 65, *for* clause (3) the following shall be *substituted*, namely :–

"(3) Until the dissolution of Parliament occurring next after the expiration of the period of ten years beginning from the date of the first meeting of the Parliament next after the Parliament in existence at the time of commencement of the Constitution (Tenth Amendment) Act, 1990, there shall be reserved thirty seats exclusively for women members, who shall be elected according to law by the members aforesaid :

Provided that nothing in this clause shall prevent a woman from being elected to any of the seats provided for in clause (2).".

পরিশিষ্ট ১৩

সংবিধান (একাদশ সংশোধন) আইন, ১৯৯১
১৯৯১ সনের ২৪ নং আইন

[১০ই আগষ্ট, ১৯৯১]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিল সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু অবৈধ ও অগণতান্ত্রিক সরকার অপসারণ করিয়া একটি নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীন সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার লক্ষ্যে দেশব্যাপী দুর্বার গণ-আন্দোলনের মুখে তৎকালীন রাষ্ট্রপতি পদত্যাগের সিদ্ধান্ত গ্রহণ করিতে বাধ্য হন ;

এবং যেহেতু দলমত-নির্বিশেষে ছাত্র-কৃষক-শ্রমিক-কর্মচারী, পেশাজীবি সংগঠন, প্রধান রাজনৈতিক জোট ও দল ও সর্বস্তরের জনগণের ঐতিহাসিক বিজয়ের পর তিনটি প্রধান রাজনৈতিক জোট ও দল ও প্রধান বিচারপতি জনাব সাহাবুদ্দীন আহ্‌মদকে নির্দলীয় ও নিরপেক্ষ সরকারের প্রধান হিসাবে দায়িত্ব গ্রহণের আহ্বান জানান ;

এবং যেহেতু তদানীন্তন উপ-রাষ্ট্রপতির পদত্যাগের ফলে সৃষ্ট শূন্য পদে তৎকালীন রাষ্ট্রপতি প্রধান বিচারপতি জনাব সাহাবুদ্দীন আহ্‌মদকে উপ-রাষ্ট্রপতি নিয়োগ প্রদান করিয়া তাঁহার নিকট রাষ্ট্রপতি পদত্যাগ করেন ;

এবং যেহেতু গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত সাময়িকভাবে সরকার পরিচালনার পর প্রধান বিচারপতি হিসাবে স্বীয় পদে প্রত্যাবর্তন করিতে পারিবেন এই মর্মে দেশের তিনটি প্রধান রাজনৈতিক জোটের ও দলের দ্ব্যর্থহীন প্রতিশ্রুতিতে সাড়া দিয়া প্রধান বিচারপতি গণতন্ত্র পুনরুদ্ধারের মহতী উদ্দেশ্যে ১৩৯৭ বঙ্গাব্দের ২১শে অগ্রহায়ণ মোতাবেক ১৯৯০ সালের ৬ই ডিসেম্বর তারিখে অস্থায়ী রাষ্ট্রপতি হিসাবে নিরপেক্ষ সরকার পরিচালনার গুরুদায়িত্ব গ্রহণ করেন ;

এবং যেহেতু প্রধান বিচারপতি জনাব সাহাবুদ্দীন আহ্‌মদের উপ-রাষ্ট্রপতি তথা অস্থায়ী রাষ্ট্রপতি হিসাবে রাষ্ট্রপতির ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পরিচালনাকালে দেশে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে গণ-প্রতিনিধিদের লইয়া জাতীয় সংসদ ও জনগণের সরকার গঠিত হইয়াছে ;

এবং যেহেতু উপ-রাষ্ট্রপতি হিসাবে প্রধান বিচারপতি জনাব সাহাবুদ্দীন আহ্‌মদের নিয়োগ, রাষ্ট্রপতির যাবতীয় ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন এবং তৎকর্তৃক প্রণীত সকল আইন ও অধ্যাদেশ এবং কৃত ও গৃহীত সকল কাজকর্ম ও ব্যবস্থা অনুমোদন ও সমর্থনের উদ্দেশ্যে এবং জনগণ ও প্রধান রাজনৈতিক জোট ও দলগুলির প্রতিশ্রুতি মোতাবেক প্রধান বিচারপতি পদে তাঁহার প্রত্যাবর্তন সম্পর্কে বিধান করার লক্ষ্যে সংবিধানের সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

APPENDIX XIII

THE CONSTITUTION (ELEVENTH AMENDMENT) ACT, 1991

১৯৯১ সনের ২৪ নং আইন

[১০ই আগষ্ট, ১৯৯১]

An act further to amend the Fourth Schedule to the Constitution of the People's Republic of Bangladesh

WHEREAS in the face of the country-wide popular upsurge for overthrowing the illegal and undemocratic government and giving democracy an institutional shape the then President was compelled to tender resignation ;

AND WHEREAS after the historic success of the students, peasants, workers, employees, the people in general, the Main Political Alliances and parties and all professional organisation, regardless of their political affiliation, belief and leanings, the three Main Political Alliances and parties made an ardent call to the Chief Justice of Bangladesh, Mr. Justice Shahabuddin Ahmed to take the reins of a neutral and impartial government as its head ;

AND WHEREAS the then President appointed Chief Justice Mr. Shahabuddin Ahmed as Vice-President in the vacancy caused by the resignation of the then Vice-President and tendered his resignation to him ;

AND WHEREAS upon a positive assurance of the three Main Political Alliances and parties of the country to the effect that after having run the government temporarily till the establishment of an elected democratic government through a free, fair, and impartial election to Parliament he would be eligible to return to the office of the Chief Justice of Bangladesh and with the noble purposes of restoring democracy the Chief Justice, on the 21st day of Agrahayan, 1397 B. S. corresponding to the 6th day of December, 1990, assumed the onerous responsibility of running an impartial government as Acting President ;

AND WHEREAS during the period in which Chief Justice Mr Shahabuddin Ahmed exercised the powers and performed the functions of the President in his capacity as Vice-President, a Parliament comprising people's representatives and a people's government have been established through a free, fair and impartial election ;

AND WHEREAS it is expedient to make provisions for ratification and confirmation of the appointment of Chief Justice Mr Shahabuddin Ahmed as Vice-President, the exercise and performance by him of all powers and functions of the President acting as such and all laws and Ordinances made by him and acts and things done and all actions taken by him in that capacity and for his return to the office of the Chief Justice of Bangladesh in accordance with the assurances of the people and the Main Political Alliances and parties.

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ–

১। **সংক্ষিপ্ত শিরনামা**।–এই আইন সংবিধান (একাদশ সংশোধন) আইন, ১৯৯১ নামে অভিহিত হইবে।

২। **সংবিধানের চতুর্থ তফসিলের সংশোধন**।–গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ২০ অনুচ্ছেদের পর নিম্নরূপ নূতন ২১ অনুচ্ছেদ সংযোজিত হইবে, যথা ঃ–

"২১। **উপ-রাষ্ট্রপতির নিয়োগ অনুমোদন ও সমর্থন ইত্যাদি**।–(১) ১৩৯৭ বঙ্গাব্দের ২১শে অগ্রহায়ণ মোতাবেক ১৯৯০ সালের ৬ই ডিসেম্বর তারিখে তদানীন্তন রাষ্ট্রপতি কর্তৃক উপ-রাষ্ট্রপতি হিসাবে বাংলাদেশের প্রধান বিচারপতিকে নিয়োগ ও শপথ প্রদান এবং তাহার নিকট পদত্যাগ প্রদান এবং ১৩৯৭ বঙ্গাব্দের ২১শে অগ্রহায়ণ মোতাবেক ১৯৯০ সালের ৬ই ডিসেম্বর হইতে সংবিধান (একাদশ সংশোধন) আইন, ১৯৯১ (আইন নং ২৪, ১৯৯১)-এর প্রবর্তনের তারিখের (উভয় দিনসহ) মধ্যে বা ২১(২) অনুচ্ছেদ অনুযায়ী নূতন রাষ্ট্রপতি নির্বাচিত হইয়া কার্যভার গ্রহণ করা পর্যন্ত সময়কালের মধ্যে (যাহাই পরে হউক) উক্ত উপ-রাষ্ট্রপতি কর্তৃক অস্থায়ী রাষ্ট্রপতি হিসাবে প্রয়োগকৃত সকল ক্ষমতা, প্রণীত সকল আইন ও অধ্যাদেশ এবং প্রদত্ত, কৃত ও গৃহীত অথবা প্রদত্ত, কৃত ও গৃহীত বলিয়া বিবেচিত সকল আদেশ, সকল কাজকর্ম এবং সকল ব্যবস্থা এতদ্বারা অনুমোদিত ও সমর্থিত হইল এবং আইনানুযায়ী যথার্থভাবে প্রণীত, প্রদত্ত, কৃত ও গৃহীত হইয়াছে বলিয়া ঘোষিত হইল।

(২) সংবিধান (একাদশ সংশোধন) আইন, ১৯৯১ (আইন নং ২৪, ১৯৯১) প্রবর্তনের পর এবং সংবিধান মোতাবেক নূতন রাষ্ট্রপতি নির্বাচিত হইয়া কার্যভার গ্রহণের পর উক্ত উপ-রাষ্ট্রপতি বাংলাদেশের প্রধান বিচারপতির কার্যভার ও দায়িত্ব গ্রহণ করিতে পারিবেন এবং ১৩৯৭ বঙ্গাব্দের ২১শে অগ্রহায়ণ মোতাবেক ১৯৯০ সালের ৬ই ডিসেম্বর হইতে তাঁহার উক্ত কার্যভার ও দায়িত্ব গ্রহণের তারিখের মধ্যবর্তী সময় Supreme Court Judges (Leave, Pension and Privileges) Ordinance, 1982 (Ordinance No. XX of 1982) এর section 2(a) এর উদ্দেশ্য সাধনকল্পে প্রকৃত কর্ম (actual service) বলিয়া গণ্য হইবে।"।

It is hereby enacted as follows :–

1. **Short title.**–This Act may by called the Constitution (Eleventh Amendment) Act, 1991.

2. **Amendment of the Fourth Schedule to the Constitution.**–In the Constitution, in the Fourth Schedule, after paragraph 20, the following new paragraph 21 shall be added, namely :–

"21. **Ratification and confirmation of the appointment of Vice-President, etc.**–(1) The appointment of, and the administration of oath to the Chief Justice of Bangladesh as Vice-President on the 21st day of Agrahayan, 1397 B.S. corresponding to the 6th day of December, 1990, and the resignation tendered to him by the then President and all powers exercised, all laws and Ordinances made and all orders made, acts and things done, and actions taken, or purported to have been made, done or taken by the said Vice President acting as President during the period between the 21st day of Agrahayan, 1397 B. S. corresponding to the 6th day of December, 1990, and the date of commencement of the Constitution (Eleventh Amendment) Act, 1991 (Act No. XXIV of 1991) (both days inclusive) or till the new President elected under article 48(1) of the Constitution has entered upon his office (whichever is later), are hereby ratified and confirmed and declared to have been validly made, administered, tendered, exercised, done and taken according to law.

(2) The said Vice-President shall, after the commencement of the Constitution (Eleventh Amendment) Act, 1991 (Act No. XXIV of 1991), and after the new President elected under this Constitution has entered upon his office, be eligible to resume the duties and responsibilities of the Chief Justice of Bangladesh and the period between the 21st day of Agrahayan, 1397 B. S. corresponding to the 6th day of December, 1990 and the date of which he resumes such duties and responsibilities shall be deemed to be the period of actual service within the meaning of section 2(a) of the Supreme Court Judges (Leave, Pension and Privileges) Ordinance, 1982 (Ordinance No. XX of 1982).".

পরিশিষ্ট ১৪

সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১
১৯৯১ সনের ২৮ নং আইন

[১৮ই সেপ্টেম্বর, ১৯৯১]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।–(১) এই আইন সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ নামে অভিহিত হইবে।

(২) এই আইনের সকল বিধান, ধারা ১৪(খ)-এর বিধানসমূহ ব্যতীত, অবিলম্বে বলবৎ হইবে এবং ধারা ১৪(খ)-এর বিধানসমূহ ১লা চৈত্র, ১৩৯৭ মোতাবেক ১৯৯১ সালের ১৬ই মার্চ তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংবিধানের ১১ অনুচ্ছেদের সংশোধন।– গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান (অতঃপর সংবিধান বলিয়া অভিহিত)-এর ১১ অনুচ্ছেদের "নিশ্চিত হইবে" শব্দগুলির পর "এবং প্রশাসনের সকল পর্যায়ে নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে জনগণের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত হইবে" শব্দগুলি সন্নিবেশিত হইবে।

৩। সংবিধানের চতুর্থ ভাগের সংশোধন।–সংবিধানের চতুর্থ ভাগে ১ম ও ২য় পরিচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১ম, ২য় ও ৩য় পরিচ্ছেদগুলি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"১ম পরিচ্ছেদ–রাষ্ট্রপতি

৪৮। রাষ্ট্রপতি।–(১) বাংলাদেশের একজন রাষ্ট্রপতি থাকিবেন, যিনি আইন অনুযায়ী সংসদ-সদস্যগণ কর্তৃক নির্বাচিত হইবেন।

(২) রাষ্ট্রপ্রধানরূপে রাষ্ট্রপতি রাষ্ট্রের অন্য সকল ব্যক্তির উর্ধ্বে স্থান লাভ করিবেন এবং এই সংবিধান ও অন্য কোন আইনের দ্বারা তাঁহাকে প্রদত্ত ও তাঁহার উপর অর্পিত সকল ক্ষমতা প্রয়োগ ও কর্তব্য পালন করিবেন।

(৩) এই সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (৩) দফা অনুসারে কেবল প্রধানমন্ত্রী ও ৯৫ অনুচ্ছেদের (১) দফা অনুসারে প্রধান বিচারপতি নিয়োগের ক্ষেত্র ব্যতীত রাষ্ট্রপতি তাঁহার অন্য সকল দায়িত্ব পালনে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কার্য করিবেন ঃ

APPENDIX XIV

THE CONSTITUTION (TWELFTH AMENDMENT) ACT, 1991

১৯৯১ সনের ২৮ নং আইন

[১৮ই সেপ্টেম্বর, ১৯৯১]

An Act further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh.

WHEREAS it is expedient further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh for the purposes hereinafter appearing ;

It is hereby enacted as follows :–

1. **Short title and commencement.**– (1) This Act may by called the Constitution (Twelfth Amendment) Act, 1991.

(2) The provisions of this Act, except the provisions of section 14(b), shall come into force at once and the provisions of section 14(b) shall be deemed to have come into force on the 1st day of Chaitra, 1397 corresponding to the 16th day of March, 1991.

2. **Amendment of Article 11 of the Constitution.**—In the Constitution of the People's Republic of Bangladesh, hereinafter referred to as the Constitution, in article 11, after the word "guaranteed" the comma and words ", and in which effective participation by the people through their elected representatives in administration at all levels shall be ensured" shall be inserted.

3. **Amendment of Part IV of the Constitution.**— In the Constitution in Part IV, for Chapters I and II the following Chapters I, II and III shall be substituted, namely :—

"CHAPTER I—THE PRESIDENT

48. **The President.**—(1) There shall be a President of Bangladesh who shall be elected by members of Parliament in accordance with law.

(2) The President shall, as Head of State, take precedence over all other persons in the State, and shall exercise the powers and perform the duties conferred and imposed on him by this Constitution and by any other law.

(3) In the exercise of all his functions, save only that of appointing the Prime Minister pursuant to clause (3) of article 56 and the Chief Justice pursuant to clause (1) of article 95, the President shall act in accordance with the advice of the Prime Minister :

তবে শর্ত থাকে যে, প্রধানমন্ত্রী রাষ্ট্রপতিকে আদৌ কোন পরামর্শ দান করিয়াছেন কি না এবং করিয়া থাকিলে কি পরামর্শ দান করিয়াছেন, কোন আদালত সেই সম্পর্কে কোন প্রশ্নের তদন্ত করিতে পারিবেন না।

(৪) কোন ব্যক্তি রাষ্ট্রপতি নির্বাচিত হইবার যোগ্য হইবেন না, যদি তিনি—

(ক) পঁয়ত্রিশ বৎসরের কম বয়স্ক হন ; অথবা

(খ) সংসদ-সদস্য নির্বাচিত হইবার যোগ্য না হন ; অথবা

(গ) কখনও এই সংবিধানের অধীন অভিশংসন দ্বারা রাষ্ট্রপতির পদ হইতে অপসারিত হইয়া থাকেন।

(৫) প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় ও পররাষ্ট্রীয় নীতি সংক্রান্ত বিষয়াদি সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত রাখিবেন এবং রাষ্ট্রপতি অনুরোধ করিলে যে-কোন বিষয় মন্ত্রিসভায় বিবেচনার জন্য পেশ করিবেন।

৪৯। **ক্ষমা প্রদর্শনের অধিকার।**—কোন আদালত, ট্রাইব্যুনাল বা অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যে-কোন দন্ডের মার্জনা, বিলম্বন ও বিরাম মঞ্জুর করিবার এবং যে-কোন দন্ড মওকুফ, স্থগিত বা হ্রাস করিবার ক্ষমতা রাষ্ট্রপতির থাকিবে।

৫০। **রাষ্ট্রপতি-পদের মেয়াদ।**—(১) এই সংবিধানের বিধানাবলী সাপেক্ষে রাষ্ট্রপতি কার্যভার গ্রহণের তারিখ হইতে পাঁচ বৎসরের মেয়াদে তাঁহার পদে অধিষ্ঠিত থাকিবেন ঃ

তবে শর্ত থাকে যে, রাষ্ট্রপতির পদের মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও তাঁহার উত্তরাধিকারী কার্যভার গ্রহণ না করা পর্যন্ত তিনি স্বীয় পদে বহাল থাকিবেন।

(২) একাদিক্রমে হউক বা না হউক—দুই মেয়াদের অধিক রাষ্ট্রপতির পদে কোন ব্যক্তি অধিষ্ঠিত থাকিবেন না।

(৩) স্পীকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে রাষ্ট্রপতি স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(৪) রাষ্ট্রপতি তাঁহার কার্যভারকালে সংসদ-সদস্য নির্বাচিত হইবার যোগ্য হইবেন না এবং কোন সংসদ-সদস্য রাষ্ট্রপতি নির্বাচিত হইলে রাষ্ট্রপতিরূপে তাঁহার কার্যভার গ্রহণের দিনে সংসদে তাঁহার আসন শূন্য হইবে।

৫১। **রাষ্ট্রপতির দায়মুক্তি।**—(১) এই সংবিধানের ৫২ অনুচ্ছেদের হানি না ঘটাইয়া বিধান করা হইতেছে যে, রাষ্ট্রপতি তাঁহার দায়িত্ব পালন করিতে গিয়া কিংবা অনুরূপ বিবেচনায় কোন কার্য করিয়া থাকিলে বা না করিয়া থাকিলে সেই জন্য তাঁহাকে কোন আদালতে জবাবদিহি করিতে হইবে না, তবে এই দফা সরকারের বিরুদ্ধে কার্যধারা গ্রহণে কোন ব্যক্তির অধিকার ক্ষুণ্ণ করিবে না।

(২) রাষ্ট্রপতির কার্যভারকালে তাঁহার বিরুদ্ধে কোন আদালতে কোন প্রকার ফৌজদারী কার্যধারা দায়ের করা বা চালু রাখা যাইবে না এবং তাঁহার গ্রেপ্তার বা কারাবাসের জন্য কোন আদালত হইতে পরোয়ানা জারী করা যাইবে না।

Provided that the question whether any, and if so what, advice has been tendered by the Prime Minister to the President shall not be enquired into in any court.

(4) A person shall not be qualified for election as President if he–

(a) is less than thirty-five years of age ; or

(b) is not qualified for election as a member of Parliament ; or

(c) has been removed from the office of President by impeachment under this Constitution.

(5) The Prime Minister shall keep the President informed on matters of domestic and foreign policy, and submit for the consideration of the Cabinet any matter which the President may request him to refer to it.

49. **Prerogative of mercy.**–The President shall have power to grant pardons, reprieves and respites and to remit, suspend or commute any sentence passed by any court, tribunal or other authority.

50. **Term of office of President.**–(1) Subject to the provisions of this Constitution, the President shall hold office for a term of five years from the date on which he enters upon his office :

Provided that notwithstanding the expiration of his term the President shall continue to hold office until his successor enters upon office.

(2) No person shall hold office as President for more than two terms, whether or not the terms are consecutive.

(3) The President may resign his office by writing under his hand addressed to the Speaker.

(4) The President during his term of office shall not be qualified for election as a member of Parliament, and if a member of Parliament is elected as President he shall vacate his seat in Parliament on the day on which he enters upon his office as President.

51. **President's immunity.**–(1) Without prejudice to the provisions of article 52, the President shall not be answerable in any court for anything done or omitted by him in the exercise or purported exercise of the functions of this office, but this clause shall not prejudice the right of any person to take proceedings against the Government.

(2) During his term of office no criminal proceedings whatsoever shall be instituted or continued against the President in, and no process for his arrest or imprisonment shall issue from, any court.

৫২। রাষ্ট্রপতির অভিশংসন।– (১) এই সংবিধান লংঘন বা গুরুতর অসদাচরণের অভিযোগে রাষ্ট্রপতিকে অভিশংসিত করা যাইতে পারিবে; ইহার জন্য সংসদের মোট সদস্যের সংখ্যাগরিষ্ঠ অংশের স্বাক্ষরে অনুরূপ অভিযোগের বিবরণ লিপিবদ্ধ করিয়া একটি প্রস্তাবের নোটিশ স্পীকারের নিকট প্রদান করিতে হইবে ; স্পীকারের নিকট অনুরূপ নোটিশ প্রদানের দিন হইতে চৌদ্দ দিনের পূর্বে বা ত্রিশ দিনের পর এই প্রস্তাব আলোচিত হইতে পারিবে না এবং সংসদ অধিবেশনরত না থাকিলে স্পীকার অবিলম্বে সংসদ আহ্বান করিবেন।

(২) এই অনুচ্ছেদের অধীন কোন অভিযোগ তদন্তের জন্য সংসদ কর্তৃক নিযুক্ত বা আখ্যায়িত কোন আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট সংসদ রাষ্ট্রপতির আচরণ গোচর করিতে পারিবেন।

(৩) অভিযোগ বিবেচনাকালে রাষ্ট্রপতির উপস্থিত থাকিবার এবং প্রতিনিধি প্রেরণের অধিকার থাকিবে।

(৪) অভিযোগ বিবেচনার পর মোট সদস্য-সংখ্যার অন্যূন দুই-তৃতীয়াংশ ভোটে অভিযোগ যথার্থ বলিয়া ঘোষণা করিয়া সংসদ কোন প্রস্তাব গ্রহণ করিলে প্রস্তাব গৃহীত হইবার তারিখে রাষ্ট্রপতির পদ শূন্য হইবে।

(৫) এই সংবিধানের ৫৪ অনুচ্ছেদ অনুযায়ী স্পীকার কর্তৃক রাষ্ট্রপতির দায়িত্ব পালনকালে এই অনুচ্ছেদের বিধানাবলী এই পরিবর্তন সাপেক্ষে প্রযোজ্য হইবে যে, এই অনুচ্ছেদের (১) দফায় স্পীকারের উল্লেখ ডেপুটি স্পীকারের উল্লেখ বলিয়া গণ্য হইবে এবং (৪) দফায় রাষ্ট্রপতির পদ শূন্য হইবার উল্লেখ স্পীকারের পদ শূন্য হইবার উল্লেখ বলিয়া গণ্য হইবে ; এবং (৪) দফায় বর্ণিত কোন প্রস্তাব গৃহীত হইলে স্পীকার রাষ্ট্রপতির দায়িত্ব পালনে বিরত হইবেন।

৫৩। অসামর্থ্যের কারণে রাষ্ট্রপতির অপসারণ।–(১) শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে রাষ্ট্রপতিকে তাঁহার পদ হইতে অপসারিত করা যাইতে পারিবে ; ইহার জন্য সংসদের মোট সদস্যের সংখ্যাগরিষ্ঠ অংশের স্বাক্ষরে কথিত অসামর্থ্যের বিবরণ লিপিবদ্ধ করিয়া একটি প্রস্তাবের নোটিশ স্পীকারের নিকট প্রদান করিতে হইবে।

(২) সংসদ অধিবেশনরত না থাকিলে নোটিশ প্রাপ্তিমাত্র স্পীকার সংসদের অধিবেশন আহ্বান করিবেন এবং একটি চিকিৎসা-পর্ষদ (অতঃপর এই অনুচ্ছেদে "পর্ষদ" বলিয়া অভিহিত) গঠনের প্রস্তাব আহ্বান করিবেন এবং প্রয়োজনীয় প্রস্তাব উত্থাপিত ও গৃহীত হইবার পর স্পীকার তৎক্ষণাৎ উক্ত নোটিশের একটি প্রতিলিপি রাষ্ট্রপতির নিকট প্রেরণের ব্যবস্থা করিবেন এবং তাঁহার সহিত এই মর্মে স্বাক্ষরযুক্ত অনুরোধ জ্ঞাপন করিবেন যে, অনুরূপ অনুরোধ জ্ঞাপনের তারিখ হইতে দশ দিনের মধ্যে রাষ্ট্রপতি যেন পর্ষদের নিকট পরীক্ষিত হইবার জন্য উপস্থিত হন।

(৩) অপসারণের জন্য প্রস্তাবের নোটিশ স্পীকারের নিকট প্রদানের পর হইতে চৌদ্দ দিনের পূর্বে বা ত্রিশ দিনের পর প্রস্তাবটি ভোটে দেওয়া যাইবে না, এবং অনুরূপ মেয়াদের মধ্যে প্রস্তাবটি উত্থাপনের জন্য পুনরায় সংসদ আহ্বানের প্রয়োজন হইলে স্পীকার সংসদ আহ্বান করিবেন।

52. **Impeachment of the President.**—(1) The President may be impeached on a charge of violating this Constitution or of grave misconduct, preferred by a notice of motion signed by a majority of the total number of members of Parliament and delivered to the Speaker, setting out the particulars of the charge, and the motion shall not be debated earlier than fourteen nor later than thirty days after the notice is so delivered ; and the Speaker shall forthwith summon Parliament if it is not in session.

(2) The conduct of the President may be referred by Parliament to any court, tribunal or body appointed or designated by Parliament for the investigation of a charge under this article.

(3) The President shall have the right to appear and to be represented during the consideration of the charge.

(4) If after the consideration of the charge a resolution is passed by Parliament by the votes of not less than two-thirds of the total number of members declaring that the charge has been substantiated, the President shall vacate his office on the date on which the resolution is passed.

(5) Where the Speaker is exercising the functions of the President under article 54 the provisions of this article shall apply subject to the modifications that the reference to the Speaker in clause (1) shall be construed as a reference to the Deputy Speaker, and that the reference in clause (4) to the vacation by the President of his office shall be construed as a reference to the vacation by the Speaker of his office as Speaker ; and on the passing of a resolution such as is referred to in clause (4) the Speaker shall cease to exercise the functions of President.

53. **Removal of President on ground of incapacity.**–(1) The President may be removed from office on the ground of physical or mental incapacity on a motion of which notice, signed by a majority of the total number of members of Parliament, is delivered to the Speaker, setting out particulars of the alleged incapacity.

(2) On receipt of the notice the speaker shall forthwith summon Parliament if it is not in session and shall call for a resolution constituting a medical board (hereinafter in this article called "the Board"), and upon the necessary motion being made and carried shall forthwith cause a copy of the notice to be transmitted to the President together with a request signed by the Speaker that the President submit himself within a period of ten days from the date of the request to an examination by the Board.

(3) The motion for removal shall not be put to the vote earlier than fourteen nor later than thirty days after notice of the motion is delivered to the Speaker, and if it is again necessary to summon Parliament in order to enable the motion to be made within that period, the Speaker shall summon Parliament.

(৪) প্রস্তাবটি বিবেচিত হইবার কালে রাষ্ট্রপতির উপস্থিত থাকিবার এবং প্রতিনিধি প্রেরণের অধিকার থাকিবে।

(৫) প্রস্তাবটি সংসদে উত্থাপনের পূর্বে রাষ্ট্রপতি পর্ষদের দ্বারা পরীক্ষিত হইবার জন্য উপস্থিত না হইয়া থাকিলে প্রস্তাবটি ভোটে দেওয়া যাইতে পারিবে এবং সংসদের মোট সদস্য-সংখ্যার অন্যূন দুই-তৃতীয়াংশ ভোটে তাহা গৃহীত হইলে প্রস্তাবটি গৃহীত হইবার তারিখে রাষ্ট্রপতির পদ শূন্য হইবে।

(৬) অপসারণের জন্য প্রস্তাবটি সংসদে উত্থাপিত হইবার পূর্বে রাষ্ট্রপতি পর্ষদের নিকট পরীক্ষিত হইবার জন্য উপস্থিত হইয়া থাকিলে সংসদের নিকট পর্ষদের মতামত পেশ করিবার সুযোগ না দেওয়া পর্যন্ত প্রস্তাবটি ভোটে দেওয়া যাইবে না।

(৭) সংসদ কর্তৃক প্রস্তাবটি ও পর্ষদের রিপোর্ট (যাহা এই অনুচ্ছেদের (২) দফা অনুসারে পরীক্ষিত সাত দিনের মধ্যে দাখিল করা হইবে এবং অনুরূপভাবে দাখিল না করা হইলে তাহা বিবেচনার প্রয়োজন হইবে না) বিবেচিত হইবার পর সংসদের মোট সদস্য-সংখ্যার অন্যূন দুই-তৃতীয়াংশ ভোটে প্রস্তাবটি গৃহীত হইলে তাহা গৃহীত হইবার তারিখে রাষ্ট্রপতির পদ শূন্য হইবে।

৫৪। অনুপস্থিতি প্রভৃতিরকালে রাষ্ট্রপতি-পদে স্পীকার।–রাষ্ট্রপতির পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে রাষ্ট্রপতি দায়িত্ব পালনে অসমর্থ হইলে ক্ষেত্রমত রাষ্ট্রপতি নির্বাচিত না হওয়া পর্যন্ত কিংবা রাষ্ট্রপতি পুনরায় স্বীয় কার্যভার গ্রহণ না করা পর্যন্ত স্পীকার রাষ্ট্রপতির দায়িত্ব পালন করিবেন।

২য় পরিচ্ছেদ–প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভা

৫৫। মন্ত্রিসভা।–(১) প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশের একটি মন্ত্রিসভা থাকিবে এবং প্রধানমন্ত্রী ও সময়ে সময়ে তিনি যেরূপ স্থির করিবেন, সেইরূপ অন্যান্য মন্ত্রী লইয়া এই মন্ত্রিসভা গঠিত হইবে।

(২) প্রধানমন্ত্রী কর্তৃক বা তাঁহার কর্তৃত্বে এই সংবিধান-অনুযায়ী প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রযুক্ত হইবে।

(৩) মন্ত্রিসভা যৌথভাবে সংসদের নিকট দায়ী থাকিবেন।

(৪) সরকারের সকল নির্বাহী ব্যবস্থা রাষ্ট্রপতির নামে গৃহীত হইয়াছে বলিয়া প্রকাশ করা হইবে।

(৫) রাষ্ট্রপতির নামে প্রণীত আদেশসমূহ ও অন্যান্য চুক্তিপত্র কিরূপে সত্যায়িত বা প্রমাণীকৃত হইবে, রাষ্ট্রপতি তাহা বিধিসমূহ-দ্বারা নির্ধারণ করিবেন এবং অনুরূপভাবে সত্যায়িত বা প্রমাণীকৃত কোন আদেশ বা চুক্তিপত্র যথাযথভাবে প্রণীত বা সম্পাদিত হয় নাই বলিয়া তাহার বৈধতা সম্পর্কে কোন আদালতে প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(4) The President shall have the right to appear and to be represented during the consideration of the motion.

(5) If the President has not submitted himself to an examination by the Board before the motion is made in Parliament, the motion may be put to the vote, and if it is passed by the votes of not less than two-thirds of the total number of members of Parliament, the President shall vacate his office on the date on which the motion is passed.

(6) If before the motion for removal is made in Parliament, the President has submitted himself to an examination by the Board, the motion shall not be put to the vote until the Board has been given an opportunity of reporting its opinion to Parliament.

(7) If after consideration by Parliament of the motion and of the report of the Board (which shall be submitted within seven days of the examination held pursuant to clause (2) and if not so submitted shall be dispensed with) the motion is passed by the votes of not less than two-thirds of the total number of members of Parliament, the President shall vacate his office on the date on which the resolution is passed.

54. **Speaker to act as President during absence, etc.**–If a vacancy occurs in the office of President or if the President is unable to discharge the functions of his office on account of absence, illness or any other cause the Speaker shall discharge those functions until a President is elected or until the President resumes the functions of his office, as the case may be.

CHAPTER II—THE PRIME MINISTER AND THE CABINET

55. **The Cabinet.**–(1) There shall be a Cabinet for Bangladesh having the Prime Minister at its head and comprising also such other Ministers as the Prime Minister may from time to time designate.

(2) The executive power of the Republic shall, in accordance with this Constitution, be exercised by or on the authority of the Prime Minister.

(3) The Cabinet shall be collectively responsible to Parliament.

(4) All executive actions of the Government shall be expressed to be taken in the name of the President.

(5) The President shall by rules specify the manner in which orders and other instruments made in his name shall be attested or authenticated, and the validity of any order of instrument so attested or authenticated shall not be questioned in any court on the ground that it was not duly made or executed.

(৬) রাষ্ট্রপতি সরকারী কার্যাবলী বন্টন ও পরিচালনার জন্য বিধিসমূহ প্রণয়ন করিবেন।

৫৬। মন্ত্রীগণ।–(১) একজন প্রধানমন্ত্রী থাকিবেন এবং প্রধানমন্ত্রী যেরূপ নির্ধারণ করিবেন, সেইরূপ অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রী থাকিবেন।

(২) প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রীদিগকে রাষ্ট্রপতি নিয়োগ দান করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, তাঁহাদের সংখ্যার অন্যূন নয়-দশমাংশ সংসদ-সদস্যগণের মধ্য হইতে নিযুক্ত হইবেন এবং অনধিক এক-দশমাংশ সংসদ-সদস্য নির্বাচিত হইবার যোগ্য ব্যক্তিগণের মধ্য হইতে মনোনীত হইতে পারিবেন।

(৩) যে সংসদ-সদস্য সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন বলিয়া রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হইবেন, রাষ্ট্রপতি তাঁহাকে প্রধানমন্ত্রী নিয়োগ করিবেন।

(৪) সংসদ ভাংগিয়া যাওয়া এবং সংসদ-সদস্যদের অব্যবহিত পরবর্তী সাধারণ নির্বাচন অনুষ্ঠানের মধ্যবর্তীকালে এই অনুচ্ছেদের (২) বা (৩) দফার অধীন নিয়োগ দানের প্রয়োজন দেখা দিলে সংসদ ভাংগিয়া যাইবার অব্যবহিত পূর্বে, যাঁহারা সংসদ-সদস্য ছিলেন, এই দফার উদ্দেশ্যসাধনকল্পে তাঁহারা সদস্যরূপে বহাল রহিয়াছেন বলিয়া গণ্য হইবেন।

৫৭। প্রধানমন্ত্রীর পদের মেয়াদ।–(১) প্রধানমন্ত্রীর পদ শূন্য হইবে, যদি–

(ক) তিনি কোন সময়ে রাষ্ট্রপতির নিকট পদত্যাগপত্র প্রদান করেন ; অথবা

(খ) তিনি সংসদ-সদস্য না থাকেন।

(২) সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থন হারাইলে প্রধানমন্ত্রী পদত্যাগ করিবেন কিংবা সংসদ ভাংগিয়া দিবার জন্য লিখিতভাবে রাষ্ট্রপতিকে পরামর্শদান করিবেন এবং তিনি অনুরূপ পরামর্শদান করিলে রাষ্ট্রপতি, অন্য কোন সংসদ-সদস্য সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন নহেন এই মর্মে সন্তুষ্ট হইলে, সংসদ ভাংগিয়া দিবেন।

(৩) প্রধানমন্ত্রীর উত্তরাধিকারী কার্যভার গ্রহণ না করা পর্যন্ত প্রধানমন্ত্রীকে স্বীয় পদে বহাল থাকিতে এই অনুচ্ছেদের কোন কিছুই অযোগ্য করিবে না।

৫৮। অন্যান্য মন্ত্রীর পদের মেয়াদ।–(১) প্রধানমন্ত্রী ব্যতীত অন্য কোন মন্ত্রীর পদ শূন্য হইবে, যদি–

(ক) তিনি রাষ্ট্রপতির নিকট পেশ করিবার জন্য প্রধানমন্ত্রীর নিকট পদত্যাগপত্র প্রদান করেন ;

(খ) তিনি সংসদ-সদস্য না থাকেন, তবে ৫৬ অনুচ্ছেদের (২) দফার শর্তাংশের অধীনে মনোনীত মন্ত্রীর ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না ;

(গ) এই অনুচ্ছেদের (২) দফা অনুসারে রাষ্ট্রপতি অনুরূপ নির্দেশ দান করেন ; অথবা

(ঘ) এই অনুচ্ছেদের (৪) দফায় যেরূপ বিধান করা হইয়াছে তাহা কার্যকর হয়।

(6) The President shall make rule for the allocation and transaction of the business of the Government.

56. **Ministers.**–(1) There shall be a Prime Minister, and such other Ministers, Ministers of State and Deputy Ministers as may by determined by the Prime Minister.

(2) The appointments of the Prime Minister and other Ministers and of the Ministers of State and Deputy Ministers, shall be made by the President :

Provided that not less than nine-tenths of their number shall be appointed from among members of Parliament and not more than one-tenth of their number may be chosen from among persons qualified for election as members of Parliament.

(3) The President shall appoint as Prime Minister the member of Parliament who appears to him to command the support of the majority of the members of Parliament.

(4) If occasion arises for making any appointment under clause (2) or clause (3) between a dissolution of Parliament and the next following general election of members of Parliament, the persons who were such members immediately before the dissolution shall be regarded for the purposes of this clause as continuing to be such members.

57. **Tenure of office of Prime Minister.**–(1) The office of the Prime Minister shall become vacant–

(a) if he resigns from office at any time by placing his resignation in the hands of the President ; or

(b) if he ceases to be a member of Parliament.

(2) If the Prime Minister ceases to retain the support of a majority of the members of Parliament, he shall either resign his office or advise the President in writing to dissolve Parliament, and if he so advises the President shall, if he is satisfied that no other member of Parliament commands the support of the majority of the members of Parliament, dissolve Parliament accordingly.

(3) Nothing in this article shall disqualify the Prime Minister for holding office until his successor has entered upon office.

58. **Tenure of office of other Ministers.**–(1) The office of a Minister other than the Prime Minister shall become vacant–

(a) if he resigns from office by placing his resignation in the hands of the Prime Minister for submission to the President ;

(b) if he ceases to be a member of Parliament, but this shall not be applicable to a Minister chosen under the proviso to article 56(2) ;

(c) if the President, pursuant to the provisions of clause (2), so directs ; or

(d) as provided in clause (4).

(২) প্রধানমন্ত্রী যে-কোন সময়ে কোন মন্ত্রীকে পদত্যাগ করিতে অনুরোধ করিতে পারিবেন এবং উক্ত মন্ত্রী অনুরূপ অনুরোধ পালনে অসমর্থ হইলে তিনি রাষ্ট্রপতিকে উক্ত মন্ত্রীর নিয়োগের অবসান ঘটাইবার পরামর্শদান করিতে পারিবেন।

(৩) সংসদ ভাংগিয়া যাওয়া অবস্থায় যে-কোন সময়ে কোন মন্ত্রীকে স্বীয় পদে বহাল থাকিতে এই অনুচ্ছেদের (১) দফার (ক), (খ) ও (ঘ) উপ-দফার কোন কিছুই অযোগ্য করিবে না।

(৪) প্রধানমন্ত্রী পদত্যাগ করিলে বা স্বীয় পদে বহাল না থাকিলে মন্ত্রীদের প্রত্যেকে পদত্যাগ করিয়াছেন বলিয়া গণ্য হইবে ; তবে এই পরিচ্ছেদের বিধানাবলী-সাপেক্ষে তাঁহাদের উত্তরাধিকারীগণ কার্যভার গ্রহণ না করা পর্যন্ত তাঁহারা স্ব স্ব পদে বহাল থাকিবেন।

(৫) এই অনুচ্ছেদে "মন্ত্রী" বলিতে প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রী অন্তর্ভুক্ত।

৩য় পরিচ্ছেদ—স্থানীয় শাসন

৫৯। স্থানীয় শাসন।—(১) আইনানুযায়ী নির্বাচিত ব্যক্তিদের সমন্বয়ে গঠিত প্রতিষ্ঠানসমূহের উপর প্রজাতন্ত্রের প্রত্যেক প্রশাসনিক একাংশের স্থানীয় শাসনের ভার প্রদান করা হইবে।

(২) এই সংবিধান ও অন্য কোন আইন-সাপেক্ষে সংসদ আইনের দ্বারা যেরূপ নির্দিষ্ট করিবেন, এই অনুচ্ছেদের (১) দফায় উল্লিখিত অনুরূপ প্রত্যেক প্রতিষ্ঠান যথোপযুক্ত প্রশাসনিক একাংশের মধ্যে সেইরূপ দায়িত্ব পালন করিবেন এবং অনুরূপ আইনে নিম্নলিখিত বিষয় সংক্রান্ত দায়িত্ব অন্তর্ভুক্ত হইতে পারিবে ঃ—

(ক) প্রশাসন ও সরকারী কর্মচারীদের কার্য ;

(খ) জনশৃংখলা রক্ষা ;

(গ) জনসাধারণের কার্য ও অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।

৬০। স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠানের ক্ষমতা।—এই সংবিধানের ৫৯ অনুচ্ছেদের বিধানাবলীতে পূর্ণ কার্যকরতা দানের উদ্দেশ্যে সংসদ আইনের দ্বারা উক্ত অনুচ্ছেদে উল্লিখিত স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহকে স্থানীয় প্রয়োজনে কর আরোপ করিবার ক্ষমতাসহ বাজেট প্রস্তুতকরণ ও নিজস্ব তহবিল রক্ষণাবেক্ষণের ক্ষমতা প্রদান করিবেন।"।

৪। সংবিধানের ৬৬ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৬৬ অনুচ্ছেদের (২ক) দফায় "উপ-রাষ্ট্রপতি," এবং "উপ-প্রধানমন্ত্রী," শব্দগুলি ও কমাগুলি বিলুপ্ত হইবে।

৫। সংবিধানের ৭০ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ৭০ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

(2) The Prime Minister may at any time request a Minister to resign, and if such Minister fails to comply with the request, may advise the President to terminate the appointment of such Minister.

(3) Nothing in sub-clauses (a), (b) and (d) of clause (1) shall disqualify a Minister for holding office during any period in which Parliament stands dissolved.

(4) If the Prime Minister resigns from or ceases to hold office each of the other Ministers shall be deemed also to have resigned from office but shall, subject to the provisions of this Chapter, continue to hold office until his successor has entered upon office.

(5) In this article "Minister" includes Minister of State and Deputy Minister.

CHAPTER III—LOCAL GOVERNMENT

59. **Local Government.**–(1) Local Government in every administrative unit of the Republic shall be entrusted to bodies, composed of persons elected in accordance with law.

(2) Everybody such as is referred to in clause (1) shall, subject to this Constitution and any other law, perform within the appropriate administrative unit such functions as shall be prescribed by Act of Parliament, which may include functions relating to–

(a) administration and the work of public officers ;

(b) the maintenance of public order ;

(c) the preparation and implementation of plans relating to public services and economic development.

60. **Powers of local government bodies.**–For the purposes of giving full effect to the provisions of article 59 Parliament shall, by law, confer powers on the local government bodies referred to in that article, including power to impose taxes for local purposes, to prepare their budgets and to maintain funds.".

4. **Amendment of article 66 of the Constitution.**–In the Constitution, in article 66 in clause (2A), the words and commas "Vice-President," and "Deputy Prime Minister," shall be omitted.

5. **Substitution of article 70 of the Constitution.**–(1) In the Constitution for article 70 the following shall be substituted, namely :–

"৭০। পদত্যাগ ইত্যাদি কারণে আসন শূন্য হওয়া।–(১) কোন নির্বাচনে কোন রাজনৈতিক দলের প্রার্থীরূপে মনোনীত হইয়া কোন ব্যক্তি সংসদ-সদস্য নির্বাচিত হইলে তিনি যদি উক্ত দল হইতে পদত্যাগ করেন, অথবা সংসদে উক্ত দলের বিপক্ষে ভোটদান করেন, তাহা হইলে সংসদে তাঁহার আসন শূন্য হইবে।

ব্যাখ্যা।–যদি কোন সংসদ-সদস্য, যে দল তাঁহাকে নির্বাচনে প্রার্থীরূপে মনোনীত করিয়াছেন, সেই দলের নির্দেশ অমান্য করিয়া–

(ক) সংসদে উপস্থিত থাকিয়া ভোটদানে বিরত থাকেন, অথবা

(খ) সংসদের কোন বৈঠকে অনুপস্থিত থাকেন,

তাহা হইলে তিনি উক্ত দলের বিপক্ষে ভোটদান করিয়াছেন বলিয়া গণ্য হইবেন।

(২) যদি কোন সময় কোন রাজনৈতিক দলের সংসদীয় দলের নেতৃত্ব সম্পর্কে কোন প্রশ্ন উঠে তাহা হইলে সংসদে সেই দলের সংখ্যাগরিষ্ঠ সদস্যের নেতৃত্বে দাবীদার কোন সদস্য কর্তৃক লিখিতভাবে অবহিত হইবার সাত দিনের মধ্যে স্পীকার সংসদের কার্যপ্রণালী-বিধি অনুযায়ী উক্ত দলের সকল সংসদ-সদস্যের সভা আহ্বান করিয়া বিভক্তি ভোটের মাধ্যমে সংখ্যাগরিষ্ঠ ভোটের দ্বারা উক্ত দলের সংসদীয় নেতৃত্ব নির্ধারণ করিবেন এবং সংসদে ভোটদানের ব্যাপারে অনুরূপ নির্ধারিত নেতৃত্বের নির্দেশ যদি কোন সদস্য অমান্য করেন তাহা হইলে তিনি (১) দফার অধীন উক্ত দলের বিপক্ষে ভোটদান করিয়াছেন বলিয়া গণ্য হইবে এবং সংসদে তাঁহার আসন শূন্য হইবে।

(৩) যদি কোন ব্যক্তি নির্দলীয় প্রার্থীরূপে সংসদ-সদস্য নির্বাচিত হইবার পর কোন রাজনৈতিক দলে যোগদান করেন, তাহা হইলে তিনি এই অনুচ্ছেদের উদ্দেশ্যসাধনকল্পে উক্ত দলের মনোনীত প্রার্থীরূপে সংসদ-সদস্য নির্বাচিত হইয়াছেন বলিয়া গণ্য হইবে।"।

৬। সংবিধানের ৭২ অনুচ্ছেদের সংশোধন।–সংবিধানের ৭২ অনুচ্ছেদে–

(ক) (১) দফার শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশগুলি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"তবে শর্ত থাকে যে, সংসদের এক অধিবেশনের সমাপ্তি ও পরবর্তী অধিবেশনের প্রথম বৈঠকের মধ্যে ষাট দিনের অতিরিক্ত বিরতি থাকিবে না ঃ

তবে আরও শর্ত থাকে যে, এই দফার অধীন তাঁহার দায়িত্ব পালনে রাষ্ট্রপতি প্রধানমন্ত্রী কর্তৃক লিখিতভাবে প্রদত্ত পরামর্শ অনুযায়ী কার্য করিবেন।" ; এবং

(খ) (৪ক) দফা বিলুপ্ত হইবে।

৭। সংবিধানের ৭৩ক অনুচ্ছেদের সংশোধন।–সংবিধানের ৭৩ক অনুচ্ছেদে–

(ক) (১) দফার শেষে "পারিবেন না" শব্দগুলির পর "এবং তিনি কেবল তাঁহার মন্ত্রণালয় সম্পর্কিত বিষয় সম্পর্কে বক্তব্য রাখিতে পারিবেন" শব্দগুলি সন্নিবেশিত হইবে ; এবং

(খ) (২) দফায় "উপ-প্রধানমন্ত্রী" শব্দটি বিলুপ্ত হইবে।

"**70. Vacation of seat on resignation, etc.**– (1) A person elected as a member of Parliament at an election at which he was nominated as a candidate by a political party shall vacate his seat if he resigns from that party or votes in Parliament against that party.

Explanation.–If a member of Parliament–

(a) being present in Parliament abstains from voting, or

(b) absents himself from any sitting of Parliament,

ignoring the direction of the party which nominated him at the election as a candidate not to do so, he shall be deemed to have voted against that party.

(2) If, at any time, any question as to the leadership of the Parliamentary party of a political party arises, the Speaker shall, within seven days of being informed of it in writing by a person claiming the leadership of the majority of the members of that party in Parliament, convene a meeting of all members of Parliament of that party in accordance with the Rules of procedure of Parliament and determine its Parliamentary leadership by the votes of the majority through division and if, in the matter of voting in Parliament, any member does not comply with the direction of the leadership so determined, he shall be deemed to have voted against that party under clause (1) and shall vacate his seat in the Parliament.

(3) If a person, after being elected a member of Parliament as an independent candidate, joins any political party, he shall, for the purpose of this article, be deemed to have been elected as a nominee of that Party.".

6. **Amendment of article 72 of the Constitution.**– In the Constitution, in article 72,–

(a) in clause (1), for the proviso the following provisos shall substituted, namely :

Provided that a period exceeding sixty days shall not intervene between the end of one session and the first sitting of Parliament in the next session.

"Provided further that in the exercise of his functions under this clause, the President shall act in accordance with the advice of the Prime Minister tendered to him in writing."; and

(b) clause (4A) shall be omitted.

7. **Amendment of article 73A of the Constitution.**–In the Constitution in article 73A,–

(a) in clause (1), after the words "entitled to vote", the words "or to speak on any matter not related to his Ministry" shall be inserted ; and

(b) in clause (2), the words "Deputy Prime Minister" shall be omitted.

৮। সংবিধানের ৮৮ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৮৮ অনুচ্ছেদের (কক) দফা বিলুপ্ত হইবে।

৯। সংবিধানের ৯২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৯২ অনুচ্ছেদের (২) দফার পর নিম্নরূপ নূতন দফা সংযোজিত হইবে, যথা ঃ—

"(৩) এই পরিচ্ছেদের উপরি-উক্ত বিধানাবলীতে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও যদি কোন অর্থ বৎসর প্রসংগে সংসদ—

(ক) উক্ত বৎসর আরম্ভ হওয়ার পূর্বে এই সংবিধানের ৮৯ অনুচ্ছেদের অধীন মঞ্জুরীদান এবং ৯০ অনুচ্ছেদের অধীন আইন গ্রহণে অসমর্থ হইয়া থাকে এবং এই অনুচ্ছেদের অধীন কোন অগ্রিম মঞ্জুরীদান না করিয়া থাকে ; অথবা

(খ) কোন ক্ষেত্রে এই অনুচ্ছেদের অধীন কোন মেয়াদের জন্য কোন অগ্রিম মঞ্জুরী দেওয়া হইয়া থাকিলে সেই মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে ৮৯ অনুচ্ছেদের অধীন মঞ্জুরীদানে এবং ৯০ অনুচ্ছেদের অধীন আইন গ্রহণে অসমর্থ হইয়া থাকে,

তাহা হইলে রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীর পরামর্শক্রমে, আদেশের দ্বারা অনুরূপ মঞ্জুরীদান না করা এবং আইন গৃহীত না হওয়া পর্যন্ত, ঐ বৎসরের অনধিক ষাট দিন মেয়াদ পর্যন্ত উক্ত বৎসরের আর্থিক বিবৃতিতে উল্লেখিত ব্যয় নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রত্যাহারের কর্তৃত্ব প্রদান করিতে পারিবেন।"।

১০। সংবিধানের ৯২ক অনুচ্ছেদের বিলোপ।—সংবিধানের ৯২ক অনুচ্ছেদ বিলুপ্ত হইবে।

১১। সংবিধানের ১০৯ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১০৯ অনুচ্ছেদে "আদালতের" শব্দটির পরিবর্তে "আদালত ও ট্রাইব্যুনালের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১২। সংবিধানের ১১৯ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১১৯ অনুচ্ছেদের (১) দফার পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(১) রাষ্ট্রপতি পদের ও সংসদের নির্বাচনের জন্য ভোটার-তালিকা প্রস্তুতকরণের তত্ত্বাবধান, নির্দেশ ও নিয়ন্ত্রণ এবং অনুরূপ নির্বাচন পরিচালনার দায়িত্ব নির্বাচন কমিশনের উপর ন্যস্ত থাকিবে এবং নির্বাচন কমিশন এই সংবিধান ও আইনানুযায়ী—

(ক) রাষ্ট্রপতি পদের নির্বাচন অনুষ্ঠান করিবেন ;

(খ) সংসদ-সদস্যদের নির্বাচন অনুষ্ঠান করিবেন ;

(গ) সংসদে নির্বাচনের জন্য নির্বাচনী এলাকার সীমানা নির্ধারণ করিবেন ; এবং

(ঘ) রাষ্ট্রপতির পদের এবং সংসদের নির্বাচনের জন্য ভোটার-তালিকা প্রস্তুত করিবেন।"।

১৩। সংবিধানের ১২২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১২২ অনুচ্ছেদের—

(ক) (১) দফায় "রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতি পদের ও" শব্দগুলি বিলুপ্ত হইবে ;

(খ) (৩) দফা বিলুপ্ত হইবে।

8. **Amendment of article 88 of the Constitution.**–In the Constitution, in article 88, clause (aa) shall be omitted.

9. **Amendment of article 92 of the Constitution.**–In the Constitution, in article 92, after clause (2), the following new clause shall be added, namely :–

"(3) Notwithstanding anything contained in the foregoing provisions of this Chapter, if, in respect of a financial year, Parliament–

(a) has failed to make the grants under article 89 and pass the law under article 90 before the beginning of that year and has not also made any grant in advance under this article ; or

(b) has failed to make the grants under article 89 and pass the law under article 90 before the expiration of the period for which the grants in advance, if any, were made under this article,

the President may, upon the advice of the Prime Minister, by order, authorise the withdrawal from the Consolidated Fund moneys necessary to meet expenditure mentioned in the financial statement for that year for a period not exceeding sixty days in that year, pending the making of the grants and passing of the law.".

10. **Omission of article 92A of the Constitution.**–In the Constitution, article 92A shall be omitted.

11. **Amendment of article 109 of the Constitution.**–In the Constitution, in article 109 after the word "courts" the words "and tribunals" shall be inserted.

12. **Amendment of article 119 of the Constitution.**–In the Constitution, in article 119, for clause (1) the following shall be substituted, namely :–

"(1) The superintendence, direction and control of the preparation of the electoral rolls for elections to the office of President and to Parliament and the conduct of such elections shall vest in the Election Commission which shall, in accordance with this Constitution and any other law–

(a) hold elections to the office of President ;

(b) hold elections of members of Parliament ;

(c) delimit the constituencies for the purposes of elections to Parliament ; and

(d) prepare electoral rolls for the purposes of elections to the office of President and to Parliament.".

13. **Amendment of article 122 of the Constitution.**–In the Constitution, in article 122,–

(a) in clause (1), the words "to the offices of President and Vice-President and" shall be omitted ;

(b) clause (3) shall be omitted.

১৪। সংবিধানের ১২৩ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১২৩ অনুচ্ছেদের—

(ক) (১), (২), (২ক) এবং (২খ) দফাগুলির পরিবর্তে নিম্নরূপ দফাগুলি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(১) রাষ্ট্রপতি-পদের মেয়াদ অবসানের কারণে উক্ত পদ শূন্য হইলে মেয়াদ-সমাপ্তির তারিখের পূর্ববর্তী নব্বই হইতে ষাট দিনের মধ্যে শূন্য পদ পূরণের জন্য নির্বাচন অনুষ্ঠিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, যে সংসদের দ্বারা তিনি নির্বাচিত হইয়াছেন সেই সংসদের মেয়াদকালে রাষ্ট্রপতির কার্যকাল শেষ হইলে সংসদের পরবর্তী সাধারণ নির্বাচন না হওয়া পর্যন্ত অনুরূপ শূন্য পদ পূর্ণ করিবার জন্য নির্বাচন অনুষ্ঠিত হইবে না, এবং অনুরূপ সাধারণ নির্বাচনের পর সংসদের প্রথম বৈঠকের দিন হইতে ত্রিশ দিনের মধ্যে রাষ্ট্রপতির শূন্য পদ পূর্ণ করিবার জন্য নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(২) মৃত্যু, পদত্যাগ বা অপসারণের ফলে রাষ্ট্রপতির পদ শূন্য হইলে পদটি শূন্য হইবার পর নব্বই দিনের মধ্যে, তাহা পূর্ণ করিবার জন্য নির্বাচন অনুষ্ঠিত হইবে।"; এবং

(খ) (৪) দফার শেষে দাঁড়ির পরিবর্তে একটি কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা ঃ

"তবে শর্ত থাকে যে, যদি প্রধান নির্বাচন কমিশনারের মতে, কোন দৈব-দুর্বিপাকের কারণে এই দফার নির্ধারিত মেয়াদের মধ্যে উক্ত নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হয়, তাহা হইলে উক্ত মেয়াদের শেষ দিনের পরবর্তী নব্বই দিনের মধ্যে উক্ত নির্বাচন অনুষ্ঠিত হইবে।"।

১৫। সংবিধানের ১২৪ অনুচ্ছেদের প্রতিস্থাপন।—সংবিধানের ১২৪ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"**১২৪। নির্বাচন সম্পর্কে সংসদের বিধান প্রণয়নের ক্ষমতা।**—এই সংবিধানের বিধানাবলী সাপেক্ষে সংসদ আইনের দ্বারা নির্বাচনী এলাকার সীমা নির্ধারণ, ভোটার-তালিকা প্রস্তুতকরণ, নির্বাচন অনুষ্ঠান এবং সংসদের যথাযথ গঠনের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিষয়সহ সংসদের নির্বাচন সংক্রান্ত বা নির্বাচনের সহিত সম্পর্কিত সকল বিষয়ে বিধান প্রণয়ন করিতে পারিবেন।"।

১৬। সংবিধানের ১২৫ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১২৫ অনুচ্ছেদের (খ) দফার "ও উপ-রাষ্ট্রপতি" শব্দগুলি বিলুপ্ত হইবে।

১৭। সংবিধানের ১৪১ক অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪১ক অনুচ্ছেদের (১) দফার শেষে দাঁড়ির পরিবর্তে একটি কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা ঃ

"তবে শর্ত থাকে যে, অনুরূপ ঘোষণার বৈধতার জন্য ঘোষণার পূর্বেই প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষর প্রয়োজন হইবে।"।

১৮। সংবিধানের ১৪১গ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪১গ অনুচ্ছেদের (১) দফায় "কার্যকরতা-কালে রাষ্ট্রপতি" শব্দগুলির পরিবর্তে "কার্যকরতা-কালে প্রধানমন্ত্রীর লিখিত পরামর্শ অনুযায়ী রাষ্ট্রপতি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

14. **Amendment of article 123 of the Constitution.**– In the Constitution, in article 123,–

(a) for clauses (1), (2), (2A) and (2B) the following shall be substituted, namely :–

"(1) In the case of a vacancy in the office of President occurring by reason of the expiration of his term of office an election to fill the vacancy shall be held within the period of ninety to sixty days prior to the date of expiration of the term :

Provided that if the term expires before the dissolution of the Parliament by the members of which he was elected the election to fill the vacancy shall not be held until after the next general election of members of Parliament, but shall be held within thirty days after the first sitting of Parliament following such general election.

(2) In the case of a vacancy in the office of President occurring by reason of the death, resignation or removal of the President, an election to fill the vacancy shall be held within the period of ninety days after the occurrance of the vacancy."; and

(b) in clause (4), for the full-stop at the end a colon shall be substituted and thereafter the following proviso shall be added, namely :

"Provided that in a case where, in the opinion of the Chief Election Commissioner, it is not possible, for reasons of an act of God, to hold such election within the period specified in this clause, such election shall be held within ninety days following next after the last day of such period.".

15. **Substitution of article 124 of the Constitution.**– In the Constitution, for article 124 the following shall be substituted, namely :–

"124. **Parliament may make provision as to elections.**–Subject to the provisions of this Constitution, Parliament may by law make provision with respect to all matters relating to or in connection with elections to Parliament, including the delimitation of constituencies, the preparation of electoral rolls, the holding of elections, and all other matters necessary for securing the due Constitution of Parliament.".

16. **Amendment of article 125 of the Constitution.**–In the Constitution, in article 125, in clause (b), the words "and Vice-President" shall be omitted.

17. **Amendment of article 141A of the Constitution.**–In the Constitution, in article 141A, in clause (1), the following proviso shall be added, namely :–

"Provided that such Proclamation shall require for its validity the prior counter signature of the Prime Minister.".

18. **Amendment of article 141C of the Constitution.**–In the Constitution, in article 141C, in clause (1), for the words "by order" the words and comma "on the written advice of the Prime Minister, by order" shall be substituted.

১৯। সংবিধানের ১৪২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪২ অনুচ্ছেদে—

(ক) (১ক) দফায় ৫৬ সংখ্যাটির পূর্বে "," কমার পরিবর্তে "বা" শব্দটি প্রতিস্থাপিত হইবে এবং ", ৫৮, ৮০ বা ৯২ক" কমাগুলি, সংখ্যাগুলি ও শব্দটি বিলুপ্ত হইবে ;

(খ) (১খ) দফায় "রাষ্ট্রপতির পদে" শব্দগুলির পরিবর্তে "সংসদ" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(গ) (১গ) দফার পর নিম্নরূপ নূতন (১ঘ) দফা সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(১ঘ) (১গ) দফার কোন কিছুই মন্ত্রিসভা বা সংসদের উপর আস্থা বা অনাস্থা বলিয়া গণ্য হইবে না।"।

২০। সংবিধানের ১৪৫ক অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪৫ক অনুচ্ছেদের শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশটি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"তবে শর্ত থাকে যে, জাতীয় নিরাপত্তার সহিত সংশ্লিষ্ট অনুরূপ কোন চুক্তি কেবলমাত্র সংসদের গোপন বৈঠকে পেশ করা হইবে।"।

২১। সংবিধানের ১৪৭ অনুচ্ছেদের সংশোধন।— সংবিধানের ১৪৭ অনুচ্ছেদের (৪) দফার—

(ক) (কক) উপ-দফা বিলুপ্ত হইবে ; এবং

(খ) (খ) উপ-দফায় "বা উপ-প্রধানমন্ত্রী" শব্দগুলি বিলুপ্ত হইবে।

২২। সংবিধানের ১৪৮ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪৮ অনুচ্ছেদের (১ক) দফা বিলুপ্ত হইবে।

২৩। সংবিধানের ১৫২ অনুচ্ছেদের সংশোধন।— সংবিধানের ১৫২ অনুচ্ছেদের (১) দফায় ""উপ-রাষ্ট্রপতি" অর্থ এই সংবিধানের অধীন নির্বাচিত বা নিযুক্ত বাংলাদেশের উপ-রাষ্ট্রপতি" শব্দগুলি বিলুপ্ত হইবে।

২৪। সংবিধানের তৃতীয় তফসিলের সংশোধন।— সংবিধানের তৃতীয় তফসিলে,—

(ক) ফরম ১ক বিলুপ্ত হইবে ; এবং

(খ) ফরম ২-এর শিরনামায় ", উপ-প্রধানমন্ত্রী" কমাটি ও শব্দটি বিলুপ্ত হইবে।

২৫। সংবিধানের চতুর্থ তফসিলের সংশোধন।— সংবিধানের চতুর্থ তফসিলের—

(ক) ২০ অনুচ্ছেদ বিলুপ্ত হইবে ; এবং

(খ) ২১ অনুচ্ছেদের পর নিম্নরূপ ২২ অনুচ্ছেদ সংযোজিত হইবে, যথা ঃ—

"২২। সংবিধানে যাহা কিছুই থাকুক না কেন, সংবিধান (দ্বাদশ সংশোধন) আইন, ১৯৯১ (আইন নং ২৮, ১৯৯১) প্রবর্তনের অব্যবহিত পূর্বে যে সংসদ কর্মরত ছিল উহা সংবিধান ও আইন অনুযায়ী যথাযথভাবে নির্বাচিত ও গঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উহা সংবিধানের ৭২ অনুচ্ছেদের বিধান অনুযায়ী বহাল থাকিবে।"।

19. **Amendment of article 142 of the Constitution.**–In the Constitution, in article 142,–

(a) in clause (1A), for the comma before the figure "56" the word "or" shall be substituted and the commas and figures ", 58, 80, 92A" shall be omitted ;

(b) in clause (1B), for the words "the office of President" the word "Parliament" shall be substituted ; and

(c) after clause (1C), the following new clause shall be inserted, namely :–

"(1D) Nothing in clause (1C) shall be deemed to be an expression of confidence or no-confidence in the Cabinet or Parliament.".

20. **Amendment of article 145A of the Constitution.**–In the Constitution, in article 145A for the proviso the following proviso shall be substituted, namely :–

"Provided that any such treaty connected with national security shall be laid in a secret session of Parliament.".

21. **Amendment of article 147 of the Constitution.**–In the Constitution, in article 147, in clause (4),–

(a) sub-clause (aa) shall be omitted ; and

(b) in sub-clause (b), the words "or Deputy Prime Minister" shall be omitted.

22. **Amendment of article 148 of the Constitution.**–In the Constitution, in article 148, clause (1A) shall be omitted.

23. **Amendment of article 152 of the Constitution.**–In the Constitution, in article 152, in clause (1), the words " "the Vice-President" means the Vice-President of Bangladesh elected or appointed under this Constitution" shall be omitted.

24. **Amendment of the Third Schedule to the Constitution.**–In the Constitution, in the Third Schedule,–

(a) form 1A shall be omitted ; and

(b) in form 2, in the heading, the comma and words ", Deputy Prime Ministers" shall be omitted.

25. **Amendment of the Fourth Schedule of the Constitution.**–In the Constitution, in the Fourth Schedule,–

(a) paragraph 20 shall be omitted ; and

(b) after paragraph 21, the following new paragraph 22 shall be added, namely :–

"22. Notwithstanding anything contained in the Constitution, the Parliament functioning immediately before the commencement of the Constitution (Twelfth Amendment) Act, 1991 (XXVIII of 1991) shall be deemed to have been duly elected and constituted in accordance with the Constitution and Law and shall continue to function under the provisions of article 72 of the Constitution.".

পরিশিষ্ট ১৫

* সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬
১৯৯৬ সনের ১ নং আইন

[২৮শে মার্চ, ১৯৯৬]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা**।— এই আইন সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। **সংবিধানে নূতন ৫৮ক অনুচ্ছেদের সন্নিবেশ**।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান (অতঃপর সংবিধান বলিয়া উল্লেখিত)-এর ৫৮ অনুচ্ছেদের পর নিম্নরূপ নূতন অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"৫৮ক। **পরিচ্ছেদের প্রয়োগ**।— এই পরিচ্ছেদের কোন কিছু ৫৫(৪), (৫) ও (৬) অনুচ্ছেদের বিধানাবলী ব্যতীত, যে মেয়াদে সংসদ ভাংগিয়া দেওয়া হয় বা ভংগ অবস্থায় থাকে সেই মেয়াদে প্রযুক্ত হইবে না ঃ

তবে শর্ত থাকে যে, ২ক পরিচ্ছেদে যাহা কিছু থাকুক না কেন, যেক্ষেত্রে ৭২(৪) অনুচ্ছেদের অধীন কোন ভংগ হইয়া যাওয়া সংসদকে পুনরাহ্বান করা হয় সেক্ষেত্রে এই পরিচ্ছেদ প্রযোজ্য হইবে।"।

৩। **সংবিধানে নূতন ২ক পরিচ্ছেদের সন্নিবেশ**।— সংবিধানের চতুর্থ ভাগের ২য় পরিচ্ছেদের পর নিম্নরূপ নূতন পরিচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"২ক পরিচ্ছেদ—নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার

৫৮খ। **নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার**।— (১) সংসদ ভাংগিয়া দেওয়ার পর বা মেয়াদ অবসানের কারণে ভংগ হইবার পর যে তারিখে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা কার্যভার গ্রহণ করেন সেই তারিখ হইতে সংসদ গঠিত হওয়ার পর নূতন প্রধানমন্ত্রী তাঁহার পদের কার্যভার গ্রহণ করার তারিখ পর্যন্ত মেয়াদে একটি নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার থাকিবে।

(২) নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার যৌথভাবে রাষ্ট্রপতির নিকট দায়ী থাকিবেন।

(৩) (১) দফায় উল্লেখিত মেয়াদে প্রধান উপদেষ্টা কর্তৃক বা তাঁহার কর্তৃত্বে এই সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা, ৫৮ঘ (১) অনুচ্ছেদের বিধানাবলী সাপেক্ষে, প্রযুক্ত হইবে এবং নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের পরামর্শ অনুযায়ী তৎ-কর্তৃক উহা প্রযুক্ত হইবে।

---

* সংবিধান (ত্রয়োদশ সংশোধন) আইন, ১৯৯৬ সুপ্রীম কোর্ট কর্তৃক প্রদত্ত ত্রয়োদশ সংশোধনী মামলার রায়ে অবৈধ ও অসাংবিধানিক ঘোষিত হইয়াছে।

APPENDIX XV

* THE CONSTITUTION (THIRTEENTH AMENDMENT) ACT, 1996

১৯৯৬ সনের ১ নং আইন

[২৮শে মার্চ, ১৯৯৬]

An Act further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh

WHEREAS it is expedient further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh for the purposes hereinafter appearing ;

It is hereby enacted as follows :–

1. **Short title.**– This Act may be called the Constitution (Thirteenth Amendment) Act, 1996.

2. **Insertion of new article 58A in the Constitution.**–In the Constitution of the People's Republic of Bangladesh, hereinafter referred to as the Constitution, after article 58, the following new article shall be inserted, namely :–

"58A. **Application of Chapter.**–Nothing in this Chapter, except the provisions of article 55 (4), (5) and (6), shall apply during the period in which Parliament is dissolved or stands dissolved :

Provided that, notwithstanding anything contained in Chapter IIA, where the President summons Parliament that has been dissolved to meet under article 72(4), this Chapter shall apply."

3. **Insertion of new Chapter IIA in the Constitution.**–In the Constitution, in Part IV, after Chapter II, the following new Chapter shall be inserted, namely :–

"CHAPTER IIA–NON-PARTY CARE-TAKER GOVERNMENT

58B . **The Non-Party Care-taker Government.**–(1) There shall be a Non-Party Care-taker Government during the period from the date on which the Chief Adviser of such government enters upon office after Parliament is dissolved or stands dissolved by reason of expiration of its term till the date on which a new Prime Minister enters upon his office after the constitution of Parliament.

(2) The Non-Party Care-taker Government shall be collectively responsible to the President.

(3) The executive power of the Republic shall, during the period mentioned in clause (1), be exercised, subject to the provisions of article 58D (1), in accordance with this Constitution, by or on the authority of the Chief Adviser and shall be exercised by him in accordance with the advice of the Non-Party Care-taker Government.

---

* The Constitution (Thirteenth Amendment) Act, 1996 has been declared illegal and unconstitutional by the Supreme Court in the Constitution Thirteenth Amendment case.

(৪) ৫৫(৪), (৫) ও (৬) অনুচ্ছেদের বিধানাবলী (প্রয়োজনীয় অভিযোজন সহকারে) (১) দফায় উল্লেখিত মেয়াদে একইরূপ বিষয়াবলীর ক্ষেত্রে প্রযুক্ত হইবে।

৫৮গ। **নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের গঠন, উপদেষ্টাগণের নিয়োগ ইত্যাদি।**– (১) প্রধান উপদেষ্টার নেতৃত্বে প্রধান উপদেষ্টা এবং অপর অনধিক দশজন উপদেষ্টার সমন্বয়ে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার গঠিত হইবে, যাঁহারা রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন।

(২) সংসদ ভাংগিয়া দেওয়ার বা ভংগ হইবার পরবর্তী পনের দিনের মধ্যে প্রধান উপদেষ্টা এবং অন্যান্য উপদেষ্টাগণ নিযুক্ত হইবেন এবং যে তারিখে সংসদ ভাংগিয়া দেওয়া হয় বা ভংগ হয় সেই তারিখ হইতে যে তারিখে প্রধান উপদেষ্টা নিযুক্ত হন সেই তারিখ পর্যন্ত মেয়াদে সংসদ ভাঙ্গিয়া দেওয়ার বা ভংগ হইবার অব্যবহিত পূর্বে দায়িত্ব পালনরত প্রধানমন্ত্রী ও তাহার মন্ত্রিসভা তাঁহাদের দায়িত্ব পালন করিতে থাকিবেন।

(৩) রাষ্ট্রপতি বাংলাদেশের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিগণের মধ্যে যিনি সর্বশেষে অবসরপ্রাপ্ত হইয়াছেন এবং যিনি এই অনুচ্ছেদের অধীন উপদেষ্টা নিযুক্ত হইবার যোগ্য তাঁহাকে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, যদি উক্তরূপ অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদ গ্রহণে অসম্মত হন, তাহা হইলে রাষ্ট্রপতি বাংলাদেশের সর্বশেষ অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতির অব্যবহিত পূর্বে অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন।

(৪) যদি কোন অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিকে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদ গ্রহণে অসম্মত হন, তাহা হইলে রাষ্ট্রপতি আপীল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারকগণের মধ্যে যিনি সর্বশেষে অবসরপ্রাপ্ত হইয়াছেন এবং যিনি এই অনুচ্ছেদের অধীন উপদেষ্টা নিযুক্ত হইবার যোগ্য তাহাকে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, যদি উক্তরূপ অবসরপ্রাপ্ত বিচারককে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদ গ্রহণে অসম্মত হন, তাহা হইলে রাষ্ট্রপতি আপীল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারকগণের মধ্যে সর্বশেষে অবসরপ্রাপ্ত অনুরূপ বিচারকের অব্যবহিত পূর্বে অবসরপ্রাপ্ত বিচারককে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন।

(৫) যদি আপীল বিভাগের কোন অবসরপ্রাপ্ত বিচারককে পাওয়া না যায় অথবা তিনি প্রধান উপদেষ্টার পদ গ্রহণে অসম্মত হন, তাহা হইলে রাষ্ট্রপতি, যতদূর সম্ভব, প্রধান রাজনৈতিক দলসমূহের সহিত আলোচনাক্রমে, বাংলাদেশের যে সকল নাগরিক এই অনুচ্ছেদের অধীনে উপদেষ্টা নিযুক্ত হইবার যোগ্য তাহাদের মধ্য হইতে প্রধান উপদেষ্টা নিয়োগ করিবেন।

(৬) এই পরিচ্ছেদে যাহা কিছু থাকুক না কেন, যদি (৩), (৪) ও (৫) দফাসমূহের বিধানাবলীকে কার্য্যকর করা না যায়, তাহা হইলে রাষ্ট্রপতি এই সংবিধানের অধীন তাঁহার স্বীয় দায়িত্বের অতিরিক্ত হিসাবে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব গ্রহণ করিবেন।

(৭) রাষ্ট্রপতি-

(ক) সংসদ-সদস্য হিসাবে নির্বাচিত হইবার যোগ্য ;

(4) The provisions of article 55(4), (5) and (6) shall (with the necessary adaptations) apply to similar matters during the period mentioned in clause (1).

58C. Composition of the Non-Party Care-taker Government, appointment of Advisers, etc. :—(1) The Non-Party Care-taker Government shall consist of the Chief Adviser at its head and not more than ten other Advisers, all of whom shall be appointed by the President.

(2) The Chief Adviser and other Advisers shall be appointed within fifteen days after Parliament is dissolved or stands dissolved, and during the period between the date on which Parliament is dissolved or stands dissolved and the date on which the Chief Adviser is appointed, the Prime Minister and his cabinet who were in office immediately before Parliament was dissolved or stood dissolved shall continue to hold office as such.

(3) The President shall appoint as Chief Adviser the person who among the retired Chief Justices of Bangladesh retired last and who is qualified to be appointed as an Adviser under this article :

Provided that if such retired Chief Justice is not available or is not willing to hold the office of Chief Adviser, the President shall appoint as Chief Adviser the person who among the retired Chief Justices of Bangladesh retired next before the last retired Chief Justice.

(4) If no retired Chief Justice is available or willing to hold the office of Chief Adviser, the President shall appoint as Chief Adviser the person who among the retired Judges of the Appellate Division retired last and who is qualified to be appointed as an Adviser under this article :

Provided that if such retired Judge is not available or is not willing to hold the office of Chief Adviser, the President shall appoint as Chief Adviser the person who among the retired Judges of the Appellate Division retired next before the last such retired Judge.

(5) If no retired Judge of the Appellate Division is available or willing to hold the office of Chief Adviser, the President shall, after consultation, as far as practicable, with the major political parties, appoint the Chief Adviser from among citizens of Bangladesh who are qualified to be appointed as Advisers under this article.

(6) Notwithstanding anything contained in this Chapter, if the provisions of clauses (3), (4) and (5) cannot be given effect to, the President shall assume the functions of the Chief Adviser of the Non-Party Care-taker Government in addition to his own functions under this Constitution.

(7) The President shall appoint Advisers from among the persons who are—

(a) qualified for election as members of Parliament ;

(খ) কোন রাজনৈতিক দল অথবা কোন রাজনৈতিক দলের সহিত যুক্ত বা অংগীভূত কোন সংগঠনের সদস্য নহেন ;

(গ) সংসদ-সদস্যদের আসন্ন নির্বাচনে প্রার্থী নহেন, এবং প্রার্থী হইবেন না মর্মে লিখিতভাবে সম্মত হইয়াছেন ;

(ঘ) বাহাত্তর বৎসরের অধিক বয়স্ক নহেন।

এইরূপ ব্যক্তিগণের মধ্য হইতে উপদেষ্টা নিয়োগ করিবেন।

(৮) রাষ্ট্রপতি প্রধান উপদেষ্টার পরামর্শ অনুযায়ী উপদেষ্টাগণের নিয়োগদান করিবেন।

(৯) রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বহস্তে লিখিত ও স্বাক্ষরযুক্ত পত্রযোগে প্রধান উপদেষ্টা বা কোন উপদেষ্টা স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(১০) প্রধান উপদেষ্টা বা কোন উপদেষ্টা এই অনুচ্ছেদের অধীন উক্তরূপ নিয়োগের যোগ্যতা হারাইলে তিনি উক্ত পদে বহাল থাকিবেন না।

(১১) প্রধান উপদেষ্টা প্রধানমন্ত্রীর পদমর্যাদা এবং পারিশ্রমিক ও সুযোগ-সুবিধা লাভ করিবেন এবং উপদেষ্টা মন্ত্রীর পদমর্যাদা এবং পারিশ্রমিক ও সুযোগ-সুবিধা লাভ করিবেন।

(১২) নূতন সংসদ গঠিত হইবার পর প্রধানমন্ত্রী যে তারিখে তাঁহার পদের কার্য্যভার গ্রহণ করেন সেই তারিখে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার বিলুপ্ত হইবে।

৫৮ঘ। নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের কার্যাবলী।–(১) নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার একটি অন্তর্বর্তীকালীন সরকার হিসাবে ইহার দায়িত্ব পালন করিবেন এবং প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত ব্যক্তিগণের সাহায্য ও সহায়তায় উক্তরূপ সরকারের দৈনন্দিন কার্যাবলী সম্পাদন করিবেন ; এবং এইরূপ কার্যাবলী সম্পাদনের প্রয়োজন ব্যতীত কোন নীতি নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণ করিবেন না।

(২) নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার শান্তিপূর্ণ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সংসদ-সদস্যগণের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের জন্য যেরূপ সাহায্য ও সহায়তার প্রয়োজন হইবে, নির্বাচন কমিশনকে সেইরূপ সকল সম্ভাব্য সাহায্য ও সহায়তা প্রদান করিবেন।

৫৮ঙ। সংবিধানের কতিপয় বিধানের অকার্যকরতা।–এই সংবিধানের ৪৮(৩), ১৪১ক(১) এবং ১৪১গ(১) অনুচ্ছেদে যাহাই থাকুক না কেন, ৫৮খ অনুচ্ছেদের (১) দফার মেয়াদে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের কার্যকালে রাষ্ট্রপতি কর্তৃক প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী বা তাঁহার প্রতিস্বাক্ষর গ্রহণান্তে কার্য করার বিধানসমূহ অকার্য্যকর হইবে।"।

৪। সংবিধানের ৬১ অনুচ্ছেদের সংশোধন।–সংবিধানের ৬১ অনুচ্ছেদের "নিয়ন্ত্রিত হইবে" শব্দগুলির পরিবর্তে "নিয়ন্ত্রিত হইবে এবং যে মেয়াদে ৫৮খ অনুচ্ছেদের অধীন নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার থাকিবে সেই মেয়াদে উক্ত আইন রাষ্ট্রপতি কর্তৃক পরিচালিত হইবে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(b) not members of any political party or of any organisation associated with or affiliated to any political party ;

(c) not, and have agreed in writing not to be, candidates for the ensuring election of members of Parliament ;

(d) not over seventy-two years of age.

(8) The Advisers shall be appointed by the President on the advice of the Chief Adviser.

(9) The Chief Adviser or an Adviser may resign his office by writing under his hand addressed to the President.

(10) The Chief Adviser or an Adviser shall cease to be Chief Adviser or Adviser if he is disqualified to be appointed as such under this article.

(11) The Chief Adviser shall have the status, and shall be entitled to the remuneration and privileges, of a Prime Minister, and an Adviser shall have the status, and shall be entitled to the remuneration and privileges, of a Minister.

(12) The Non-Party Care-taker Government shall stand dissolved on the date on which the Prime Minister enters upon his office after the constitution of new Parliament.

58D. **Functions of Non-Party Care-taker Government.**–(1) The Non-Party Care-taker Government shall discharge its functions as an interim government and shall carry on the routine functions of such government with the aid and assistance of persons in the services of the Republic ; and, except in the case of necessity for the discharge of such functions its shall not make any policy decision.

(2) The Non-Party Care-taker Government shall give to the Election Commission all possible aid and assistance that may be required for holding the general election of members of Parliament peacefully, fairly and impartially.

58E. **Certain provisions of the Constitution to remain ineffective.**– Notwithstanding anything contained in articles 48(3), 141A(1) and 141C(1) of the Constitution, during the period the Non-Party Care-taker Government is functioning, provisions in the Constitution requiring the President to act on the advice of the Prime Minister or upon his prior counter-signature shall be ineffective.".

4. **Amendment of article 61 of the Constitution.**–In the Constitution, in article 61, after the word "law" at the end, the commas, words and figure "and such law shall, during the period in which there is a Non-Party Care-taker Government under article 58B, be administered by the President.".

৫। সংবিধানের ৯৯ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ৯৯ অনুচ্ছেদের (১) দফায় "আধা-বিচার বিভাগীয় পদ" শব্দগুলির পরিবর্তে "আধা-বিচার বিভাগীয় পদ অথবা প্রধান উপদেষ্টা বা উপদেষ্টার পদ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। সংবিধানের ১২৩ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১২৩ অনুচ্ছেদের (৩) দফার পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৩) মেয়াদ অবসানের কারণে অথবা মেয়াদ অবসান ব্যতীত অন্য কোন কারণে সংসদ ভাংগিয়া যাইবার পরবর্তী নব্বই দিনের মধ্যে সংসদ-সদস্যদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবে।"।

৭। সংবিধানের ১৪৭ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৪৭ অনুচ্ছেদের (৪) দফায়,—

(ক) (খ) উপ-দফার পরিবর্তে নিম্নরূপ উপ-দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(খ) প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টা ;" এবং

(খ) (ঘ) উপ-দফার পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ঘ) মন্ত্রী, উপদেষ্টা, প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী ; "।

৮। সংবিধানের ১৫২ অনুচ্ছেদের সংশোধন।—সংবিধানের ১৫২ অনুচ্ছেদের (১) দফায়,—

(ক) "অনুচ্ছেদ" অভিব্যক্তির সংজ্ঞার পর নিম্নরূপ সংজ্ঞা সন্নিবেশিত হইবে, যথা ঃ—

" "উপদেষ্টা" অর্থ ৫৮গ অনুচ্ছেদের অধীন উক্ত পদে নিযুক্ত কোন ব্যক্তি ;"

(খ) "প্রজাতন্ত্রের কর্ম" অভিব্যক্তির সংজ্ঞার পর নিম্নরূপ সংজ্ঞা সন্নিবেশিত হইবে, যথা ঃ—

" "প্রধান উপদেষ্টা" অর্থ ৫৮গ অনুচ্ছেদের অধীন উক্ত পদে নিযুক্ত কোন ব্যক্তি ;"।

৯। সংবিধানের তৃতীয় তফসিলের সংশোধন।—(১) সংবিধানের তৃতীয় তফসিলের ফরম ১ এর পর নিম্নরূপ ফরম ১ক সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"১ক। রাষ্ট্রপতি কর্তৃক প্রধান উপদেষ্টার দায়িত্ব পালনের ক্ষেত্রে।—প্রধান বিচারপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা) পাঠ পরিচালিত হইবে ঃ

(ক) পদের শপথ (বা ঘোষণা) ঃ

"আমি, ..., সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা পদের কর্তব্য বিশ্বস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ;

5. **Amendment of article 99 of the Constitution.**–In the Constitution, in article 99, in clause (1), after the words "quasi-judicial office", the words "or the office of Chief Adviser or Adviser" shall be inserted.

6. **Amendment of article 123 of the Constitution.**–In the Constitution, in article 123, for clause (3) the following shall be substituted, namely :—

"(3) A general election of members of Parliament shall be held within ninety days after Parliament is dissolved, whether by reason of the expiration of its term or otherwise than by reason of such expiration.".

7. **Amendment of article 147 of the Constitution.**–In the Constitution, in article 147, in clause (4),–

(a) for sub-clause (b) the following sub-clause shall be substituted, namely :—

"(b) Prime Minister or Chief Adviser," and

(b) for sub-clause (d) the following sub-clause shall be substituted, namely :—

"(d) Minister, Adviser, Minister of State or Deputy Minister ;".

8. **Amendment of article 152 of the Constitution.**–In the Constitution, in article 152, in clause (1)—

(a) after the definition of the expression "administrative unit", the following definition shall be inserted namely :—

" "Adviser" means a person appointed to that office under article 58C ;" and

(b) after the definition of the expression "the capital", the following definition shall be inserted, namely :—

" "Chief Adviser" means a person appointed to that office under article 58C.".

9. **Amendment of the Third Schedule to the Constitution.**–(1) In the Constitution, in the Third Schedule, after form 1, the following new form 1A shall be inserted, namely :—

"**1A. The President in the case of performing the functions of the Chief Adviser.**–Oaths (or affirmations) in the following forms shall be administered by the Chief Justice–

(a) Oath (or affirmation) of office :

"I, ..." do solemnly swear (or affirm) that I will faithfully discharge the duties of the office of Chief Adviser of the Non-Party Care-taker Government according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh :

That I will preserve, protect and defend the Constitution :

এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব।" ;

(খ) গোপনতার শপথ (বা ঘোষণা) ঃ

"আমি, ..., সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টারূপে যে সকল বিষয় আমার বিবেচনার জন্য আনীত হইবে বা যে সকল বিষয় আমি অবগত হইব, তাহা প্রধান উপদেষ্টারূপে যথাযথভাবে আমার কর্তব্য পালনের প্রয়োজন ব্যতীত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যক্তিকে জ্ঞাপন করিব না বা কোন ব্যক্তির নিকট প্রকাশ করিব না।" ;

(২) সংবিধানের তৃতীয় তফসিলের ফরম ২ এর পর নিম্নরূপ ফরম ২ক সন্নিবেশিত হইবে, যথা ঃ–

"২ক। প্রধান উপদেষ্টা এবং উপদেষ্টাগণ রাষ্ট্রপতি কর্তৃক নিম্নলিখিত ফরমে শপথ (বা ঘোষণা) পাঠ পরিচালিত হইবে ঃ

(ক) পদের শপথ (বা ঘোষণা) ঃ

"আমি, ..., সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, আমি আইন-অনুযায়ী নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা (কিংবা উপদেষ্টা) পদের কর্তব্য বিশ্বস্ততার সহিত পালন করিব ;

আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব ;

আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তাবিধান করিব ; এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন-অনুযায়ী যথাবিহিত আচরণ করিব।" ;

(খ) গোপনতার শপথ (বা ঘোষণা) ঃ

"আমি, ..., সশ্রদ্ধচিত্তে শপথ (বা দৃঢ়ভাবে ঘোষণা) করিতেছি যে, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা (কিংবা উপদেষ্টা) রূপে যে সকল বিষয় আমার বিবেচনার জন্য আনীত হইবে বা যে সকল বিষয় আমি অবগত হইব, তাহা প্রধান উপদেষ্টা (কিংবা উপদেষ্টা) রূপে যথাযথভাবে আমার কর্তব্য পালনের প্রয়োজন ব্যতীত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যক্তিকে জ্ঞাপন করিব না বা কোন ব্যক্তির নিকট প্রকাশ করিব না।"।

And that I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will." ;

(b) Oath (or Affirmation) of secrecy :

"I, ..., do solemnly swear (or affirm) that I will not directly or indirectly communicate or reveal to any person any matter which shall be brought under my consideration or shall become known to me as Chief Adviser of the Non-Party Care-taker Government except as may be required for the due discharge of my duty as Chief Adviser.".

(2) In the Constitution, in the Third Schedule, after form 2, the following new form shall be inserted, namely :–

"2A. The Chief Adviser ....

.... and Advisers.—Oaths (or affirmations) in the following forms shall be administered by the President—

(a) Oath (or affirmation) of office :

"I, ..., do solemnly swear (or affirm) that I will faithfully, discharge the duties of the office of the Chief Adviser (or Adviser) of the Non-Party Care-taker Government, according to law :

That I will bear true faith and allegiance to Bangladesh ;

That I will preserve, protect and defend the Constitution ;

That I will do right to all manner of people according to law, without fear or favour, affection or ill-will." ;

(b) Oath (or affirmation) of secrecy :

"I, ..., do solemnly swear (or affirm) that I will not directly or indirectly communicate or reveal to any person any matter which shall be brought under my consideration or shall become known to me as Chief Adviser (or Adviser) of the Non-Party Care-taker Government, except as may be required for the due discharge of my duty as Chief Adviser (or Adviser).".

পরিশিষ্ট ১৬
সংবিধান (চতুর্দশ সংশোধন) আইন, ২০০৪
২০০৪ সনের ১৪ নং আইন

[১৭ মে, ২০০৪]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন।**—(১) এই আইন সংবিধান (চতুর্দশ সংশোধন) আইন, ২০০৪ নামে অভিহিত হইবে।

(২) এই আইন অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংবিধানে নতুন ৪ক অনুচ্ছেদের সন্নিবেশ।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, অতঃপর সংবিধান বলিয়া উল্লিখিত, এর ৪ অনুচ্ছেদের পর নিম্নরূপ নতুন ৪ক অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথা ঃ–

"৪ক। প্রতিকৃতি।—(১) রাষ্ট্রপতির প্রতিকৃতি রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও স্পীকারের কার্যালয় এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস ও মিশনসমূহে সংরক্ষণ ও প্রদর্শন করিতে হইবে।

(২) (১) দফার অতিরিক্ত কেবলমাত্র প্রধানমন্ত্রীর প্রতিকৃতি রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও স্পীকারের কার্যালয় এবং সকল সরকারী ও আধা-সরকারী অফিস, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষের প্রধান ও শাখা কার্যালয়, সরকারী শিক্ষা প্রতিষ্ঠান, বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস ও মিশনসমূহে সংরক্ষণ ও প্রদর্শন করিতে হইবে।"।

৩। **সংবিধানের ৬৫ অনুচ্ছেদের সংশোধন।**—সংবিধানের ৬৫ অনুচ্ছেদের (৩) দফার পরিবর্তে নিম্নরূপ (৩) দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"(৩) সংবিধান (চতুর্দশ সংশোধন) আইন, ২০০৪ প্রবর্তনকালে বিদ্যমান সংসদের অব্যবহিত পরবর্তী সংসদের প্রথম বৈঠকের তারিখ হইতে শুরু করিয়া দশ বৎসর কাল অতিবাহিত হইবার অব্যবহিত পরবর্তীকালে সংসদ ভাঙ্গিয়া না যাওয়া পর্যন্ত পঁয়তাল্লিশটি আসন কেবল মহিলা-সদস্যদের জন্য সংরক্ষিত থাকিবে এবং তাঁহারা আইনানুযায়ী পূর্বোক্ত সদস্যদের দ্বারা সংসদে আনুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতির ভিত্তিতে একক হস্তান্তরযোগ্য ভোটের মাধ্যমে নির্বাচিত হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, এই দফার কোন কিছুই এই অনুচ্ছেদের (২) দফার অধীন কোন আসনে কোন মহিলার নির্বাচন নিবৃত্ত করিবে না।"।

৪। **সংবিধানের ৮২ অনুচ্ছেদের সংশোধন।**—সংবিধানের ৮২ অনুচ্ছেদের "সরকারী অর্থ ব্যয়ের প্রশ্ন জড়িত রহিয়াছে, এমন কোন অর্থ বিল বা বিল" শব্দগুলি ও কমার পরিবর্তে " কোন অর্থ বিল, অথবা সরকারী অর্থ ব্যয়ের প্রশ্ন জড়িত রহিয়াছে এমন কোন বিল" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

APPENDIX XVI
THE CONSTITUTION (FOURTEENTH AMENDMENT) ACT, 2004
২০০৪ সনের ১৪ নং আইন

[১৭ মে, ২০০৪]

An Act Further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh.

WHEREAS it is expedient further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh for the purposes hereinafter appearing ;

It is hereby enacted as follows :–

1. Short title and commencement .—(1) This Act may be called the Constitution (Fourteenth Amendment) Act, 2004.

(2) This Act shall come into force at once.

2. Insertion of article 4A in the Constitution .—In the Constitution of the People's Republic of Bangladesh, hereinafter referred to as the Constitution, after article 4, the following new artcle shall be inserted, namely :–

"**4A. Portrait** .–(1) Portrait of the President shall be preserved and displayed at the offices of the President, Prime Minister and Speaker, and all embassies and missions of Bangladesh abroad.

(2) In addition to clause (1), Portrait, of only the prime Minister, shall be preserved and displayed at the offices of the President and the Speaker, and in head and branch offices of all government and semi-government offices, autonomous bodies, statutory public authorities, government educational institutions, embassies and missions of Bangladesh abroad."

3. Amendment of article 65 of the Constitution .—In the Constitution, in article 65 for clause (3), the following clause (3) shall be substituted, namely :–

"(3) Until the dissolution of Parliament occurring next after the expiration of the period of ten years beginning from the date of the first meeting of the Parliament next after the Parliament in existence at the time of the commencement of the Constitution (Fourteenth Amendment) Act, 2004, there shall be reserved forty five seats exclusively for women members and they will be elected by the aforesaid members in accordance with law on the basis of procedure of proportional representation in the Parliament through single transferable vote :

Provided that nothing in this clause shall be deemed to prevent a woman from being elected to any of the seats provided for in clause (2) of the article."

৫। **সংবিধানের ৯৬ অনুচ্ছেদের সংশোধন।**—সংবিধানের ৯৬ অনুচ্ছেদের (১) দফায় "পঁয়ষট্টি" শব্দটির পরিবর্তে "সাতষট্টি" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৬। **সংবিধানের ১২৯ অনুচ্ছেদের সংশোধন।**—সংবিধানের ১২৯ অনুচ্ছেদের (১) দফার পরিবর্তে নিম্নরূপ দফা প্রতিস্থাপিত হইবে, যথা :–

"(১) এই অনুচ্ছেদের বিধানাবলী-সাপেক্ষে মহা হিসাব-নিরীক্ষক তাঁহার দায়িত্ব গ্রহণের তারিখ হইতে পাঁচ বৎসর বা তাঁহার পঁয়ষট্টি বৎসর বয়স পূর্ণ হওয়া ইহার মধ্যে যাহা অগ্রে ঘটে, সেই কাল পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন।"

৭। **সংবিধানের ১৩৯ অনুচ্ছেদের সংশোধন।**—সংবিধানের ১৩৯ অনুচ্ছেদের (১) দফায় "বাষট্টি" শব্দটির পরিবর্তে "পঁয়ষট্টি" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৮। **সংবিধানের ১৪৮ অনুচ্ছেদের সংশোধন।**—সংবিধানের ১৪৮ অনুচ্ছেদের (২) দফার পর নিম্নরূপ নতুন দফা সন্নিবেশিত হইবে, যথা :–

"(২ক) ১২৩ অনুচ্ছেদের (৩) দফার অধীন অনুষ্ঠিত সংসদ-সদস্যদের সাধারণ নির্বাচনের ফলাফল সরকারী গেজেটে প্রজ্ঞাপিত হইবার তারিখ হইতে পরবর্তী তিন দিনের মধ্যে এই সংবিধানের অধীন এতদুদ্দেশ্যে নির্দিষ্ট ব্যক্তি বা তদুদ্দেশ্যে অনুরূপ ব্যক্তি কর্তৃক নির্ধারিত অন্য কোন ব্যক্তি যে কোন কারণে নির্বাচিত সদস্যদের শপথ পাঠ পরিচালনা করিতে ব্যর্থ হইলে বা না করিলে, প্রধান নির্বাচন কমিশনার উহার পরবর্তী তিন দিনের মধ্যে উক্ত শপথ পাঠ পরিচালনা করিবেন, যেন এই সংবিধানের অধীন তিনিই ইহার জন্য নির্দিষ্ট ব্যক্তি।"।

৯। **সংবিধানের চতুর্থ তফসিলের সংশোধন।**—সংবিধানের চতুর্থ তফসিলের ২২ অনুচ্ছেদের পর নিম্নরূপ নতুন ২৩ অনুচ্ছেদ সংযোজিত হইবে, যথা :–

"২৩। **সংসদে মহিলা-সদস্য সম্পর্কিত অস্থায়ী বিশেষ বিধান।**—(১) সংবিধান (চতুর্দশ সংশোধন) আইন, ২০০৪ প্রবর্তনকালে বিদ্যমান সংসদের অবশিষ্ট মেয়াদের জন্য পঁয়তাল্লিশটি আসন কেবল মহিলা-সদস্যদের জন্য সংরক্ষিত থাকিবে এবং তাঁহারা আইনানুযায়ী সংসদ-সদস্যদের দ্বারা সংসদে আনুপাতিক প্রতিনিধিত্ব পদ্ধতির ভিত্তিতে একক হস্তান্তরযোগ্য ভোটের মাধ্যমে নির্বাচিত হইবেন।

(২) (১) দফায় উল্লিখিত মেয়াদে, ৬৫ অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত তিনশত সদস্য এবং এই অনুচ্ছেদে (১) দফায় বর্ণিত পঁয়তাল্লিশ মহিলা-সদস্য লইয়া সংসদ গঠিত হইবে।"

4. Amendment of article 96 of the Constitution .—In the Constitution, in Clause (1) of article 96, for the word "sixty-Five", the word "sixty-seven" shall be substituted.

5. Amendment of article 129 of the Constitution .—In the Constitution, in article 129, for clause (1), the following clause shall be substituted, namely :

"(I) The Auditor-General shall, subject to the provisions of the article, hold office for five years from the date on which he entered upon his office, or until he attains the age of sixty-five years, whichever is earlier."

6. Amendment of article 139 of the Constitution .—In the Constitution, in clause (1) of article 139, for the word "sixty-two", the word "sixty-five" shall be substituted.

7. Amendment of article 148 of the Constitution .—In the Constitution, in article 148, after clause (2), the following new clause shall be inserted, namely :-

"(2A) If, within three days next after publication through official Gazette of the result of a general election of members of Parliament under clause (3) of article 123, the person specified under the Constitution of the purpose or such other person designated by that person for the purpose, is unable to, or does not, administer oath to the newly elected members of Parliament, on any account, the Chief Election Commissioner shall administer such oath within three doys next thereafter, as if, he is the person specified under the Constitution for the purpose,"

8. Amendment of the Fourth Schedule to the Constitution .—In the Constitution, in the Fourth Schedule, after paragraph 22, the new following paragraph 23 shall be added, namely :-

"(23) **Temporary special provision regarding women members in the Parliament** :—
(1) For the residual period of the Parliament in existence at the time of the commencement of the Constitution (Fourteenth Amendment) Act, 2004, there shall be reserved forty five seats exclusively for women members and they will be elected by members of the Parliament in accordance with law on the basis of procedure of proportional representation in the Parliament through single transferable vote,

(2) During the period mentioned in sub-paragraph (1), the Parliament shall consist of the three hundred members mentioned in clause (2) of article 65 and the forty five women members mentioned in sub-paragraph (1) of this paragraph."

পরিশিষ্ট-১৭

২০১১ সনের ১৪ নং আইন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধানের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ–

১। **সংবিধান শিরোনামা ও প্রবর্তন**।–(১) এই আইন সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংবিধানের প্রারম্ভে, প্রস্তাবনার উপরে সংশোধন**।–গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান (অতঃপর সংবিধান বলিয়া উল্লিখিত), এর প্রারম্ভে, প্রস্তাবনার উপরে "বিসমিল্লাহির-রহ্‌মানির রহিম (দয়াময়, পরম দয়ালু, আল্লাহের নামে)" শব্দগুলি, কমা, চিহ্নগুলি ও বন্ধনীর পরিবর্তে নিম্নরূপ শব্দগুলি, চিহ্নগুলি, কমাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"বিস্‌মিল্লাহির-রহ্‌মানির রহিম
(দয়াময়, পরম দয়ালু, আল্লাহের নামে)/
পরম করুণাময় সৃষ্টিকর্তার নামে।"।

৩। **সংবিধানের প্রস্তাবনার সংশোধন**।–সংবিধানের প্রস্তাবনার–

(ক) প্রথম অনুচ্ছেদে "জাতীয় স্বাধীনতার জন্য ঐতিহাসিক যুদ্ধের" শব্দগুলির পরিবর্তে "জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রামের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ; এবং

(খ) দ্বিতীয় অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ দ্বিতীয় অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"আমরা অঙ্গীকার করিতেছি যে, যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদদিগকে প্রাণোৎসর্গ করিতে উদ্বুদ্ধ করিয়াছিল– জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার সেই সকল আদর্শ এই সংবিধানের মূলনীতি হইবে ; "।

৪। **সংবিধানের ২ক অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ২ক অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ২ক অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**২ক। রাষ্ট্রধর্ম**।–প্রজাতন্ত্রের রাষ্ট্রধর্ম ইসলাম, তবে হিন্দু, বৌদ্ধ, খ্রীস্টানসহ অন্যান্য ধর্ম পালনে রাষ্ট্র সমমর্যাদা ও সমঅধিকার নিশ্চিত করিবেন।"।

৫। **সংবিধানের ৪ক অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ৪ক অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৪ক অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**৪ক। জাতির পিতার প্রতিকৃতি**।– জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্পীকার ও প্রধান বিচারপতির কার্যালয় এবং সকল সরকারী ও আধা-সরকারী অফিস, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষের প্রধান ও শাখা কার্যালয়, সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান, বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস ও মিশনসমূহে সংরক্ষণ ও প্রদর্শন করিতে হইবে। "।

৬। **সংবিধানের ৬ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ৬ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৬ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**৬। নাগরিকত্ব**।– (১) বাংলাদেশের নাগরিকত্ব আইনের দ্বারা নির্ধারিত ও নিয়ন্ত্রিত হইবে।

(২) বাংলাদেশের জনগণ জাতি হিসাবে বাঙালী এবং নাগরিকগণ বাংলাদেশী বলিয়া পরিচিত হইবেন। "।

৭। **সংবিধানে নূতন ৭ক এবং ৭খ অনুচ্ছেদের সন্নিবেশ**।–সংবিধানের ৭ অনুচ্ছেদের পর নিম্নরূপ দুইটি নূতন অনুচ্ছেদ যথাক্রমে ৭ক এবং ৭খ সন্নিবেশিত হইবে, যথা ঃ–

"**৭ক। সংবিধান বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি অপরাধ**।–(১) কোন ব্যক্তি শক্তি প্রদর্শন বা শক্তি প্রয়োগের মাধ্যমে বা অন্য কোন অসাংবিধানিক পন্থায়–

(ক) এই সংবিধান বা ইহার কোন অনুচ্ছেদ রদ, রহিত বা বাতিল বা স্থগিত করিলে কিংবা উহা করিবার জন্য উদ্যোগ গ্রহণ বা ষড়যন্ত্র করিলে ; কিংবা

(খ) এই সংবিধান বা ইহার কোন বিধানের প্রতি নাগরিকের আস্থা, বিশ্বাস বা প্রত্যয় পরাহত করিলে কিংবা উহা করিবার জন্য উদ্যোগ গ্রহণ বা ষড়যন্ত্র করিলে–

তাহার এই কার্য রাষ্ট্রদ্রোহিতা হইবে এবং ঐ ব্যক্তি রাষ্ট্রদ্রোহিতার অপরাধে দোষী হইবে।

(২) কোন ব্যক্তি (১) দফায় বর্ণিত–

(ক) কোন কার্য করিতে সহযোগিতা বা উস্কানি প্রদান করিলে; কিংবা

(খ) কার্য অনুমোদন, মার্জনা, সমর্থন বা অনুসমর্থন করিলে–

তাহার এইরূপ কার্যও একই অপরাধ হইবে।

(৩) এই অনুচ্ছেদে বর্ণিত অপরাধে দোষী ব্যক্তি প্রচলিত আইনে অন্যান্য অপরাধের জন্য নির্ধারিত দণ্ডের মধ্যে সর্বোচ্চ দণ্ডে দণ্ডিত হইবে।

৭খ। সংবিধানের মৌলিক বিধানাবলী সংশোধন অযোগ্য।–

সংবিধানের ১৪২ অনুচ্ছেদে যাহা কিছুই থাকুক না কেন, সংবিধানের প্রস্তাবনা, প্রথম ভাগের সকল অনুচ্ছেদ, দ্বিতীয় ভাগের সকল অনুচ্ছেদ, নবম-ক ভাগে বর্ণিত অনুচ্ছেদসমূহের বিধানাবলী সাপেক্ষে তৃতীয় ভাগের সকল অনুচ্ছেদ এবং একাদশ ভাগের ১৫০ অনুচ্ছেদসহ সংবিধানের অন্যান্য মৌলিক কাঠামো সংক্রান্ত অনুচ্ছেদসমূহের বিধানাবলী সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন, রহিতকরণ কিংবা অন্য কোন পন্থায় সংশোধনের অযোগ্য হইবে। "।

৮। **সংবিধানের ৮ অনুচ্ছেদের সংশোধন**।–সংবিধানের ৮ অনুচ্ছেদের (১) ও (১ক) দফার পরিবর্তে নিম্নরূপ (১) দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"(১) জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা–এই নীতিসমূহ এবং তৎসহ এই নীতিসমূহ হইতে উদ্ভূত এই ভাগে বর্ণিত অন্য সকল নীতি রাষ্ট্র পরিচালনার মূলনীতি বলিয়া পরিগণিত হইবে। "।

৯। **সংবিধানের ৯ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ৯ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৯ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**৯। জাতীয়তাবাদ**।–ভাষাগত ও সংস্কৃতিগত একক সত্তাবিশিষ্ট যে বাঙালী জাতি ঐক্যবদ্ধ ও সংকল্পবদ্ধ সংগ্রাম করিয়া জাতীয় মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব অর্জন করিয়াছেন, সেই বাঙালী জাতির ঐক্য ও সংহতি হইবে বাঙালী জাতীয়তাবাদের ভিত্তি। "।

১০। **সংবিধানের ১০ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ১০ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১০ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**১০। সমাজতন্ত্র ও শোষণমুক্তি**।–মানুষের উপর মানুষের শোষণ হইতে মুক্ত ন্যায়ানুগ ও সাম্যবাদী সমাজলাভ নিশ্চিত করিবার উদ্দেশ্যে সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা হইবে। "।

১১। **সংবিধানের ১২ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ১২ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১২ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**১২। ধর্ম নিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা**।–ধর্ম নিরপেক্ষতা নীতি বাস্তবায়নের জন্য

(ক) সর্ব প্রকার সাম্প্রদায়িকতা,

(খ) রাষ্ট্র কর্তৃক কোন ধর্মকে রাজনৈতিক মর্যাদা দান,

(গ) রাজনৈতিক উদ্দেশ্যে ধর্মীয় অপব্যবহার,

(ঘ) কোন বিশেষ ধর্ম পালনকারী ব্যক্তির প্রতি বৈষম্য বা তাহার উপর নিপীড়ন,
বিলোপ করা হইবে। "।

১২। **সংবিধানে নূতন ১৮ক অনুচ্ছেদের সন্নিবেশ।**–সংবিধানের ১৮ অনুচ্ছেদের পর নিম্নরূপ নূতন ১৮ক অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথা ঃ–

"**১৮ক। পরিবেশ ও জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন।**–রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করিবেন এবং প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির সংরক্ষণ ও নিরাপত্তা বিধান করিবেন।"।

১৩। **সংবিধানের ১৯ অনুচ্ছেদের সংশোধন।**–সংবিধানের ১৯ অনুচ্ছেদের (২) দফার পর নিম্নরূপ নূতন (৩) দফা সংযোজিত হইবে, যথা ঃ–

"(৩) জাতীয় জীবনের সর্বস্তরে মহিলাদের অংশগ্রহণ ও সুযোগের সমতা রাষ্ট্র নিশ্চিত করিবেন।"।

১৪। **সংবিধানে নূতন ২৩ক অনুচ্ছেদের সন্নিবেশ।**–সংবিধানের ২৩ অনুচ্ছেদের পর নিম্নরূপ নূতন ২৩ক অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে, যথা ঃ–

"**২৩ক। উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের সংস্কৃতি।**–রাষ্ট্র বিভিন্ন উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের অনন্য বৈশিষ্ট্যপূর্ণ আঞ্চলিক সংস্কৃতি এবং ঐতিহ্য সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশের ব্যবস্থা গ্রহণ করিবেন।"।

১৫। **সংবিধানের ২৫ অনুচ্ছেদের সংশোধন।**–সংবিধানের ২৫ অনুচ্ছেদের–

(ক) (১) দফায় উল্লিখিত "(১)" সংখ্যা ও বন্ধনী বিলুপ্ত হইবে, এবং

(খ) (২) দফা বিলুপ্ত হইবে।

১৬। **সংবিধানের ৩৮ অনুচ্ছেদের প্রতিস্থাপন।**–সংবিধানের ৩৮ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৩৮ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**৩৮। সংগঠনের স্বাধীনতা।**–জনশৃংখলা ও নৈতিকতার স্বার্থে আইনের দ্বারা আরোপিত যুক্তিসংগত বাধা-নিষেধ সাপেক্ষে সমিতি বা সংঘ গঠন করিবার অধিকার প্রত্যেক নাগরিকের থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তির উক্তরূপ সমিতি বা সংঘ গঠন করিবার কিংবা উহার সদস্য হইবার অধিকার থাকিবে না, যদি–

(ক) উহা নাগরিকদের মধ্যে ধর্মীয়, সামাজিক এবং সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করিবার উদ্দেশ্যে গঠিত হয় ;

(খ) উহা ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী-পুরুষ, জন্মস্থান বা ভাষার ক্ষেত্রে নাগরিকদের মধ্যে বৈষম্য সৃষ্টি করিবার উদ্দেশ্যে গঠিত হয় ;

(গ) উহা রাষ্ট্র বা নাগরিকদের বিরুদ্ধে কিংবা অন্য কোন দেশের বিরুদ্ধে সন্ত্রাসী বা জঙ্গী কার্য পরিচালনার উদ্দেশ্যে গঠিত হয় ; বা

(ঘ) উহার গঠন ও উদ্দেশ্য এই সংবিধানের পরিপন্থী হয়।"।

১৭। **সংবিধানের ৪২ অনুচ্ছেদের সংশোধন**।–সংবিধানের ৪২ অনুচ্ছেদের (২) এবং (৩) দফার পরিবর্তে নিম্নরূপ (২) দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"(২) এই অনুচ্ছেদের (১) দফার অধীন প্রণীত আইনে ক্ষতিপূরণসহ বাধ্যতামূলকভাবে গ্রহণ, রাষ্ট্রায়ত্তকরণ বা দখলের বিধান করা হইবে এবং ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণ কিংবা ক্ষতিপূরণ নির্ণয় ও প্রদানের নীতি ও পদ্ধতি নির্দিষ্ট করা হইবে ; তবে অনুরূপ কোন আইনে ক্ষতিপূরণের বিধান অপর্যাপ্ত হইয়াছে বলিয়া সেই আইন সম্পর্কে কোন আদালতে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না। "।

১৮। **সংবিধানের ৪৪ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ৪৪ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৪৪ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**৪৪। মৌলিক অধিকার বলবৎকরণ**।–(১) এই ভাগে প্রদত্ত অধিকারসমূহ বলবৎ করিবার জন্য এই সংবিধানের ১০২ অনুচ্ছেদের (১) দফা অনুযায়ী হাইকোর্ট বিভাগের নিকট মামলা রুজু করিবার অধিকারের নিশ্চয়তা দান করা হইল।

(২) এই সংবিধানের ১০২ অনুচ্ছেদের অধীন হাইকোর্ট বিভাগের ক্ষমতার হানি না ঘটাইয়া সংসদ আইনের দ্বারা অন্য কোন আদালতকে তাহার এখতিয়ারের স্থানীয় সীমার মধ্যে ঐ সকল বা উহার যে কোন ক্ষমতা দান করিতে পারিবেন। "।

১৯। **সংবিধানের ৪৭ অনুচ্ছেদের সংশোধন**।–সংবিধানের ৪৭ অনুচ্ছেদের–

(ক) (২) দফার শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"তবে শর্ত থাকে যে, এই অনুচ্ছেদের কোন কিছুই অনুরূপ কোন আইনকে সংশোধন, পরিবর্তন বা বাতিল করা হইতে নিবৃত্ত করিবে না। " ; এবং

(খ) (৩) দফায় "সহায়ক বাহিনীর সদস্য" শব্দগুলির পর "বা অন্য কোন ব্যক্তি, ব্যক্তি সমষ্টি বা সংগঠন" শব্দগুলি ও কমা সন্নিবেশিত হইবে।

২০। **সংবিধানের ৫৮ক অনুচ্ছেদের বিলোপ** ।–সংবিধানের ৫৮ক অনুচ্ছেদ বিলুপ্ত হইবে।

২১। **সংবিধানের ২ক পরিচ্ছেদে-নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার বিলোপ**।–সংবিধানের "২ক পরিচ্ছেদ-নির্দলীয় তত্ত্বাবধায় সরকার" বিলুপ্ত হইবে।

২২। **সংবিধানের ৬১ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ৬১ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৬১ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**৬১। সর্বাধিনায়কতা**।–বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগসমূহের সর্বাধিনায়কতা রাষ্ট্রপতির উপর ন্যস্ত হইবে এবং আইনের দ্বারা তাহার প্রয়োগ নিয়ন্ত্রিত হইবে। "।

২৩। সংবিধানের ৬৫ অনুচ্ছেদের সংশোধন।–সংবিধানের ৬৫ অনুচ্ছেদের–

(ক) (৩) দফার "পঁয়তাল্লিশটি আসন" শব্দগুলির পরিবর্তে "পঞ্চাশটি আসন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ; এবং

(খ) (৩) দফার পর নিম্নরূপ (৩ক) দফা সন্নিবেশিত হইবে, যথা ঃ–

"(৩ক) সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ প্রবর্তনকালে বিদ্যমান সংসদের অবশিষ্ট মেয়াদে এই অনুচ্ছেদের (২) দফায় বর্ণিত প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত তিন শত সদস্য এবং (৩) দফায় বর্ণিত পঞ্চাশ মহিলা-সদস্য লইয়া সংসদ গঠিত হইবে।"।

২৪। সংবিধানের ৬৬ অনুচ্ছেদের সংশোধন।–সংবিধানের ৬৬ অনুচ্ছেদের–

(ক) (২) দফার (ঘঘ) উপ-দফা বিলুপ্ত হইবে ;

(খ) বিলুপ্ত (ঘঘ) উপ-দফার পর নিম্নরূপ নূতন (ঙ) ও (চ) উপ-দফা সন্নিবেশিত হইবে, যথা ঃ–

"(ঙ) তিনি ১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজশকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশের অধীন যে কোন অপরাধের জন্য দণ্ডিত হইয়া থাকেন ;

(চ) আইনের দ্বারা পদাধিকারীকে অযোগ্য ঘোষণা করিতেছে না, এমন পদ ব্যতীত তিনি প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত থাকেন ; অথবা" ;

(গ) (২ক) দফার পরিবের্ত নিম্নরূপ (২ক) দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"(২ক) এই অনুচ্ছেদের (২) দফার (গ) উপ-দফা তে যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তি জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হইয়া কোন বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিলে এবং পরবর্তীতে উক্ত ব্যক্তি–

(ক) দ্বৈত নাগরিকত্ব গ্রহণের ক্ষেত্রে, বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব ত্যাগ করিলে ; কিংবা

(খ) অন্য ক্ষেত্রে, পুনরায় বাংলাদেশের নাগরিকত্ব গ্রহণ করিলে–

এই অনুচ্ছেদের উদ্দেশ্যে সাধনকল্পে তিনি বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন না।" ; এবং

(ঘ) (২ক) দফার পর নিম্নরূপ নূতন (৩) দফা সন্নিবেশিত হইবে, যথা ঃ–

"(৩) এই অনুচ্ছেদের উদ্দেশ্য সাধনকল্পে কোন ব্যক্তি কেবল রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্পীকার, ডেপুটি স্পীকার, মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী হইবার কারণে প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত বলিয়া গণ্য হইবেন না।"।

২৫। **সংবিধানের ৭০ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ৭০ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৭০ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"৭০। **রাজনৈতিক দল হইতে পদত্যাগ বা দলের বিপক্ষে ভোটদানের কারণে আসন শূন্য হওয়া**।– কোন নির্বাচনে কোন রাজনৈতিক দলের প্রার্থীরূপে মনোনীত হইয়া কোন ব্যক্তি সংসদ-সদস্য নির্বাচিত হইলে তিনি যদি–

(ক) উক্ত দল হইতে পদত্যাগ করেন, অথবা

(খ) সংসদে উক্ত দলের বিপক্ষে ভোটদান করেন,

তাহা হইলে সংসদে তাঁহার আসন শূন্য হইবে, তবে তিনি সেই কারণে পরবর্তী কোন নির্বাচনে সংসদ-সদস্য হইবার অযোগ্য হইবেন না।"

২৬। **সংবিধানের ৭২ অনুচ্ছেদের সংশোধন**।–সংবিধানের ৭২ অনুচ্ছেদের দফা (১) এর প্রথম শর্তাংশে উল্লিখিত "তবে শর্ত থাকে যে," শব্দগুলি ও কমার পর "১২৩ অনুচ্ছেদের (৩) দফার (ক) উপ-দফায় উল্লিখিত নব্বই দিন সময় ব্যতীত অন্য সময়ে" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি সন্নিবেশিত হইবে।

২৭। **সংবিধানের ৮০ অনুচ্ছেদের সংশোধন**।–সংবিধানের ৮০ অনুচ্ছেদের–

(ক) (৩) দফার পরিবর্তে নিম্নরূপ (৩) দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"(৩) রাষ্ট্রপতির নিকট কোন বিল পেশ করিবার পর পনর দিনের মধ্যে তিনি তাহাতে সম্মতিদান করিবেন কিংবা অর্থবিল ব্যতীত অন্য কোন বিলের ক্ষেত্রে বিলটি বা তাহার কোন বিশেষ বিধান পুনর্বিবেচনার কিংবা রাষ্ট্রপতি কর্তৃক নির্দেশিত কোন সংশোধনী বিবেচনার অনুরোধ জ্ঞাপন করিয়া একটি বার্তাসহ তিনি বিলটি সংসদে ফেরত দিতে পারিবেন ; এবং রাষ্ট্রপতি তাহা করিতে অসমর্থ হইলে উক্ত মেয়াদের অবসানে তিনি বিলটিতে সম্মতিদান করিয়াছেন বলিয়া গণ্য হইবে।"; এবং

(খ) (৪) দফায় উল্লিখিত "মোট সংসদ-সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটের দ্বারা" শব্দগুলি বিলুপ্ত হইবে।

২৮। **সংবিধানের ৮২ অনুচ্ছেদের সংশোধন**।–সংবিধানের ৮২ অনুচ্ছেদের শর্তাংশে "তবে শর্ত থাকে যে," শব্দগুলি ও কমার পর "কোন অর্থ বিলে" শব্দগুলি সন্নিবেশিত হইবে।

২৯। **সংবিধানের ৯৩ অনুচ্ছেদের সংশোধন**।–সংবিধানের ৯৩ অনুচ্ছেদের (১) দফায় "সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় অথবা উহার অধিবেশনকাল ব্যতীত" শব্দগুলির পরিবর্তে "সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় অথবা উহার অধিবেশনকাল ব্যতীত" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩০। **সংবিধানের ৯৫ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ৯৫ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৯৫ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**৯৫। বিচারক-নিয়োগ**।–(১) প্রধান বিচারপতি রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন এবং প্রধান বিচারপতির সহিত পরামর্শ করিয়া রাষ্ট্রপতি অন্যান্য বিচারককে নিয়োগদান করিবেন।

(২) কোন ব্যক্তি বাংলাদেশের নাগরিক না হইলে, এবং

(ক) সুপ্রীম কোর্টে অন্যূন দশ বৎসরকাল এ্যাডভোকেট না থাকিয়া থাকিলে; অথবা

(খ) বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানার মধ্যে অন্যূন দশ বৎসর কোন বিচার বিভাগীয় পদে অধিষ্ঠান না করিয়া থাকিলে; অথবা

(গ) সুপ্রীমকোর্টের বিচারকপদে নিয়োগলাভের জন্য আইনে দ্বারা নির্ধারিত যোগ্যতা না থাকিয়া থাকিলে;

তিনি বিচারকপদে নিয়োগ লাভের যোগ্য হইবেন না।

(৩) এই অনুচ্ছেদে "সুপ্রীম কোর্ট" বলিতে এই সংবিধান প্রবর্তনের পূর্বে যে কোন সময়ে বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানার মধ্যে যে আদালত হাইকোর্ট হিসাবে এখতিয়ার প্রয়োগ করিয়াছে, সেই আদালত অন্তর্ভুক্ত হইবে।"।

৩১। **সংবিধানের ৯৬ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ৯৬ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৯৬ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**৯৬। বিচারকদের পদের মেয়াদ**।– (১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে কোন বিচারক সাতষট্টি বৎসর বয়স পূর্ণ হওয়া পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন।

(২) এই অনুচ্ছেদের নিম্নরূপ বিধানাবলী অনুযায়ী ব্যতীত কোন বিচারককে তাঁহার পদ হইতে অপসারিত করা যাইবে না।

(৩) একটি সুপ্রীম জুডিসিয়াল কাউন্সিল থাকিবে যাহা এই অনুচ্ছেদে "কাউন্সিল" বলিয়া উল্লেখিত হইবে এবং বাংলাদেশের প্রধান বিচারপতি এবং অন্যান্য বিচারকের মধ্যে পরবর্তী যে দুইজন কর্মে প্রবীণ তাঁহাদের লইয়া গঠিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, কাউন্সিল যদি কোন সময়ে কাউন্সিলের সদস্য এইরূপ কোন বিচারকের সামর্থ্য বা আচরণ সম্পর্কে তদন্ত করেন, অথবা কাউন্সিলের কোন সদস্য যদি অনুপস্থিত থাকেন অথবা অসুস্থতা কিংবা অন্য কোন কারণে কার্য করিতে অসমর্থ্য হন তাহা হইলে কাউন্সিলের যাহারা সদস্য আছেন তাঁহাদের পরবর্তী যে বিচারক কর্মে প্রবীণ তিনিই অনুরূপ সদস্য হিসাবে কার্য করিবেন।

(৪) কাউন্সিলের দায়িত্ব হইবে–

(ক) বিচারকগণের জন্য পালনীয় আচরণ বিধি নির্ধারণ করা ; এবং

(খ) কোন বিচারকের অথবা কোন বিচারক যেরূপ পদ্ধতিতে অপসারিত হইতে পারেন সেইরূপ পদ্ধতি ব্যতীত তাহার পদ হইতে অপসারণযোগ্য নহেন এইরূপ অন্য কোন পদে আসীন ব্যক্তির সামর্থ্য বা আচরণ সম্পর্কে তদন্ত করা।

(৫) যে ক্ষেত্রে কাউন্সিল অথবা অন্য কোন সূত্র হইতে প্রাপ্ত তথ্যে রাষ্ট্রপতির এইরূপ বুঝিবার কারণ থাকে যে কোন বিচারক–

(ক) শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে তাহার পদের দায়িত্ব সঠিকভাবে পালন করিতে অযোগ্য হইয়া পড়িতে পারেন, অথবা

(খ) গুরুতর অসদাচরণের জন্য দোষী হইতে পারেন, সেইক্ষেত্রে রাষ্ট্রপতি কাউন্সিলকে বিষয়টি সম্পর্কে তদন্ত করিতে ও উহার তদন্ত ফল জ্ঞাপন করিবার জন্য নির্দেশ দিতে পারেন।

(৬) কাউন্সিল তদন্ত করিবার পর রাষ্ট্রপতির নিকট যদি এইরূপ রিপোর্ট করেন যে, উহার মতে উক্ত বিচারক তাহার পদের দায়িত্ব সঠিকভাবে পালনে অযোগ্য হইয়া পড়িয়াছেন অথবা গুরুতর অসদাচরণের জন্য দোষী হইয়াছেন তাহা হইলে রাষ্ট্রপতি আদেশের দ্বারা উক্ত বিচারককে তাহার পদ হইতে অপসারিত করিবেন।

(৭) এই অনুচ্ছেদের অধীনে তদন্তের উদ্দেশ্যে কাউন্সিল স্বীয় কার্য-পদ্ধতি নিয়ন্ত্রণ করিবেন এবং পরওয়ানা জারী ও নির্বাহের ব্যাপারে সুপ্রীম কোর্টের ন্যায় উহার একই ক্ষমতা থাকিবে।

(৮) কোন বিচারক রাষ্ট্রপতিকে উদ্দেশ্য করিয়া স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।"।

৩২। **সংবিধানের ৯৮ অনুচ্ছেদের সংশোধন।**–সংবিধানের ৯৮ অনুচ্ছেদের "একজন এ্যাডহক বিচারক হিসাবে যে কোন অস্থায়ী মেয়াদের জন্য আপীল বিভাগের আসন গ্রহণের ব্যবস্থা করিতে পারিবেন এবং অনুরূপ বিচারক এইরূপ আসন গ্রহণকালে আপীল বিভাগের একজন বিচারকের ন্যায় একই এখতিয়ার ও ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবেন" শব্দগুলির পরিবর্তে "যে কোন অস্থায়ী মেয়াদের জন্য আপীল বিভাগের আসন গ্রহণের ব্যবস্থা করিতে পারিবেন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩৩। **সংবিধানের ৯৯ অনুচ্ছেদের প্রতিস্থাপন।**–সংবিধানের ৯৯ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৯৯ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**৯৯। অবসর গ্রহণের পর বিচারকগণের অক্ষমতা।**–(১) কোন ব্যক্তি (এই সংবিধানের ৯৮ অনুচ্ছেদের বিধানাবলী-অনুসারে অতিরিক্ত বিচারকরূপে দায়িত্ব পালন ব্যতীত) বিচারকরূপে দায়িত্ব পালন করিয়া থাকিলে উক্ত পদ হইতে অবসর গ্রহণের বা অপসারিত হইবার পর তিনি কোন আদালত বা কোন কর্তৃপক্ষের নিকট ওকালতি বা কার্য করিবেন না এবং বিচার বিভাগীয় বা আধা-বিচার বিভাগীয় পদ ব্যতীত প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে নিয়োগ লাভের যোগ্য হইবেন না।

(২) (১) দফায় যাহা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তি হাইকোর্ট বিভাগের বিচারক পদে বহাল থাকিলে উক্ত পদ হইতে অবসর গ্রহণের পর তিনি আপীল বিভাগে ওকালতি বা কার্য করিতে পারিবেন।"।

৩৪। **সংবিধানের ১০০ অনুচ্ছেদের প্রতিস্থাপন।**–সংবিধানের ১০০ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১০০ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**১০০। সুপ্রীম কোর্টের আসন।**–রাজধানীতে সুপ্রীম কোর্টের স্থায়ী আসন থাকিবে, তবে রাষ্ট্রপতির অনুমোদন লইয়া প্রধান বিচারপতি সময়ে সময়ে অন্য যে স্থান বা স্থানসমূহ নির্ধারণ করিবেন, সেই স্থান বা স্থানসমূহে হাইকোর্ট বিভাগের অধিবেশন অনুষ্ঠিত হইতে পারিবে।"।

৩৫। **সংবিধানের ১০১ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ১০১ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১০১ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"১০১। **হাইকোর্ট বিভাগের এখতিয়ার**।–এই সংবিধান বা অন্য কোন আইনের দ্বারা হাইকোর্ট বিভাগের উপর যেরূপ আদি, আপীল ও অন্য প্রকার এখতিয়ার ও ক্ষমতা অর্পিত হইয়াছে, উক্ত বিভাগের সেইরূপ এখতিয়ার ও ক্ষমতা থাকিবে। "।

৩৬। **সংবিধানের ১০২ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ১০২ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১০২ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"১০২। **কতিপয় আদেশ ও নির্দেশ প্রভৃতি দানের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগের ক্ষমতা**।–(১) কোন সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনক্রমে এই সংবিধানের তৃতীয় ভাগের দ্বারা অর্পিত অধিকারসমূহের যে কোন একটি বলবৎ করিবার জন্য প্রজাতন্ত্রের বিষয়াবলীর সহিত সম্পর্কিত কোন দায়িত্ব পালনকারী ব্যক্তিসহ যে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষকে হাইকোর্ট বিভাগ উপযুক্ত নির্দেশাবলী বা আদেশাবলী দান করিতে পারিবেন।

(২) হাইকোর্ট বিভাগের নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, আইনের দ্বারা অন্য কোন সমফলপ্রদ বিধান করা হয় নাই, তাহা হইলে

(ক) যে কোন সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনক্রমে–

(অ) প্রজাতন্ত্র বা কোন স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবলীর সহিত সংশ্লিষ্ট যে কোন দায়িত্ব পালনে রত ব্যক্তিকে আইনের দ্বারা অনুমোদিত নয়, এমন কোন কার্য করা হইতে বিরত রাখিবার জন্য কিংবা আইনের দ্বারা তাঁহার করণীয় কার্য করিবার জন্য নির্দেশ প্রদান করিয়া, অথবা

(আ) প্রজাতন্ত্র বা কোন স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবলীর সহিত সংশ্লিষ্ট যে কোন দায়িত্ব পালনে রত ব্যক্তির কৃত কোন কার্য বা গৃহীত কোন কার্যধারা আইনসংগত কর্তৃত্ব ব্যতিরেকে করা হইয়াছে বা গৃহীত হইয়াছে ও তাহার কোন আইনগত কার্যকরতা নাই বলিয়া ঘোষণা করিয়া

উক্ত বিভাগ আদেশদান করিতে পারিবেন ; অথবা

(খ) যে কোন ব্যক্তির আবেদনক্রমে—

(অ) আইনসংগত কর্তৃত্ব ব্যতিরেকে বা বেআইনী উপায়ে কোন ব্যক্তিকে প্রহরায় আটক রাখা হয় নাই বলিয়া যাহাতে উক্ত বিভাগের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হইতে পারে, সেইজন্য প্রহরায় আটক উক্ত ব্যক্তিকে উক্ত বিভাগের সম্মুখে আনয়নের নির্দেশ প্রদান করিয়া, অথবা

(আ) কোন সরকারি পদে আসীন বা আসীন বলিয়া বিবেচিত কোন ব্যক্তিকে তিনি কোন্ কর্তৃত্ববলে অনুরূপ পদমর্যাদায় অধিষ্ঠানের দাবী করিতেছেন, তাহা প্রদর্শনের নির্দেশ প্রদান করিয়া

উক্ত বিভাগ আদেশদান করিতে পারিবেন।

(৩) উপরি-উক্ত দফাসমূহে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও এই সংবিধানের ৪৭ অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন আইনের ক্ষেত্রে বর্তমান অনুচ্ছেদের অধীন অন্তর্বর্তীকালীন বা অন্য কোন আদেশ দানের ক্ষমতা হাইকোর্ট বিভাগের থাকিবে না।

(৪) এই অনুচ্ছেদের (১) দফা কিংবা এই অনুচ্ছেদের (২) দফার (ক) উপ-দফার অধীন কোন আবেদনক্রমে যে ক্ষেত্রে অন্তর্বর্তী আদেশ প্রার্থনা করা হইয়াছে এবং অনুরূপ অন্তর্বর্তী আদেশ

(ক) যেখানে উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের জন্য কোন ব্যবস্থার কিংবা কোন উন্নয়নমূলক কার্যের প্রতিকূলতা বা বাধা সৃষ্টি করিতে পারে ; অথবা

(খ) যেখানে অন্য কোনভাবে জনস্বার্থের পক্ষে ক্ষতিকর হইতে পারে

সেইখানে অ্যাটর্নি-জেনারেলকে উক্ত আবেদন সম্পর্কে যুক্তিসঙ্গত নোটিশদান এবং অ্যাটর্নি-জেনারেলের (কিংবা এই বিষয়ে তাহার দ্বারা ভারপ্রাপ্ত অন্য কোন এ্যাডভোকেটের) বক্তব্য শ্রবণ না করা পর্যন্ত এবং এই দফার (ক) বা (খ) উপ-দফায় উল্লিখিত প্রতিক্রিয়া সৃষ্টি করিবে না বলিয়া হাইকোর্ট বিভাগের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান না হওয়া পর্যন্ত উক্ত বিভাগ কোন অন্তর্বর্তী আদেশদান করিবেন না।

(৫) প্রসংগের প্রয়োজনে অন্যরূপ না হইলে এই অনুচ্ছেদে "ব্যক্তি" বলিতে সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ ও বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগসমূহ অথবা কোন শৃংখলা-বাহিনী সংক্রান্ত আইনের অধীন প্রতিষ্ঠিত কোন আদালত বা ট্রাইব্যুনাল ব্যতীত কিংবা এই সংবিধানের ১১৭ অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন ট্রাইব্যুনাল ব্যতীত যে কোন আদালত বা ট্রাইব্যুনাল অন্তর্ভুক্ত হইবে।"।

৩৭। **সংবিধানের ১০৩ অনুচ্ছেদের সংশোধন**।–সংবিধানের ১০৩ অনুচ্ছেদের (২) দফার (খ) উপ-দফার পরিবর্তে নিম্নরূপ (খ) উপ-দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"(খ) কোন মৃত্যুদণ্ড বহাল করিয়াছে কিংবা কোন ব্যক্তিকে মৃত্যুদণ্ডে বা যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন ; অথবা"।

৩৮। **সংবিধানের ১০৭ অনুচ্ছেদের সংশোধন**।–সংবিধানের ১০৭ অনুচ্ছেদের (২) এবং (৩) দফার পরিবর্তে নিম্নরূপ (২) এবং (৩) দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"(২) সুপ্রীম কোর্ট এই অনুচ্ছেদের (১) দফা এবং এই সংবিধানের ১১৩ ও ১১৬ অনুচ্ছেদের অধীন দায়িত্বসমূহের ভার উক্ত আদালতের কোন একটি বিভাগকে কিংবা এক বা একাধিক বিচারককে অর্পণ করিতে পারিবেন।

(৩) এই অনুচ্ছেদের অধীন প্রণীত বিধিসমূহ-সাপেক্ষে কোন্ কোন্ বিচারককে লইয়া কোন বিভাগের কোন বেঞ্চ গঠিত হইবে এবং কোন্ কোন্ বিচারক কোন্ উদ্দেশ্যে আসন গ্রহণ করিবেন, তাহা প্রধান বিচারপতি নির্ধারণ করিবেন।"।

৩৯। **সংবিধানের ১১৬ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ১১৬ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১১৬ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**১১৬। অধস্তন আদালতসমূহের নিয়ন্ত্রণ ও শৃংখলা**।–বিচার-কর্মবিভাগে নিযুক্ত ব্যক্তিদের এবং বিচারবিভাগীয় দায়িত্বপালনে রত ম্যাজিস্ট্রেটদের নিয়ন্ত্রণ (কর্মস্থল-নির্ধারণ, পদোন্নতিদান ও ছুটি মঞ্জুরীসহ) ও শৃংখলাবিধান রাষ্ট্রপতির উপর ন্যস্ত থাকিবে এবং সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে রাষ্ট্রপতি কর্তৃক তাহা প্রযুক্ত হইবে।"।

৪০। **সংবিধানের ১১৭ অনুচ্ছেদের সংশোধন।**–সংবিধানের ১১৭ অনুচ্ছেদের দফা (১) এর উপ-দফা (গ) এ উল্লিখিত "(৩)" সংখ্যা ও বন্ধনীগুলির পরিবর্তে "(৩)" সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

৪১। **সংবিধানের ষষ্ঠ-ক ভাগের বিলোপ।**–সংবিধানের ষষ্ঠ-ক ভাগ বিলুপ্ত হইবে।

৪২। **সংবিধানের ১১৮ অনুচ্ছেদের সংশোধন।**–সংবিধানের ১১৮ অনুচ্ছেদের (১) দফায় "প্রধান নির্বাচন কমিশনারকে লইয়া এবং রাষ্ট্রপতি সময়ে সময়ে যেরূপ নির্দেশ করিবেন, সেইরূপ সংখ্যক অন্যান্য নির্বাচন কমিশনারকে লইয়া" শব্দগুলি ও কমার পরিবর্তে "প্রধান নির্বাচন কমিশনার এবং অনধিক চার জন নির্বাচন কশিনারকে লইয়া" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৪৩। **সংবিধানের ১২২ অনুচ্ছেদের সংশোধন।**–সংবিধানের ১২২ অনুচ্ছেদের (২) দফার (গ) ও (ঘ) উপ-দফার পরিবর্তে নিম্নরূপ (গ), (ঘ) ও (ঙ) উপ-দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"(গ) কোন যোগ্য আদালত কর্তৃক তাঁহার সম্পর্কে অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষণা বহাল না থাকিয়া থাকে ;

(ঘ) তিনি ঐ নির্বাচনী এলাকার অধিবাসী বা আইনের দ্বারা ঐ নির্বাচনী এলাকার অধিবাসী বিবেচিত হন ; এবং

(ঙ) তিনি ১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজশকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশের অধীন কোন অপরাধের জন্য দণ্ডিত না হইয়া থাকেন।"।

৪৪। **সংবিধানের ১২৩ অনুচ্ছেদের সংশোধন।**–সংবিধানের ১২৩ অনুচ্ছেদের (৩) দফার পরিবর্তে নিম্নরূপ (৩) দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"(৩) সংসদ-সদস্যদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবে

(ক) মেয়াদ-অবসানের কারণে সংসদ ভাংগিয়া যাইবার ক্ষেত্রে ভাংগিয়া যাইবার পূর্ববর্তী নব্বই দিনের মধ্যে ; এবং

(খ) মেয়াদ-অবসান ব্যতীত অন্য কোন কারণে সংসদ ভাংগিয়া যাইবার ক্ষেত্রে ভাংগিয়া যাইবার পরবর্তী নব্বই দিনের মধ্যে ঃ

তবে শর্ত থাকে যে, এই দফার (ক) উপ-দফা অনুযায়ী অনুষ্ঠিত সাধারণ নির্বাচনে নির্বাচিত ব্যক্তিগণ, উক্ত উপ-দফায় উল্লিখিত মেয়াদ সমাপ্ত না হওয়া পর্যন্ত, সংসদ সদস্যরূপে কার্যভার গ্রহণ করিবেন না।"।

৪৫। **সংবিধানের ১২৫ অনুচ্ছেদের সংশোধন।**–সংবিধানের অনুচ্ছেদ ১২৫ এর দফা (খ) এর পর নিম্নরূপ নতুন দফা (গ) সংযোজিত হইবে, যথা ঃ

"(গ) কোন আদালত, নির্বাচনের তফসিল ঘোষণা করা হইয়াছে এইরূপ কোন নির্বাচনের বিষয়ে, নির্বাচন কমিশনকে যুক্তিসংগত নোটিশ ও শুনানির সুযোগ প্রদান না করিয়া, অন্তর্বর্তী বা অন্য কোনরূপে কোন আদেশ বা নির্দেশ প্রদান করিবেন না।"।

৪৬। **সংবিধানের ১৪১ক অনুচ্ছেদের সংশোধন**।–সংবিধানের ১৪১ক অনুচ্ছেদের—

(ক) (১) দফায় "তাহা হইলে তিনি" শব্দগুলির পর "অনধিক একশত কুড়ি দিনের জন্য" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(খ) (২) দফার (গ) উপ-দফায় "অতিবাহিত হইবার পূর্বে সংসদের প্রস্তাব-দ্বারা অনুমোদিত না হইলে উক্ত" শব্দগুলি বিলুপ্ত হইবে ; এবং

(গ) (২) দফার শর্তাংশে "উক্ত ত্রিশ দিনের অবসানে" শব্দগুলির পর "অথবা একশত কুড়ি দিন সময়ের অবসানে, যাহা আগে ঘটে," শব্দগুলি এবং কমাগুলি সন্নিবেশিত হইবে।

৪৭। **সংবিধানের ১৪২ অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ১৪২ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১৪২ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"১৪২। **সংবিধানের বিধান সংশোধনের ক্ষমতা**।–এই সংবিধানে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও–

(ক) সংসদের আইন-দ্বারা এই সংবিধানের কোন বিধান সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন বা রহিতকরণের দ্বারা সংশোধিত হইতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে,

(অ) অনুরূপ সংশোধনীর জন্য আনীত কোন বিলের সম্পূর্ণ শিরনামায় এই সংবিধানের কোন বিধান সংশোধন করা হইবে বলিয়া স্পষ্টরূপে উল্লেখ না থাকিলে বিলটি বিবেচনার জন্য গ্রহণ করা যাইবে না ;

(আ) সংসদের মোট সদস্য-সংখ্যার অন্যূন দুই-তৃতীয়াংশ ভোটে গৃহীত না হইলে অনুরূপ কোন বিলে সম্মতিদানের জন্য তাহা রাষ্ট্রপতির নিকট উপস্থাপিত হইবে না ;

(খ) উপরি-উক্ত উপায়ে কোন বিল গৃহীত হইবার পর সম্মতির জন্য রাষ্ট্রপতির নিকট তাহা উপস্থাপিত হইলে উপস্থাপনের সাত দিনের মধ্যে তিনি বিলটিতে সম্মতিদান করিবেন, এবং তিনি তাহা করিতে অসমর্থ হইলে উক্ত মেয়াদের অবসানে তিনি বিলটিতে সম্মতিদান করিয়াছে বলিয়া গণ্য হইবে।"।

৪৮। **সংবিধানের ১৪৫কে অনুচ্ছেদের প্রতিস্থাপন**।–সংবিধানের ১৪৫ক অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১৪৫ক অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"১৪৫ক। **আন্তর্জাতিক চুক্তি**।–বিদেশের সহিত সম্পাদিত সকল চুক্তি রাষ্ট্রপতির নিকট পেশ করা হইবে, এবং রাষ্ট্রপতি তাহা সংসদে পেশ করিবার ব্যবস্থা করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, জাতীয় নিরাপত্তার সহিত সংশ্লিষ্ট অনুরূপ কোন চুক্তি কেবলমাত্র সংসদের গোপন বৈঠকে পেশ করা হইবে।"।

৪৯। সংবিধানের ১৪৭ অনুচ্ছেদের সংশোধন।–সংবিধানের ১৪৭ অনুচ্ছেদের (৪) দফার–

(ক) (খ) উপ-দফার পরিবর্তে নিম্নরূপ (খ) উপ-দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"(খ) প্রধানমন্ত্রী ; এবং

(খ) (ঘ) উপ-দফার পরিবর্তে নিম্নরূপ (ঘ) উপ-দফা প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"(ঘ) মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী ;"।

৫০। সংবিধানের ১৫০ অনুচ্ছেদের প্রতিস্থাপন।–সংবিধানের ১৫০ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১৫০ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"**১৫০। ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী।**–(১) এই সংবিধানের অন্য কোন বিধান সত্ত্বেও ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর তারিখে এই সংবিধান প্রবর্তনকালে সংবিধানের চতুর্থ তফসিলে বর্ণিত বিধানাবলী ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী হিসাবে কার্যকর থাকিবে।

(২) ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখ হইতে ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর তারিখে এই সংবিধান প্রবর্তন হইবার অব্যবহিত পূর্ব পর্যন্ত সময়কালের মধ্যে সংবিধানের পঞ্চম তফসিলে বর্ণিত ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে দেওয়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ, ষষ্ঠ তফসিলে বর্ণিত ১৯৭১ সালের ২৬শে মার্চ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক বাংলাদেশের স্বাধীনতা ঘোষণার টেলিগ্রাম এবং সপ্তম তফসিলে বর্ণিত ১৯৭১ সালের ১০ই এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র হইল বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তি সংগ্রামের ঐতিহাসিক ভাষণ ও দলিল, যাহা উক্ত সময়কালের জন্য ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী বলিয়া গণ্য হইবে।"।

৫১। সংবিধানের ১৫২ অনুচ্ছেদের সংশোধন।–সংবিধানের ১৫২ অনুচ্ছেদের (১) দফার–

(ক) "উপদেষ্টা" অভিব্যক্তির সংজ্ঞা বিলুপ্ত হইবে ;

(খ) "আইন" অভিব্যক্তির সংজ্ঞার পর নিম্নরূপ সংজ্ঞা সন্নিবেশিত হইবে, যথা ঃ–

"আদালত" অর্থ সুপ্রীমকোর্টসহ যে কোন আদালত ;" ; এবং

(গ) "প্রধান উপদেষ্টা" অভিব্যক্তির সংজ্ঞা বিলুপ্ত হইবে।

৫২। সংবিধানের প্রথম তফসিলের সংশোধন।–সংবিধানের প্রথম তফসিলের "১৯৭২ সালের বাংলাদেশ (শিল্প ও বাণিজ্য প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ) আদেশ (অস্থায়ী রাষ্ট্রপতির ১৯৭২ সালের আদেশ নং ১)।" শব্দগুলি, সংখ্যাগুলি, বন্ধনী এবং দাঁড়ির পর "১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজশকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশ (১৯৭২ সালের পি. ও নং ৮)।" শব্দগুলি, সংখ্যাগুলি, বন্ধনী এবং দাঁড়ি সন্নিবেশিত হইবে।

৫৩। সংবিধানের তৃতীয় তফসিলের সংশোধন।–সংবিধানের তৃতীয় তফসিলের–

(ক) ফরম ১ এর "প্রধান বিচারপতি" শব্দগুলির পরিবর্তে "স্পীকার" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(খ) ফরম ১ক বিলুপ্ত হইবে ;

(গ) ফরম ২ এর "প্রধানমন্ত্রী" শব্দটির পরিবর্তে "প্রধানমন্ত্রী" শব্দটি প্রতিস্থাপিত হইবে ; এবং

(ঘ) ফরম ২ক বিলুপ্ত হইবে।

৫৪। সংবিধানের চতুর্থ তফসিলের সংশোধন।–সংবিধানের চতুর্থ তফসিলের–

(ক) "১৫০ অনুচ্ছেদে" সংখ্যা ও শব্দের পরিবর্তে "১৫০(১) অনুচ্ছেদ" সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে ; এবং

(খ) অনুচ্ছেদের ১২ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ১২ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ–

"১২। **স্থানীয় শাসন।**–এই সংবিধানের ৫৯ অনুচ্ছেদে উল্লিখিত স্থানীয় শাসনসংক্রান্ত প্রতিষ্ঠানসমূহ গঠনের জন্য নির্বাচন অনুষ্ঠিত না হওয়া পর্যন্ত এই সংবিধান প্রবর্তনের অব্যবহিত পূর্বে প্রজাতন্ত্রের বিভিন্ন প্রশাসনিক এককাংশে প্রচলিত প্রশাসনিক ব্যবস্থা আইনের দ্বারা প্রণীত পরিবর্তন-সাপেক্ষে অব্যাহত থাকিবে।" ; এবং"।

(গ) অনুচ্ছেদ ৩ক, ১৮, ১৯, ২০, ২১, ২২ এবং ২৩ বিলুপ্ত হইবে।

৫৫। সংবিধানের কতিপয় তফসিলের সংযোজন।–সংবিধানের চতুর্থ তফসিলের পর নিম্নরূপ তিনটি নূতন তফসিল যথাক্রমে, পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম সংযোজিত হইবে, যথা ঃ–

"পঞ্চম তফসিল

[১৫০ (২) অনুচ্ছেদ]

১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ঐতিহাসিক ভাষণ

ভাইয়েরা আমার,

আজ দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে আপনাদের সামনে হাজির হয়েছি। আপনারা সবই জানেন এবং বোঝেন। আমরা আমাদের জীবন দিয়ে চেষ্টা করেছি। কিন্তু দুঃখের বিষয় আজ ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুরে আমার ভাইয়ের রক্তে রাজপথ রঞ্জিত হয়েছে। আজ বাংলার মানুষ মুক্তি চায়, বাংলার মানুষ বাঁচতে চায়, বাংলার মানুষ তার অধিকার চায়। কি অন্যায় করেছিলাম ? নির্বাচনের পর বাংলাদেশের মানুষ সম্পূর্ণভাবে আমাকে ও আওয়ামী লীগকে ভোট দেন। আমাদের ন্যাশনাল অ্যাসেম্বলি বসবে, আমরা সেখানে শাসনতন্ত্র তৈরি করবো এবং এদেশকে আমরা গড়ে তুলবো। এদেশের মানুষ অর্থনীতি, রাজনীতি ও সাংস্কৃতিক মুক্তি পাবে। কিন্তু দুঃখের বিষয়, আজ দুঃখের সাথে বলতে হয় ২৩ বছরের করুণ ইতিহাস বাংলার অত্যাচারের, বাংলার মানুষের রক্তের ইতিহাস। ২৩ বৎসরের ইতিহাস মুমূর্ষু নর-নারীর আর্তনাদের ইতিহাস। বাংলার ইতিহাস এদেশের মানুষের রক্ত দিয়ে রাজপথ রঞ্জিত করার ইতিহাস।

১৯৫২ সালে রক্ত দিয়েছি। ১৯৫৪ সালে নির্বাচনে জয়লাভ করেও আমরা গদিতে বসতে পারিনি। ১৯৫৮ সালে আইয়ুব খান 'মার্শাল ল' জারী করে ১০ বছর পর্যন্ত আমাদের গোলাম করে রেখেছে। ১৯৬৬ সালের ৬ দফা আন্দোলনে ৭ জুনে আমার ছেলেদের গুলি করে হত্যা করা হয়েছে। ১৯৬৯ সালের আন্দোলনে আইয়ুব খানের পতন হওয়ার পরে যখন ইয়াহিয়া খান সাহেব সরকার নিলেন, তিনি বললেন দেশে শাসনতন্ত্র দেবেন-গণতন্ত্র দেবেন, আমরা মেনে নিলাম। তারপর অনেক ইতিহাস হয়ে গেল, নির্বাচন হলো। আমি প্রেসিডেন্ট ইয়াহিয়া খান সাহেবের সাথে দেখা করেছি।

আমি, শুধু বাংলার নয়, পাকিস্তানের মেজরিটি পার্টির নেতা হিসেবে তাকে অনুরোধ করলাম, ১৫ ফেব্রুয়ারি তারিখে আপনি জাতীয় পরিষদের অধিবেশন দেন। তিনি আমার কথা রাখলেন না, তিনি রাখলেন ভুট্টো সাহেবের কথা। তিনি বললেন, প্রথম সপ্তাহে মার্চ মাসে হবে। আমি বললাম, ঠিক আছে আমরা অ্যাসেম্বলিতে বসবো। আমি বললাম অ্যাসেম্বলির মধ্যে আলোচনা করবো-এমনকি আমি এ পর্যন্তও বললাম, যদি কেউ ন্যায্য কথা বলে, আমরা সংখ্যায় বেশি হলেও একজন যদিও সে হয় তার ন্যায্য কথা আমরা মেনে নেব।

ভুট্টো সাহেব এখানে এসেছিলেন, আলোচনা করলেন। বলে গেলেন যে, আলোচনার দরজা বন্ধ নয়, আরো আলোচনা হবে। তারপর অন্যান্য নেতাদের সঙ্গে আমরা আলোচনা করলাম-আপনারা আসুন, বসুন, আমরা আলাপ করে শাসনতন্ত্র তৈরী করবো। তিনি বললেন, পশ্চিম পাকিস্তানের মেম্বাররা যদি এখানে আসে তাহলে কসাইখানা হবে অ্যাসেম্বলি। তিনি বললেন, যে যাবে তাকে মেরে ফেলা হবে, যদি কেউ অ্যাসেম্বলিতে আসে তাহলে পেশোয়ার থেকে করাচী পর্যন্ত দোকান জোর করে বন্ধ করা হবে। আমি বললাম, অ্যাসেম্বলি চলবে। তারপর হঠাৎ ১ তারিখে অ্যাসেম্বলি বন্ধ করে দেয়া হলো।

ইয়াহিয়া খান প্রেসিডেন্ট হিসেবে অ্যাসেম্বলি ডেকেছিলেন। আমি বললাম, আমি যাবো। ভুট্টো বললেন, তিনি যাবেন না। ৩৫ জন সদস্য পশ্চিম থেকে এখানে আসলেন। তারপর হঠাৎ বন্ধ করে দেওয়া হলো, দোষ দেওয়া হলো বাংলার মানুষকে, দোষ দেওয়া হলো আমাকে। বন্ধ করার পর এদেশের মানুষ প্রতিবাদমুখর হয়ে উঠল।

আমি বললাম, শান্তিপূর্ণভাবে আপনারা হরতাল পালন করুন। আমি বললাম, আপনারা কলকারখানা সবকিছু বন্ধ করে দেন। জনগণ সাড়া দিল। আপনার ইচ্ছায় জনগণ রাস্তায় বেরিয়ে পড়লো, তারা শান্তি-পূর্ণভাবে সংগ্রাম চালিয়ে যাবার জন্য স্থির প্রতিজ্ঞাবদ্ধ হলো। কি পেলাম আমরা ? আমরা পয়সা দিয়ে অস্ত্র কিনেছি বহিঃশত্রুর আক্রমণ থেকে দেশকে রক্ষা করার জন্য, আজ সেই অস্ত্র ব্যবহার হচ্ছে আমার দেশের গরিব-দুঃখী নিরস্ত্র মানুষের বিরুদ্ধে-তার বুকের উপর হচ্ছে গুলি। আমরা পাকিস্তানে সংখ্যাগুরু-আমরা বাঙালিরা যখনই ক্ষমতায় যাবার চেষ্টা করেছি তখনই তারা আমাদের উপর ঝাপিয়ে পড়েছে।

টেলিফোনে আমার সাথে তার কথা হয়। তাকে আমি বলেছিলাম, জেনারেল ইয়াহিয়া খান সাহেব, আপনি পাকিস্তানের প্রেসিডেন্ট, দেখে যান কীভাবে আমার গরিবের উপর, আমার মানুষের বুকের উপর গুলি করা হয়েছে। কী করে আমার মায়ের কোল খালি করা হয়েছে, কী করে মানুষকে হত্যা করা হয়েছে; আপনি আসুন, দেখুন, বিচার করুন। তিনি বললেন, আমি নাকি স্বীকার করেছি ১০ তারিখে রাউন্ড টেবিল কনফারেন্স হবে।

আমি তো অনেক আগেই বলে দিয়েছি কীসের রাউন্ড টেবিল, কার সাথে বসবো ? যারা আমার মানুষের বুকের রক্ত নিয়েছে, তাদের সাথে বসবো ? হঠাৎ আমার সাথে পরামর্শ না করে পাঁচ ঘন্টার গোপন বৈঠক করে যে বক্তৃতা তিনি করেছেন তাতে সমস্ত দোষ তিনি আমার উপর দিয়েছেন, বাংলার মানুষের উপর দিয়েছেন।

ভাইয়েরা আমার,

২৫ তারিখে অ্যাসেম্বলি কল করেছে। রক্তের দাগ শুকায় নাই। আমি ১০ তারিখে সিদ্ধান্ত নিয়েছি ঐ শহীদের রক্তের উপর পাড়া দিয়ে আরটিসিতে মুজিবুর রহমান যোগদান করতে পারে না। অ্যাসেম্বলি কল করেছেন, আমার দাবি মানতে হবে। প্রথমে সামরিক আইন 'মার্শাল ল' withdraw করতে হবে। সমস্ত সামরিক বাহিনীর লোকদের ব্যারাকে ফেরত যেতে হবে। যেভাবে হত্যা করা হয়েছে তার তদন্ত করতে হবে। আর জনগণের প্রতিনিধির হাতে ক্ষমতা হস্তান্তর করতে হবে। তারপর বিবেচনা করে দেখবো, আমরা অ্যাসেম্বলিতে বসতে পারবো কি পারবো না। এর পূর্বে অ্যাসেম্বলিতে বসতে আমরা পারি না।

আমি প্রধানমন্ত্রিত্ব চাই না। আমরা এদেশের মানুষের অধিকার চাই। আমি পরিষ্কার অক্ষরে বলে দেবার চাই যে, আজ থেকে এই বাংলাদেশে কোর্ট-কাছারি, আদালত-ফৌজদারী, শিক্ষা প্রতিষ্ঠান অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকবে। গরিবের যাতে কষ্ট না হয়, যাতে আমার মানুষ কষ্ট না করে সেজন্য সমস্ত অন্যান্য যে জিনিসগুলো আছে, সেগুলোর হরতাল কাল থেকে চলবে না। রিক্সা, গরুর গাড়ি, রেল চলবে, লঞ্চ চলবে-শুধু সেক্রেটারীয়েট, সুপ্রীমকোর্ট, হাইকোর্ট, জজকোর্ট, সেমি-গভর্নমেন্ট দপ্তর, ওয়াপদা, কোনোকিছু চলবে না। ২৮ তারিখে কর্মচারীরা গিয়ে বেতন নিয়ে আসবেন। এরপর যদি বেতন দেয়া না হয়, আর যদি একটা গুলি চলে, আর যদি আমার লোককে হত্যা করা হয়-তোমাদের কাছে অনুরোধ রইল, প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোলো। তোমাদের যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবিলা করতে হবে এবং জীবনের তরে রাস্তাঘাট যা যা আছে সবকিছু-আমি যদি হুকুম দিবার নাও পারি, তোমরা বন্ধ করে দেবে। আমরা ভাতে মারবো, আমরা পানিতে মারবো। তোমরা আমার ভাই, তোমরা ব্যারাকে থাকো, কেউ তোমাদের কিছু বলবে না। কিন্তু আর আমার বুকের উপর গুলি চালাবার চেষ্টা করো না। ৭ কোটি মানুষকে দাবায়ে রাখতে পারবা না। আমরা যখন মরতে শিখেছি তখন কেউ আমাদের দাবাতে পারবে না।

আর যে সমস্ত লোক শহীদ হয়েছে, আঘাতপ্রাপ্ত হয়েছে, আমরা আওয়ামী লীগের থেকে যদ্দুর পারি তাদের সাহায্য করতে চেষ্টা করবো। যারা পারেন আমার রিলিফ কমিটিকে সামান্য টাকা-পয়সা পৌঁছে দিবেন। আর এই ৭ দিনের হরতালের যে সমস্ত শ্রমিক ভাইয়েরা যোগদান করেছে, প্রত্যেক শিল্পের মালিক তাদের বেতন পৌঁছে দিবেন। সরকারি কর্মচারীদের বলি, আমি যা বলি তা মানতে হবে। যে পর্যন্ত আমার এই দেশের মুক্তি না হচ্ছে, ততদিন খাজনা ট্যাক্স বন্ধ করে দেওয়া হলো—কেউ দেবে না। শুনুন, মনে রাখবেন, শত্রুবাহিনী ঢুকেছে নিজেদের মধ্যে আত্মকলহ সৃষ্টি করবে, লুটতরাজ করবে। এই বাংলায়-হিন্দু-মুসলমান, বাঙালি, অ-বাঙালি যারা আছে তারা আমাদের ভাই, তাদের রক্ষার দায়িত্ব আপনাদের উপর, আমাদের যেন বদনাম না হয়।

মনে রাখবেন, রেডিও-টেলিভিশনের কর্মচারীরা যদি রেডিওতে আমাদের কথা না শোনে তাহলে কোন বাঙালী রেডিও স্টেশনে যাবেন না। যদি টেলিভিশনে আমাদের নিউজ না দেয়, কোন বাঙালি টেলিভিশনে যাবেন না। ২ ঘন্টা ব্যাংক খোলা থাকবে, যাতে মানুষ তাদের মাইনেপত্র নিতে পারে। পূর্ববাংলা থেকে পশ্চিম পাকিস্তানে এক পয়সাও চালান হতে পারবে না। টেলিফোন, টেলিগ্রাম আমাদের এই পূর্ব বাংলায় চলবে এবং বিদেশের সাথে দেয়ানেয়া চলবে না।

কিন্তু যদি এই দেশের মানুষকে খতম করার চেষ্টা করা হয়, বাঙালিরা বুঝেসুঝে কাজ করবেন। প্রত্যেক গ্রাম, প্রত্যেক মহল্লায় আওয়ামী লীগের নেতৃত্বে সংগ্রাম পরিষদ গড়ে তোল এবং তোমাদের যা কিছু আছে, তাই নিয়ে প্রস্তুত থাকো। মনে রাখবা, রক্ত যখন দিয়েছি, রক্ত আরো দেবো। এই দেশের মানুষকে মুক্ত করে ছাড়বো ইনশাল্লাহ। এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম। জয় বাংলা।

ষষ্ঠ তফসিল

[১৫০ (২) অনুচ্ছেদ]

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

কর্তৃক প্রদত্ত

বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা

১৯৭১ সালের ২৫ মার্চ মধ্য রাত শেষে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত স্বাধীনতার ঘোষণা (অনূদিত)

"ইহাই হয়ত আমার শেষ বার্তা, আজ হইতে বাংলাদেশ স্বাধীন। আমি বাংলাদেশের জনগণকে আহ্বান জানাইতেছি যে, যে যেখানে আছ, যাহার যাহা কিছু আছে, তাই নিয়ে রুখে দাঁড়াও, সর্বশক্তি দিয়ে হানাদার বাহিনীকে প্রতিরোধ করো। পাকিস্তানী দখলদার বাহিনীর শেষ সৈন্যটিকে বাংলার মাটি হইতে বিতাড়িত না করা পর্যন্ত এবং চূড়ান্ত বিজয় অর্জন না করা পর্যন্ত লড়াই চালিয়ে যাও।

শেখ মুজিবুর রহমান
২৬ মার্চ ১৯৭১"

সপ্তম তফসিল

[১৫০ (২) অনুচ্ছেদ]

১৯৭১ সালের ১০ই এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র

যেহেতু একটি সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে প্রতিনিধি নির্বাচনের জন্য ১৯৭০ সনের ৭ই ডিসেম্বর হইতে ১৯৭১ সনের ১৭ই জানুয়ারি পর্যন্ত বাংলাদেশে অবাধ নির্বাচন অনুষ্ঠিত হয়,

এবং

যেহেতু এই নির্বাচনে বাংলাদেশের জনগণ ১৬৯ জন প্রতিনিধির মধ্যে আওয়ামী লীগ দলীয় ১৬৭ জনকে নির্বাচিত করেন,

এবং

যেহেতু সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে জেনারেল ইয়াহিয়া খান জনগণের নির্বাচিত প্রতিনিধিগণকে ১৯৭১ সনের ৩রা মার্চ তারিখে মিলিত হইবার জন্য আহ্বান করেন,

এবং

যেহেতু এই আহুত পরিষদ-সভা স্বেচ্ছাচারী ও বেআইনীভাবে অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়,

এবং

যেহেতু পাকিস্তানী কর্তৃপক্ষ তাহাদের প্রতিশ্রুতি রক্ষার পরিবর্তে এবং বাংলাদেশের প্রতিনিধিগণের সহিত আলোচনা অব্যাহত থাকা অবস্থায় একটি অন্যায় ও বিশ্বাসঘাতকতামূলক যুদ্ধ ঘোষণা করে,

এবং

যেহেতু এইরূপ বিশ্বাসঘাতকতামূলক আচরণের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের সাড়ে সাত কোটি মানুষের অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের জনগণের আত্মনিয়ন্ত্রণের আইনানুগ অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৭১ সনের ২৬ শে মার্চ তারিখে ঢাকায় যথাযথভাবে স্বাধীনতার ঘোষণা প্রদান করেন এবং বাংলাদেশের মর্যাদা ও অখণ্ডতা রক্ষার জন্য বাংলাদেশের জনগণের প্রতি উদাত্ত আহ্বান জানান,

এবং

যেহেতু একটি বর্বর ও নৃশংস যুদ্ধ পরিচালনায় পাকিস্তানী কর্তৃপক্ষ, অন্যান্যদের মধ্যে, বাংলাদেশের বেসামরিক ও নিরস্ত্র জনগণের উপর নজীরবিহীন নির্যাতন ও গণহত্যার অসংখ্য অপরাধ সংঘঠন করিয়াছে এবং এখনও অনবরত করিয়া চলিতেছে,

এবং

যেহেতু পাকিস্তান সরকার একটি অন্যায় যুদ্ধ চাপাইয়া দিয়া, গণহত্যা করিয়া এবং অন্যান্য দমনমূলক কার্যকলাপের মাধ্যমে বাংলাদেশের প্রতিনিধিগণের পক্ষে একত্রিত হইয়া একটি সংবিধান প্রণয়ন এবং নিজেদের মধ্যে একটি সরকার প্রতিষ্ঠা করা অসম্ভব করিয়া তুলিয়াছে,

এবং

যেহেতু বাংলাদেশের জনগণ তাহাদের বীরত্ব, সাহসিকতা ও বিপ্লবী উদ্দীপনার মাধ্যমে বাংলাদেশের ভূখণ্ডের উপর তাহাদের কার্যকর কর্তৃত্ব প্রতিষ্ঠা করিয়াছে,

সেহেতু আমরা বাংলাদেশের নির্বাচিত প্রতিনিধিগণ, বাংলাদেশের সর্বোচ্চ ক্ষমতার অধিকারী জনগণ কর্তৃক আমাদিগকে প্রদত্ত কর্তৃত্বের মর্যাদা রক্ষার্থে, নিজেদের সমন্বয়ে যথাযথভাবে একটি গণপরিষদরূপে গঠন করিলাম, এবং

পারস্পারিক আলোচনা করিয়া, এবং

বাংলাদেশের জনগণের জন্য সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক সুবিচার নিশ্চিত করণার্থে,

সার্বভৌম গণপ্রজাতন্ত্ররূপে বাংলাদেশের প্রতিষ্ঠা ঘোষণা করিলাম এবং তদ্বারা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ইতিপূর্বে ঘোষিত স্বাধীনতা দৃঢ়ভাবে সমর্থন ও অনুমোদন করিলাম, এবং

এতদ্দ্বারা দৃঢ়ভাবে ঘোষণা ও সিদ্ধান্ত গ্রহণ করিতেছি যে, সংবিধান প্রণীত না হওয়া পর্যন্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি থাকিবেন এবং সৈয়দ নজরুল ইসলাম প্রজাতন্ত্রের উপ-রাষ্ট্রপতি থাকিবেন, এবং

রাষ্ট্রপতি প্রজাতন্ত্রের সকল সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক হইবেন,

ক্ষমা প্রদর্শনের ক্ষমতাসহ প্রজাতন্ত্রের সকল নির্বাহী ও আইন প্রণয়ন ক্ষমতা প্রয়োগ করিবেন,

একজন প্রধানমন্ত্রী নিয়োগ এবং তাঁহার বিবেচনায় প্রয়োজনীয় অন্যান্য মন্ত্রী নিয়োগ ক্ষমতার অধিকারী হইবেন,

কর আরোপণ ও অর্থ ব্যয়ন ক্ষমতার অধিকারী হইবেন,

গণপরিষদ আহ্বান ও মুলতবিকরণ ক্ষমতার অধিকারী হইবেন, এবং

বাংলাদেশের জনগণকে একটি নিয়মতান্ত্রিক ও ন্যায়ানুগ সরকার প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় অন্যান্য সকল কার্য করিতে পারিবেন।

আমরা বাংলাদেশের জনগণের নির্বাচিত প্রতিনিধিগণ আরও সিদ্ধান্ত গ্রহণ করিতেছি যে, কোন কারণে রাষ্ট্রপতি না থাকা বা রাষ্ট্রপতি তাঁহার কার্যভার গ্রহণ করিতে অসমর্থ হওয়া বা তাঁহার ক্ষমতা প্রয়োগ করিতে অসমর্থ হওয়ার ক্ষেত্রে, রাষ্ট্রপতির উপর এতদ্বারা অর্পিত সমুদয় ক্ষমতা, কর্তব্য ও দায়িত্ব উপ-রাষ্ট্রপতির থাকিবে এবং তিনি উহা প্রয়োগ ও পালন করিবেন।

আমরা আরও সিদ্ধান্ত গ্রহণ করিতেছি যে, জাতিমন্ডলীর সদস্য হিসাবে আমাদের উপর যে দায় ও দায়িত্ব বর্তাইবে উহা পালন ও বাস্তবায়ন করার এবং জাতিসংঘের সনদ মানিয়া চলার প্রতিশ্রুতি আমরা দিতেছি।

আমরা আরও সিদ্ধান্ত গ্রহণ করিতেছি যে, স্বাধীনতার এই ঘোষণাপত্র ১৯৭১ সনের ২৬ শে মার্চ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

আমরা আরও সিদ্ধান্ত গ্রহণ করিতেছি যে, এই দলিল কার্যকর করার লক্ষ্যে এবং রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতির শপথ পরিচালনার জন্য আমরা অধ্যাপক ইউসুফ আলীকে আমাদের যথাযথ ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি নিয়োগ করিলাম।

অধ্যাপক ইউসুফ আলী
বাংলাদেশের গণপরিষদের ক্ষমতাবলে ও
তদধীনে যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি।

APPENDIX-XVII
২০১১ সনের ১৪ নং আইন

An Act further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh

WHEREAS it is expedient and necessary further to amend certain provisions of the Constitution of the People's Republic of Bangladesh for the purposes hereinafter appearing ;

It is hereby enacted as follows :–

1. **Short title and commencement.**—(1) This Act may be called the Constitution (Fifteenth Amendment) Act, 2011.

(2) It shall come into force at once.

2. **Amendment in the beginning of the Constitution, above the Preamble.**— In the beginning of the Constitution of the People's Republic of Bangladesh (hereinafter referred to as the Constitution), above the preamble, for the words, commas, signs and brackets "BISMILLAH-AR-RAHMAN-AR-RAHIM (In the name of Allah, the Beneficent, the Merciful)," the following words, commas, signs and brackets shall be substituted, namely:—

"BISMILLAH-AR-RAHMAN-AR-RAHIM
(In the name of Allah, the Beneficent, the Merciful)/
In the name of the Creator, the Merciful.".

3. **Amendment of the Preamble of the Constitution.**—In the Preamble of the Constitution—

(a) in the first paragraph, for the words "a historic war for national independence" the words "a historic struggle for national liberation" shall be substituted ; and

(b) for the second paragraph, the following paragraph shall be substituted, namely :—

"Pledging that the high ideals of nationalism, socialism, democracy and secularism, which inspired our heroic people to dedicate themselves to, and our brave martyrs to sacrifice their lives in, the national liberation struggle, shall be the fundamental principles of the Constitution ;".

4. **Substitution of article 2A of the Constitution.**—In the Constitution, for article 2A, the following article 2A shall be substituted, namely:—

"2A. **The State religion.**—The State religion of the Republic is Islam, but the State shall ensure equal status and equal right in the practice of the Hindu, Buddhist, Christian and other religions.".

5. **Substitution of article 4A of the Constitution.**—In the constitution, for article 4A, the following article 4A shall be substituted, namely:—

"4A. **Portrait of the Father of the Nation.**—The portrait of the Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman shall be preserved and displayed at the offices of the President, the Prime Minister, the Speaker and the Chief Justice and in head and branch offices of all government and semi-government offices, autonomous bodies, statutory public authorities, government and non-government educational institutions, embassies and missions of Bangladesh abroad.".

6. **Substitution of article 6 of the Constitution.**—In the Constitution, for article 6, the following article 6 shall be substituted, namely:–

"6. **Citizenship.**—(1) The citizenship of Bangladesh shall be determined and regulated by law.

(2) The People of Bangladesh shall be known as Bangalees as a nation and the citizens of Bangladesh shall be known as Bangladeshies.".

(*vii*) in entry 20, *after* item (*b*), the following new item shall be inserted, namely :–

"(*bb*) *after* the definition of the expression "clause", the following shall be *inserted*, namely :–

"court" means any court of law including Supreme Court ;" ;

(*b*) *after* clause (*2*), the following new clause shall be *inserted*, namely:–

"(2A) For the purposes of this article a person shall not be deemed to hold an office of profit in the service of the Republic by reason only that he is a Prime Minister, Deputy Prime Minister, Minister, Minister of State or Deputy Minister.".

10C. In article 73A, in clause (*2*), *after* the words "Prime Minister" , the comma and words ", Deputy Prime Minister" shall be *inserted*.

10D. In article 80,–

(*a*) in clause (*3*), the words "or declare that he withholds assent therefrom" shall be *omitted* ; and

(*b*) in clause (*4*) *after* the words "without amendments", the words "by the votes of a majority of the total number of members of Parliament" shall be *inserted*.

10E. *After* article 92, the following new article shall be *inserted*, namely :–

"92A. **Authorisation of expenditure in certain cases.**–Notwithstanding anything contained in the foregoing provisions of this Chapter, if, in respect of a financial year, Parliament–

(*a*) has failed to make the grants under article 89 and pass the law under article 90 before the beginning of that year and has not also made any grant in advance under article 92 ; or

(*b*) has failed to make the grants under article 89 and pass the law under article 90 before the expiration of the period for which the grants in advance, if any, were made under article 92 ; or

(*c*) has refused or reduced the demands for grants, and a request for the reconsideration of the demands has been made by the President in a message to it, the President may, by Order, authorise the withdrawal from the Consolidated Fund moneys necessary to meet expenditure mentioned in the annual financial statement for that year for a period not exceeding one hundred twenty days in that year, pending the making of the grants and passing of the law.";

(*iv*) *after* entry 14, the following new entry shall be *inserted*, namely :–

"14A. In article 116, *after* the word "President", the words "and shall be exercised by him in consultation with the Supreme Court" shall be inserted." ;

(4) in the existing Schedule,–

(i) in the heading, for the word "SCHEDULE" the words "FIRST SCHEDULE" shall be *substituted* ;

(ii) *after* entry 9, the following new entry shall be *inserted*, namely :–

"9A. *For* article 58 the following shall be substituted, namely :–"

58. Council of Ministers.–(1) There shall be a Council of Ministers, consisting of a Prime Minister, one or more Deputy Prime Ministers and other Ministers, to aid and advise the President in the exercise of his functions.

(2) The question whether any, and if so what, advise was tendered by the Council of Ministers or a Minister to the President shall not be inquired into in any court.

(3) The President shall appoint as Prime Minister the member of Parliament who appears to him to command the support of the majority of the members of Parliament.

(4) The President shall appoint the Deputy Prime Ministers and other Ministers and also Ministers of State and Deputy Ministers from among the members of Parliament or from among persons qualified for election as such members :

Provided that not more than one-fifth of their number shall be chosen from among persons qualified for election as members of Parliament.

(5) The Ministers shall hold office during the pleasure of the President.

(6) The President shall preside at the meetings of the Council of Minister or may direct the Vice-President or the Prime Minister to preside at such meetings.

(7) A Minister may resign his office by writing under his hand addressed to the President.

(8) In this article, unless the context otherwise requires, "Minister" includes a Prime Minister, Deputy Prime Minister, Minister of State and Deputy Minister. "

(iii) *after* entry 10, the following entries shall be *inserted*, namely :–

"10A. In article 65, in clause (3), *for* the words "ten years" the words "fifteen years" and *for* the words "fifteen seats" the words "thirty seats" shall be *substituted*.

10B In article 66,–

(a) in clause (2),–

(i) in sub-clause (d), the word "or" at the end shall be *omitted* ; and

(ii) *after* sub-clause (d), the following new sub-clause shall be *inserted*, namely :–

"(dd) holds any office of profit in the service of the Republic other than an office which is declared by law not to disqualify its holder ; or" ; and

(*viii*) in entry 21, *after* item (a), the following new item shall be *inserted*, namely :–

"(*aa*) in form 2, in the marginal heading, *for* the words "Prime Minister" the words and comma "Prime Minister, Deputy Prime Ministers" shall be substituted :" ; and

(*ix*) in entry 22, in item (*l*), in paragraph 3A, as inserted by that item, *for* sub-paragraph (8) and (9) the following shall be *substituted*, namely :–

"(*8*) The General Clauses Act, 1897, shall apply to the said Proclamations and the Martial Law Regulations and Martial Law Orders made during the said period and also to the revocation of the said Proclamations and the withdrawal of Martial Law and the repeal of the said Martial Law Regulations and Martial Law Orders at it applies to, and to the repeal of, an Act of Parliament as if the said Proclamations and the Proclamation revoking them and withdrawing the Martial Law and the Martial Law Regulations and Martial Law Orders were all Acts of Parliament.

(*9*) In the event of any conflict, contradiction, discrepancy or inconsistency between the Bengali and the English text of the Constitution, in so far as it relates to any amendment, addition, modification, substitution or omission made in any of the texts or in both the texts by the said Proclamations, the English text shall prevail.

(*10*) In this paragraph, laws includes Ordinances, rules, regulations, bye-laws, orders, notifications and other instruments having the force of law." ; and

(5) *after* the First Schedule, the following new Schedule shall be *added*, namely :–

"SECOND SCHEDULE

[*See* clause (gd)]

১। সংবিধানের প্রারম্ভে, প্রস্তাবনার উপরে নিম্নরূপ সন্নিবেশিত হইবে ঃ

"বিসমিল্লাহির-রহ্‌মানির রহিম
(দয়াময়, পরম দয়ালু আল্লাহের নামে)" ।

২। প্রস্তাবনায়,–

(১) প্রথম অনুচ্ছেদে, "জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রামের" শব্দগুলির পরিবর্তে "জাতীয় স্বাধীনতার জন্য ঐতিহাসিক যুদ্ধের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ; এবং

(২) দ্বিতীয় অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ দ্বিতীয় অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে ঃ

"আমরা অঙ্গীকার করিতেছি যে, যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় স্বাধীনতার জন্য যুদ্ধে আত্মনিয়োগ ও বীর শহীদদিগকে প্রাণোৎসর্গ করিতে উদ্বুদ্ধ করিয়াছিল সর্বশক্তিমান আল্লাহের উপর পূর্ণ আস্থা ও বিশ্বাস, জাতীয়তাবাদ, গণতন্ত্র এবং সমাজতন্ত্র অর্থাৎ অর্থনৈতিক ও সামাজিক সুবিচারের সেই সকল আদর্শ এই সংবিধানের মূলনীতি হইবে ;" ।

৩। ৬ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৬ অনুচ্ছেদটি প্রতিস্থাপিত হইবে ঃ

"৬। নাগরিকত্ব।–(১) বাংলাদেশের নাগরিকত্ব আইনের দ্বারা নির্ধারিত ও নিয়ন্ত্রিত হইবে।

(২) বাংলাদেশের নাগরিকগণ বাংলাদেশী বলিয়া পরিচিত হইবেন।"।

৪। ৮ অনুচ্ছেদের (১) দফার পরিবর্তে নিম্নরূপ (১) এবং (১ক) দফা প্রতিস্থাপিত হইবে ঃ

"(১) সর্বশক্তিমান আল্লাহের উপর পূর্ণ আস্থা ও বিশ্বাস, জাতীয়তাবাদ, গণতন্ত্র এবং সমাজতন্ত্র অর্থাৎ অর্থনৈতিক ও সামাজিক সুবিচার–এই নীতিসমূহ এবং তৎসহ এই নীতিসমূহ হইতে উদ্ভূত এইভাবে বর্ণিত অন্য সকল নীতি রাষ্ট্র পরিচালনার মূলনীতি বলিয়া পরিগণিত হইবে।

(১ক) সর্বশক্তিমান আল্লাহের উপর পূর্ণ আস্থা ও বিশ্বাসই হইবে যাবতীয় কার্যাবলীর ভিত্তি।"।

৫। ৯ এবং ১০ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৯ এবং ১০ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে ঃ

"৯। স্থানীয় শাসন-সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন।–রাষ্ট্র সংশ্লিষ্ট এলাকার প্রতিনিধিগণ সমন্বয়ে গঠিত স্থানীয় শাসন-সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ দান করিবেন এবং এই সকল প্রতিষ্ঠানসমূহকে কৃষক, শ্রমিক এবং মহিলাদিগকে যথাসম্ভব বিশেষ প্রতিনিধিত্ব দেওয়া হইবে।

১০। জাতীয় জীবনে মহিলাদের অংশ গ্রহণ।–জাতীয় জীবনের সর্বস্তরে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করিবার ব্যবস্থা গ্রহণ করা হইবে।"।

৬। ১২ অনুচ্ছেদ বিলুপ্ত হইবে।

৭। ২৫ অনুচ্ছেদকে উক্ত অনুচ্ছেদের (১) দফারূপে পুনর্সংখ্যাত করা হইবে, এবং পুনর্সংখ্যাত (১) দফার পর নিম্নলিখিত নূতন (২) দফা সংযোজিত হইবে ঃ

"(২) রাষ্ট্র ইসলামী সংহতির ভিত্তিতে মুসলিম দেশসমূহের মধ্যে ভ্রাতৃত্ব সম্পর্ক সংহত, সংরক্ষণ এবং জোরদার করিতে সচেষ্ট হইবেন।"।

৮। ৩৮ অনুচ্ছেদের শর্তাংশটি বিলুপ্ত হইবে।

৯। ৪২ অনুচ্ছেদের (২) দফার পরিবর্তে নিম্নরূপ (২) এবং (৩) দফা প্রতিস্থাপিত হইবে ঃ

"(২) এই অনুচ্ছেদের (১) দফার অধীন প্রণীত আইনে ক্ষতিপূরণসহ বাধ্যতামূলকভাবে গ্রহণ, রাষ্ট্রায়ত্তকরণ বা দখলের বিধান করা হইবে এবং ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণ, কিংবা ক্ষতিপূরণ নির্ণয় বা প্রদানের নীতি ও পদ্ধতি নির্দিষ্ট করা হইবে, তবে অনুরূপ কোন আইনে ক্ষতিপূরণের বিধান অপর্যাপ্ত হইয়াছে বলিয়া সেই আইন সম্পর্কে কোন আদালতে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(৩) ১৯৭৭ সালের ফরমানসমূহ (সংশোধন) আদেশ (১৯৭৭ সালের ১ নং ফরমানসমূহ আদেশ) প্রবর্তনের পূর্বে প্রণীত কোন আইনের প্রয়োগকে, যতদূর তাহা ক্ষতিপূরণ ব্যতীত কোন সম্পত্তি বাধ্যতামূলকভাবে গ্রহণ, রাষ্ট্রায়ত্তকরণ বা দখলের সহিত সম্পর্কিত, এই অনুচ্ছেদের কোন কিছুই প্রভাবিত করিবে না।"।

১০। ৪৪ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৪৪ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে ঃ

"৪৪। মৌলিক অধিকার বলবৎকরণ।–(১) এই ভাগে প্রদত্ত অধিকারসমূহ বলবৎ করিবার জন্য এই সংবিধানের ১০২ অনুচ্ছেদের (১) দফা অনুযায়ী হাইকোর্ট বিভাগের নিকট মামলা রুজু করিবার অধিকারের নিশ্চয়তা দান করা হইল।

(২) এই সংবিধানের ১০২ অনুচ্ছেদের অধীন হাইকোর্ট বিভাগের ক্ষমতার হানি না ঘটাইয়া সংসদ্ আইনের দ্বারা অন্য কোন আদালতকে তাহার এখ্তিয়ারের স্থানীয় সীমার মধ্যে ঐ সকল বা উহার যে কোন ক্ষমতা প্রয়োগের ক্ষমতা দান করিতে পারিবেন।"।

১১। ৪৭ অনুচ্ছেদের (২) দফার শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ শর্তাংশ প্রতিস্থাপিত হইবে ঃ

"তবে শর্ত থাকে যে, এই অনুচ্ছেদের কোন কিছুই অনুরূপ কোন আইনকে সংশোধন, পরিবর্তন বা বাতিল করা হইতে নিবৃত্ত করিবে না।"।

১২। ৫৮ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৫৮ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে ঃ

"৫৮। মন্ত্রি পরিষদ।–(১) রাষ্ট্রপতিকে তাঁহার দায়িত্ব পালনে সহায়তা করিবার এবং পরামর্শ দানের জন্য একজন প্রধানমন্ত্রী, এক বা একাধিক উপ-প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী লইয়া গঠিত একটি মন্ত্রি পরিষদ থাকিবে।

(২) মন্ত্রি পরিষদ বা মন্ত্রী রাষ্ট্রপতিকে আদৌ কোন পরামর্শ দান করিয়াছেন কি না, এবং করিয়া থাকিলে কি পরামর্শ দান করিয়াছেন, কোন আদালত সেই সম্পর্কে কোন প্রশ্নের তদন্ত করিতে পারিবেন না।

(৩) যে সংসদ্-সদস্য সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন বলিয়া রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হইবেন, রাষ্ট্রপতি তাঁহাকে প্রধানমন্ত্রী নিয়োগ করিবেন।

(৪) রাষ্ট্রপতি সংসদ্-সদস্যগণের মধ্য হইতে কিংবা অনুরূপ সদস্য নির্বাচিত হইবার যোগ্য ব্যক্তিগণের মধ্য হইতে উপ-প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী এবং প্রতি-মন্ত্রী ও উপ-মন্ত্রীও নিয়োগ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, তাঁহাদের সংখ্যার এক-পঞ্চমাংশের অধিক সংসদ্-সদস্য নির্বাচিত হইবার যোগ্য ব্যক্তিগণের মধ্য হইতে মনোনীত হইবেন না।

(৫) মন্ত্রীগণ রাষ্ট্রপতির সন্তোষানুযায়ী সময়সীমা পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন।

(৬) রাষ্ট্রপতি মন্ত্রি-পরিষদের সভায় সভাপতিত্ব করিবেন অথবা তিনি ঐ সকল সভায় উপ-রাষ্ট্রপতি অথবা প্রধানমন্ত্রীকে সভাপতিত্ব করিতে নির্দেশ দিতে পারিবেন।

(৭) রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে কোন মন্ত্রী স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(৮) যদি প্রসংগের প্রয়োজনে অন্যরূপ না হয়, এই অনুচ্ছেদে "মন্ত্রী" বলিতে প্রধানমন্ত্রী, উপ-প্রধানমন্ত্রী, প্রতি-মন্ত্রী ও উপমন্ত্রী অন্তর্ভুক্ত।"।

১৩। ৬৫ অনুচ্ছেদে, (৩) দফায় "দশ বৎসর" শব্দগুলির পরিবর্তে "পনর বৎসর" এবং "পনরটি আসন" শব্দগুলির পরিবর্তে "ত্রিশটি আসন" প্রতিস্থাপিত হইবে।

১৪। ৬৬ অনুচ্ছেদে,–

(ক) (২) দফায়,–

(অ) (ঘ) উপ-দফার পর, নিম্নরূপ নূতন (ঘঘ) উপ-দফা সন্নিবেশিত হইবে ঃ

"(ঘঘ) আইনের দ্বারা পদাধিকারীকে অযোগ্য ঘোষণা করিতেছে না এমন পদ ব্যতীত তিনি প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত থাকেন ; অথবা" এবং

(আ) (ঙ) উপ-দফা বিলুপ্ত হইবে ; এবং

(খ) (২) দফার পর, নিম্নরূপ নূতন (২ক) দফা সন্নিবেশিত হইবে ঃ

"(২ক) এই অনুচ্ছেদের উদ্দেশ্য সাধনকল্পে কোন ব্যক্তি কেবল প্রধানমন্ত্রী, উপ-প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতি-মন্ত্রী বা উপমন্ত্রী হইবার কারণে প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত বলিয়া গণ্য হইবেন না।"।

১৫। ৭৩ক অনুচ্ছেদে (২) দফায় "প্রধানমন্ত্রী" শব্দটির পর ", উপ-প্রধানমন্ত্রী" কমা ও শব্দটি সন্নিবেশিত হইবে।

১৬। ৮০ অনুচ্ছেদে,–

(ক) (৩) দফায় "কিংবা তাহাতে সম্মতিদানে বিরত রহিলেন বলিয়া ঘোষণা করিবেন" শব্দগুলি বিলুপ্ত হইবে ; এবং

(খ) (৪) দফায়, "সংশোধনী ব্যতিরেকে" শব্দগুলির পর "মোট সংসদ্-সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটের দ্বারা" শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১৭। ৯২ অনুচ্ছেদের পর, নিম্নরূপ নূতন ৯২ক অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে ঃ

"৯২ক। কতিপয় ক্ষেত্রে ব্যয়ের কর্তৃত্ব প্রদান।—এই পরিচ্ছেদের উপরি-উক্ত বিধানাবলীতে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও যদি কোন অর্থ-বৎসর প্রসঙ্গে সংসদ্—

(ক) উক্ত বৎসর আরম্ভ হওয়ার পূর্বে এই সংবিধানের ৮৯ অনুচ্ছেদের অধীন মঞ্জুরীদানে এবং ৯০ অনুচ্ছেদের অধীন আইন গ্রহণে অসমর্থ হইয়া থাকে এবং ৯২ অনুচ্ছেদের অধীন কোন অগ্রিম মঞ্জুরীও দান না করিয়া থাকে ; অথবা

(খ) কোন ক্ষেত্রে এই সংবিধানের ৯২ অনুচ্ছেদের অধীন কোন মেয়াদের জন্য কোন অগ্রিম মঞ্জুরী দেওয়া হইয়া থাকিলে সেই মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে ৮৯ অনুচ্ছেদের অধীন মঞ্জুরীদানে এবং ৯০ অনুচ্ছেদের অধীন আইন গ্রহণে অসমর্থ হইয়া থাকে ; অথবা

(গ) কোন মঞ্জুরী দাবী নামঞ্জুর বা হ্রাস করিয়া থাকে, এবং রাষ্ট্রপতি উহার নিকট কোন বার্তায় উক্ত দাবীসমূহ পুনর্বিবেচনার অনুরোধ জ্ঞাপন করিয়া থাকেন,

তাহা হইলে রাষ্ট্রপতি আদেশের দ্বারা অনুরূপ মঞ্জুরীদান না করা এবং আইন গৃহীত না হওয়া পর্যন্ত, ঐ বৎসরের অনধিক একশত বিশ দিন মেয়াদ পর্যন্ত উক্ত বৎসরের বার্ষিক আর্থিক বিবৃতিতে উল্লিখিত ব্যয় নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রত্যাহারের কর্তৃত্ব প্রদান করিতে পারিবেন।"।

১৮। ৯৩ অনুচ্ছেদের (১) দফার "সংসদের অধিবেশনকাল ব্যতীত" শব্দগুলির পরিবর্তে "সংসদ্ ভাংগিয়া যাওয়া অবস্থায় অথবা উহার অধিবেশনকাল ব্যতীত" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১৯। ৯৫ অনুচ্ছেদের (২) এবং (৩) দফার পরিবর্তে নিম্নরূপ (২) এবং (৩) দফা প্রতিস্থাপিত হইবে ঃ

"(২) কোন ব্যক্তি বাংলাদেশের নাগরিক না হইলে, এবং—

(ক) সুপ্রীম কোর্টে অন্যূন দশ বৎসরকাল এ্যাডভোকেট না থাকিয়া থাকিলে, অথবা

(খ) বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানার মধ্যে অন্যূন দশ বৎসরকাল কোন বিচার বিভাগীয় পদে অধিষ্ঠান না করিয়া থাকিলে, অথবা

(গ) সুপ্রীম কোর্টের বিচারকপদে নিয়োগ লাভের জন্য আইনের দ্বারা নির্ধারিত অন্যান্য যোগ্যতা না থাকিয়া থাকিলে

তিনি বিচারকপদে নিয়োগ লাভের যোগ্য হইবেন না।

(৩) এই অনুচ্ছেদে "সুপ্রীম কোর্ট" বলিতে ১৯৭৭ সালের দ্বিতীয় ফরমান (দশম সংশোধন) আদেশ প্রবর্তনের পূর্বে যে কোন সময়ে বর্তমানে বাংলাদেশের অন্তর্ভুক্ত এলাকার মধ্যে যে আদালত হাইকোর্ট অথবা সুপ্রীম কোর্ট হিসাবে এখতিয়ার প্রয়োগ করিয়াছেন সেই আদালত অন্তর্ভুক্ত হইবে।"।

২০। ৯৬ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৯৬ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে ঃ

"৯৬। বিচারকদের পদের মেয়াদ–(১) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন বিচারক বাষট্টি বৎসর বয়স পূর্ণ হওয়া পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন।

(২) এই অনুচ্ছেদের নিম্নরূপ বিধানাবলী অনুযায়ী ব্যতীত কোন বিচারককে তাঁহার পদ হইতে অপসারিত করা যাইবে না।

(৩) একটি সুপ্রীম জুডিশিয়াল কাউন্সিল থাকিবে যাহা এই অনুচ্ছেদে "কাউন্সিল" বলিয়া উল্লেখিত হইবে এবং বাংলাদেশের প্রধান বিচারপতি এবং অন্যান্য বিচারকের মধ্যে পরবর্তী যে দুইজন কর্মে প্রবীণ তাঁহাদের লইয়া গঠিত হইবে :

তবে শর্ত থাকে যে, কাউন্সিল যদি কোন সময়ে কাউন্সিলের সদস্য এইরূপ কোন বিচারকের সামর্থ্য বা আচরণ সম্পর্কে তদন্ত করেন, অথবা কাউন্সিলের কোন সদস্য যদি অনুপস্থিত থাকেন অথবা অসুস্থতা কিংবা অন্য কোন কারণে কার্য করিতে অসমর্থ হন তাহা হইলে কাউন্সিলের যাহারা সদস্য আছেন তাঁহাদের পরবর্তী যে বিচারক কর্মে প্রবীণ তিনিই অনুরূপ সদস্য হিসাবে কার্য করিবেন।

(৪) কাউন্সিলের দায়িত্ব হইবে–

(ক) বিচারকগণের জন্য পালনীয় আচরণ বিধি নির্ধারণ করা, এবং

(খ) কোন বিচারকের অথবা কোন বিচারক যেরূপ পদ্ধতিতে অপসারিত হইতে পারেন সেইরূপ পদ্ধতি ব্যতীত তাঁহার পদ হইতে অপসারণযোগ্য নহেন এইরূপ অন্য কোন কর্মকর্তার, সামর্থ্য বা আচরণ সম্পর্কে তদন্ত করা।

(৫) যে ক্ষেত্রে কাউন্সিল অথবা অন্য কোন সূত্র হইতে প্রাপ্ত তথ্যে রাষ্ট্রপতির এইরূপ বুঝিবার কারণ থাকে যে কোন বিচারক–

(ক) শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে তাঁহার পদের দায়িত্ব সঠিকভাবে পালন করিতে অযোগ্য হইয়া পড়িতে পারেন, অথবা

(খ) গুরুতর অসদাচরণের জন্য দোষী হইতে পারেন, সেইক্ষেত্রে রাষ্ট্রপতি কাউন্সিলকে বিষয়টি সম্পর্কে তদন্ত করিতে ও উহার তদন্তফল জ্ঞাপন করিবার জন্য নির্দেশ দিতে পারেন।

(৬) কাউন্সিল তদন্ত করিবার পর রাষ্ট্রপতির নিকট যদি এইরূপ রিপোর্ট করেন যে, উহার মতে উক্ত বিচারক তাঁহার পদের দায়িত্ব সঠিকভাবে পালনে অযোগ্য হইয়া পড়িয়াছেন অথবা গুরুতর অসদাচরণের জন্য দোষী হইয়াছেন তাহা হইলে রাষ্ট্রপতি আদেশের দ্বারা উক্ত বিচারককে তাঁহার পদ হইতে অপসারিত করিবেন।

(৭) এই অনুচ্ছেদের অধীনে তদন্তের উদ্দেশ্যে কাউন্সিল স্বীয় কার্য-পদ্ধতি নিয়ন্ত্রণ করিবেন এবং পরওয়ানা জারী ও নির্বাহের ব্যাপারে সুপ্রীম কোর্টের ন্যায় উহার একই ক্ষমতা থাকিবে।

(৮) কোন বিচারক রাষ্ট্রপতিকে উদ্দেশ করিয়া স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।"।

২১। ৯৮ অনুচ্ছেদে, "যে কোন অস্থায়ী মেয়াদের জন্য আপীল বিভাগে আসন গ্রহণের ব্যবস্থা করিতে পারিবেন" শব্দগুলির পরিবর্তে "একজন এ্যাডহক বিচারক হিসাবে যে কোন অস্থায়ী মেয়াদের জন্য আপীল বিভাগে আসন গ্রহণের ব্যবস্থা করিতে পারিবেন, এবং অনুরূপ বিচারক এইরূপ আসন গ্রহণকালে আপীল বিভাগের একজন বিচারকের ন্যায় একই এখতিয়ার ও ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবেন" শব্দগুলি এবং কমা প্রতিস্থাপিত হইবে।

২২। ৯৯ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ৯৯ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে ঃ

"৯৯। বিচারকগণের অক্ষমতা-(১) (২) দফায় ব্যবহিত বিধান ব্যতিরেকে, কোন ব্যক্তি অতিরিক্ত বিচারকরূপে দায়িত্ব পালন ব্যতীত বিচারক পদে দায়িত্ব পালন করিয়া থাকিলে উক্ত পদ হইতে অবসর গ্রহণের কিংবা অপসারিত হইবার পর তিনি কোন আদালত বা কর্তৃপক্ষের নিকট ওকালতি বা কার্য করিতে পারিবেন না অথবা বিচার বিভাগীয় বা আধাবিচার বিভাগীয় পদ ব্যতীত প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে বহাল হইবেন না।

(২) কোন ব্যক্তি হাইকোর্ট বিভাগের বিচারক পদে বহাল থাকিলে উক্ত পদ হইতে অবসর গ্রহণের বা অপসারিত হইবার পর তিনি আপীল বিভাগে ওকালতি বা কার্য করিতে পারিবেন।"।

২৩। ১০১ এবং ১০২ অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ ১০১ ও ১০২ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে ঃ

"১০১। হাইকোর্ট বিভাগের এখতিয়ার।-এই সংবিধান বা অন্য কোন আইনের দ্বারা হাইকোর্ট বিভাগের উপর যেরূপ আদি ; আপীল ও অন্য প্রকার এখতিয়ার, ক্ষমতা ও দায়িত্ব অর্পিত হইয়াছে বা হইতে পারে উক্ত বিভাগের সেইরূপ এখতিয়ার, ক্ষমতা ও দায়িত্ব থাকিবে।

১০২। কতিপয় আদেশ ও নির্দেশ প্রভৃতি দানের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগের ক্ষমতা।-(১) কোন সংক্ষুব্ধ ব্যক্তি আবেদনক্রমে এই সংবিধানের তৃতীয় ভাগের দ্বারা অর্পিত অধিকারসমূহের যে কোন একটি বলবৎ করিবার জন্য প্রজাতন্ত্রের বিষয়াবলীর সহিত সম্পর্কিত কোন দায়িত্ব পালনকারী ব্যক্তিসহ যে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষকে হাইকোর্ট বিভাগ উপযুক্ত নির্দেশাবলী বা আদেশাবলী দান করিতে পারিবেন।

(২) হাইকোর্ট বিভাগের নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, আইনের দ্বারা অন্য কোন সমফলপ্রদ বিধান করা হয় নাই, তাহা হইলে-

(ক) যে কোন সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনক্রমে

(অ) প্রজাতন্ত্র বা কোন স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবলীর সহিত সংশ্লিষ্ট যে কোন দায়িত্ব পালনে রত ব্যক্তিকে আইনের দ্বারা অনুমোদিত নয়, এমন কোন কার্য করা হইতে বিরত রাখিবার জন্য কিংবা আইনের দ্বারা তাঁহার করণীয় কার্য করিবার জন্য নির্দেশ প্রদান করিয়া ; অথবা

(আ) প্রজাতন্ত্র বা কোন স্থানীয় কর্তৃপক্ষের বিষয়াবলীর সহিত সংশ্লিষ্ট যে কোন দায়িত্ব পালনে রত ব্যক্তির কৃত কোন কার্য বা গৃহীত কোন কার্যধারা আইনসংগত কর্তৃত্ব ব্যতিরেকে করা হইয়াছে বা গৃহীত হইয়াছে ও তাহার কোন আইনগত কার্যকরতা নাই বলিয়া ঘোষণা করিয়া

উক্ত বিভাগ আদেশদান করিতে পারিবেন ; অথবা

(খ) যে কোন ব্যক্তির আবেদনক্রমে

(অ) আইনসংগত কর্তৃত্ব ব্যতিরেকে বা বে-আইনী উপায়ে কোন ব্যক্তিকে প্রহরায় আটক রাখা হয় নাই বলিয়া যাহাতে উক্ত বিভাগের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হইতে পারে সেজন্য প্রহরায় আটক উক্ত ব্যক্তিকে উক্ত বিভাগের সম্মুখে আনয়নের নির্দেশ প্রদান করিয়া, অথবা

(আ) কোন সরকারী পদে আসীন বা আসীন বলিয়া বিবেচিত কোন ব্যক্তিকে তিনি কোন্ কর্তৃত্ববলে অনুরূপ পদমর্যাদায় অধিষ্ঠানের দাবী করিতেছেন, তাহা প্রদর্শনের নির্দেশ প্রদান করিয়া

উক্ত বিভাগ আদেশদান করিতে পারিবেন।

(৩) উপরি-উক্ত দফাসমূহে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও এই সংবিধানের ৪৭ অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন আইনের ক্ষেত্রে বর্তমান অনুচ্ছেদের অধীন অন্তর্বর্তীকালীন বা অন্য কোন আদেশদানের ক্ষমতা হাইকোর্ট বিভাগের থাকিবে না।

(৪) এই অনুচ্ছেদের (১) দফা কিংবা এই অনুচ্ছেদের (২) দফার (ক) উপ-দফার অধীন কোন আবেদনক্রমে যে ক্ষেত্রে অর্ন্তবর্তী আদেশ প্রার্থনা করা হইয়াছে এবং অনুরূপ অর্ন্তবর্তী আদেশ

(ক) যেখানে উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের জন্য কোন ব্যবস্থার কিংবা কোন উন্নয়নমূলক কার্যের প্রতিকূলতা বা বাধা সৃষ্টি করিতে পারে ; অথবা

(খ) যেখানে অন্য কোনভাবে জনস্বার্থের পক্ষে ক্ষতিকর হইতে পারে, সেইখানে অ্যাটর্নি-জেনারেলকে উক্ত আবেদন সম্পর্কে যুক্তিসংগত নোটিশদান এবং অ্যাটর্নি-জেনারেলের (কিংবা এই বিষয়ে তাঁহার দ্বারা ভারপ্রাপ্ত অন্য কোন এ্যাডভোকেটের) বক্তব্য শ্রবণ না করা পর্যন্ত এবং এই দফার (ক) বা (খ) উপ-দফায় উল্লেখিত প্রতিক্রিয়া সৃষ্টি করিবে না বলিয়া হাইকোর্ট বিভাগের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান না হওয়া পর্যন্ত উক্ত বিভাগ কোন অন্তর্বর্তী আদেশ দান করিবেন না।

(৫) প্রসংগের প্রয়োজনে অন্যরূপ না হইলে এই অনুচ্ছেদে "ব্যক্তি" বলিতে সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষ ও বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগসমূহ বা কোন শৃঙ্খলা বাহিনীসংক্রান্ত আইনের অধীন প্রতিষ্ঠিত কোন আদালত বা ট্রাইব্যুনাল ব্যতীত কিংবা এই সংবিধানের ১১৭ অনুচ্ছেদ প্রযোজ্য হয়, এইরূপ কোন ট্রাইব্যুনাল ব্যতীত যে কোন আদালত বা ট্রাইব্যুনাল অন্তর্ভুক্ত হইবে।"।

২৪। ১০৩ অনুচ্ছেদের (২) দফায় (খ) উপ-দফার পরিবর্তে নিম্নরূপ (খ) উপ-দফা প্রতিস্থাপিত হইবে ঃ

"(খ) কোন ব্যক্তিকে মৃত্যুদণ্ডে বা যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন ; অথবা"।

২৫। ১০৭ অনুচ্ছেদের (২) দফায় "১১৩, ১১৫ ও ১১৬ অনুচ্ছেদসমূহের" সংখ্যাগুলি, কমা এবং শব্দগুলির পরিবর্তে "১১৩ অনুচ্ছেদের" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

২৬। ১১৬ অনুচ্ছেদে, "ন্যস্ত থাকিবে" শব্দগুলির পর "এবং সুপ্রীমকোর্টের সহিত পরামর্শক্রমে রাষ্ট্রপতি কর্তৃক তাহা প্রযুক্ত হইবে" শব্দগুলি সন্নিবেশিত হইবে।

২৭। ১১৭ অনুচ্ছেদের (১) দফার (গ) উপ-দফায় "২" সংখ্যার পরিবর্তে "৩" সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

২৮। ষষ্ঠ-ক ভাগ বিলুপ্ত হইবে।

২৯। ১২২ অনুচ্ছেদের (২) দফায়,–

(অ) (গ) উপ-দফার সেমিকোলনের শেষে "এবং" শব্দটি সংযোজিত হইবে,

(আ) (ঘ) উপ-দফায়, " ; এবং" সেমিকোলন এবং শব্দের পরিবর্তে দাঁড়ি প্রতিস্থাপিত হইবে ; এবং

(ই) (ঙ) উপ-দফা বিলুপ্ত হইবে।

৩০। ১৪২ অনুচ্ছেদে, (১) দফার পর, নিম্নরূপ নূতন দফাসমূহ সন্নিবেশিত হইবে ঃ

"(১ক) (১) দফায় যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও এই সংবিধানের প্রস্তাবনায় অথবা ৮, ৪৮, ৫৬, ৫৮, ৮০ বা ৯২ক অনুচ্ছেদ অথবা এই অনুচ্ছেদের কোন বিধানাবলীর সংশোধনের ব্যবস্থা রহিয়াছে এইরূপ কোন বিল উপরি-উক্ত উপায়ে গৃহীত হইবার পর সম্মতির জন্য রাষ্ট্রপতির নিকট উপস্থাপিত হইলে উপস্থাপনের সাত দিনের মধ্যে তিনি বিলটিতে সম্মতিদান করিবেন কি করিবেন না এই প্রশ্নটি গণ-ভোটে প্রেরণের ব্যবস্থা করিবেন।

(১খ) এই অনুচ্ছেদের অধীন গণ-ভোট রাষ্ট্রপতি পদে নির্বাচনের জন্য প্রস্তুতকৃত ভোটার তালিকাভুক্ত ব্যক্তিগণের মধ্যে নির্বাচন কমিশন কর্তৃক আইনের দ্বারা নির্ধারিত মেয়াদের মধ্যে ও পদ্ধতিতে পরিচালিত হইবে।

(১গ) এই অনুচ্ছেদের অধীন কোন বিল সম্পর্কে পরিচালিত গণ-ভোটের ফলাফল যেদিন ঘোষিত হয় সেইদিন–

(অ) প্রদত্ত সমুদয় ভোটের সংখ্যাগরিষ্ঠ ভোট উক্ত বিলে সম্মতিদানের পক্ষে প্রদান করা হইয়া থাকিলে, রাষ্ট্রপতি বিলটিতে সম্মতিদান করিয়াছেন বলিয়া গণ্য হইবে, অথবা

(আ) প্রদত্ত সমুদয় ভোটের সংখ্যাগরিষ্ঠ ভোট উক্ত বিলে সম্মতিদানের পক্ষে প্রদান করা না হইয়া থাকিলে, রাষ্ট্রপতি বিলটিতে সম্মতিদানে বিরত রহিয়াছেন বলিয়া গণ্য হইবে।"।

৩১। ১৪৫ অনুচ্ছেদের পর, নিম্নরূপ নূতন ১৪৫ক অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে ঃ

"১৪৫ক। আন্তর্জাতিক চুক্তি।–বিদেশের সহিত সম্পাদিত সকল চুক্তি রাষ্ট্রপতির নিকট পেশ করা হইবে, এবং রাষ্ট্রপতি তাহা সংসদে পেশ করিবার ব্যবস্থা করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, অনুরূপ চুক্তি এইরূপে পেশ করা হইবে না যদি রাষ্ট্রপতি মনে করেন যে এইরূপ করা জাতীয় স্বার্থ-বিরোধী হইবে।"।

৩২। ১৪৭ অনুচ্ছেদে, (৪) দফায় (খ) উপ-দফার পরিবর্তে নিম্নরূপ (খ) উপ-দফা প্রতিস্থাপিত হইবে ;

"(খ) প্রধানমন্ত্রী বা উপ-প্রধানমন্ত্রী,"।

৩৩। ১৫২ অনুচ্ছেদে, (১) দফায়, "আইন" কথাটির ব্যাখ্যার পর নিম্নরূপ সন্নিবেশিত হইবে ঃ

"আদালত" অর্থ সুপ্রীমকোর্টসহ যে কোন আদালত ;"।

৩৪। প্রথম তফসিলে "১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজশকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশ (১৯৭২ সালের পি, ও, নং ৮)।" লিপিবদ্ধ বিষয়টি বিলুপ্ত হইবে।

৩৫। তৃতীয় তফসিলের–

(ক) ১ ফরমে "স্পীকার" শব্দটির পরিবর্তে "প্রধান বিচারপতি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে, এবং

(খ) ২ ফরমের হাশিয়ায় "প্রধানমন্ত্রী" শব্দটির পরিবর্তে "প্রধানমন্ত্রী, উপ-প্রধানমন্ত্রী" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩৬। চতুর্থ তফসিলে ৩য় অনুচ্ছেদের পর, নিম্নরূপ ৩ক নূতন অনুচ্ছেদ সন্নিবেশিত হইবে ঃ

"৩ক। কতিপয় ফরমান বৈধকরণ, ইত্যাদি।–(১) ১৯৭৫ সালের ২০শে আগষ্ট এবং ৮ই নভেম্বরের ফরমানসমূহ ও ১৯৭৬ সালের ২৯শে নভেম্বরের তৃতীয় ফরমান, এবং উহাদের সংশোধনকারী বা সম্পূরক অন্যান্য সকল ফরমান ও আদেশ, অতঃপর যাহা এই অনুচ্ছেদে সমষ্টিগতভাবে উক্ত ফরমানসমূহ বলিয়া উল্লেখিত, এবং ১৯৭৫ সালের ১৫ই আগষ্ট হইতে উক্ত ফরমানসহ বাতিল ও সামরিক আইন প্রত্যাহার করিবার তারিখের (উভয় দিনসহ) মধ্যে, অতঃপর যাহা এই অনুচ্ছেদে উক্ত সময় বলিয়া উল্লিখিত, প্রণীত সকল সামরিক আইন প্রবিধান, সামরিক আইন আদেশ এবং অন্যান্য আইন বৈধরূপে প্রণীত হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং তৎসম্পর্কে কোন আদালত বা ট্রাইব্যুনালে, অথবা উহাদের নিকট, কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(২) উক্ত যে কোন ফরমান বা কোন সামরিক আইন প্রবিধান বা সামরিক আইন আদেশ বা অন্য কোন আইন হইতে আহরিত ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বলিয়া বিবেচনা করিয়া অথবা অনুরূপ কোন ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বলিয়া বিবেচনা করিয়া কোন আদালত বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত কোন আদেশ বা প্রদত্ত কোন দন্ডাদেশ কার্যকর বা পালন করিবার জন্য উক্ত সময়ের মধ্যে রাষ্ট্রপতি বা প্রধান সামরিক আইন প্রশাসক বা অন্য কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত আদেশ, কৃত কাজ-কর্ম, গৃহীত ব্যবস্থা বা কার্যধারাসমূহ, অথবা প্রণীত, কৃত বা গৃহীত বলিয়া বিবেচিত আদেশ, কাজ-কর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ বৈধভাবে প্রণীত, কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং তৎসম্পর্কে কোন আদালত বা ট্রাইব্যুনালে, অথবা উহাদের নিকট, কোন কারণেই কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

(৩) (২) উপ-অনুচ্ছেদে উল্লেখিত ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বিবেচনা করিয়া অথবা অনুরূপ ক্ষমতা প্রয়োগ করিয়া বা প্রয়োগ বিবেচনা করিয়া প্রণীত কোন আদেশ বা প্রদত্ত দন্ডাদেশসমূহ কার্যকর বা পালন করিবার জন্য প্রণীত কোন আদেশ, কৃত কোন কাজ-কর্ম বা গৃহীত কোন ব্যবস্থা বা কার্যধারার জন্য বা ব্যাপারে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষের বিরুদ্ধে কোন আদালত বা ট্রাইব্যুনালে কোন মামলা, ফৌজদারী কার্যধারা অথবা অন্য কোন আইনগত কার্যধারা চলিবে না।

(৪) উক্ত ফরমানসমূহের দ্বারা এই সংবিধানের যে সকল সংশোধন, সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন ও বিলোপসাধন করা হইয়াছে তাহা এইরূপ কার্যকর হইবে যেন অনুরূপ সংশোধন, সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন ও বিলোপসাধন এই সংবিধান অনুযায়ী এবং ইহার প্রয়োজন মোতাবেক করা হইয়াছে।

(৫) উক্ত ফরমানসমূহ বাতিল এবং সামরিক আইন প্রত্যাহার করা হইলে এই সংবিধান উপরি-উক্ত সংশোধন, সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন এবং বিলোপসাধন সাপেক্ষে, এইরূপ কার্যকর ও সক্রিয় থাকিবে যেন উহা অব্যাহতভাবে সক্রিয় ছিল।

(৬) উক্ত ফরমানসমূহ বাতিল এবং সামরিক আইন প্রত্যাহারে এমন কোন অধিকার বা সুযোগ পুনরুজ্জীবিত বা পুনর্বহাল হইবে না যাহা অনুরূপ বাতিল বা প্রত্যাহারের সময়ে বিদ্যমান ছিল না।

(৭) উক্ত ফরমানসমূহ বাতিল এবং সামরিক আইন প্রত্যাহারের অব্যবহিত পূর্বে বলবৎ সকল আইন, উক্ত ফরমানসমূহ বাতিল এবং সামরিক আইন প্রত্যাহারকারী ফরমান সাপেক্ষে, উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তিত, সংশোধিত বা রহিত না হওয়া পর্যন্ত অব্যাহতভাবে বলবৎ থাকিবে।

(৮) সংসদের কোন আইন এবং উহা রহিতের ক্ষেত্রে ১৮৯৭ সালের জেনারেল ক্লজেজ অ্যাক্ট যেরূপ প্রযোজ্য, উক্ত ফরমানসমূহ এবং উক্ত সময়ে প্রণীত সামরিক আইন প্রবিধান ও সামরিক আইন আদেশসমূহের ক্ষেত্রে, এবং উক্ত ফরমানসমূহ বাতিল এবং সামরিক আইন প্রত্যাহার এবং উক্ত সামরিক আইন প্রবিধান এবং সামরিক আইন আদেশসমূহ রহিতের ক্ষেত্রেও, সেইরূপ প্রযোজ্য হইবে, যেন উক্ত ফরমানসমূহ এবং যে ফরমান দ্বারা ঐগুলি বাতিল ও সামরিক আইন প্রত্যাহার করা হইয়াছে তাহা এবং সামরিক আইন প্রবিধান ও সামরিক আইন আদেশসমূহ, সকলই সংসদের আইন ছিল।

(৯) সংবিধানের বাংলা ও ইংরাজী পাঠের মধ্যে কোন বিরোধ, বৈপরিত্য, অসংগতি অথবা অসামঞ্জস্যতার ক্ষেত্রে, যতদূর তাহা উক্ত ফরমানসমূহ দ্বারা সংবিধানের কোন পাঠ কিংবা উহার উভয় পাঠের কোন সংশোধন, সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন অথবা বিলোপসাধন সম্পর্কিত হয়, ইংরাজী পাঠ প্রাধান্য পাইবে।

(১০) এই অনুচ্ছেদে, "আইনসমূহ" বলিতে অধ্যাদেশ, বিধি, প্রবিধান, উপ-আইন, আদেশ ও বিজ্ঞপ্তিসমূহ এবং আইনের ক্ষমতাসম্পন্ন অন্যান্য দলিল অন্তর্ভুক্ত।"।

সপ্তদশ সংশোধনী [Seventeenth Amendment]

২০১৮ সালের সপ্তদশ সংশোধনী দ্বারা নারীদের জন্য সংসদে সংরক্ষিত আসনের বিধান সংশোধন করা হয়। এই সংশোধনী দ্বারা মহিলাদের জন্য সংসদে সংরক্ষিত আসনের সংখ্যা ৫০ টিই রাখা হয়েছে, তবে সংরক্ষিত আসনের মেয়াদ বাড়িয়ে পচিশ বছর করা হয়েছে। সংরক্ষিত মহিলা আসনসহ জাতীয় সংসদে আসন সংখ্যা বর্তমানে মোট ৩৫০ টি।

সংরক্ষিত নারী আসন

১৯৭২ সালের মূল সংবিধান অনুযায়ী জাতীয় সংসদ ৩১৫ জন সদস্য নিয়ে গঠিত হতো।এর মধ্যে ৩০০ জন প্রাপ্তবয়স্ক জনগণের সরাসরি ভোটে, বাকি ১৫ জন সংসদ সদস্যদের ভোটে নির্বাচিত হতো (অর্থ্যাৎ পরোক্ষ ভোটে সংরক্ষিত আসন)।

নারীদের জন্য সংরক্ষিত ১৫ টি আসনের বিধান সম্বলিত সংবিধানের ৬৫নং অনুচ্ছেদে (৩) নং দফার মেয়াদ শেষ হয়ে গিয়ে ছিল ১৯৮২ সালে। ফলে, চতুর্থ জাতীয় সংসদের (১৯৮৮-১৯৯০) আসন সংখ্যা ছিল ৩০০, অর্থাৎ কোনো সংরক্ষিত আসন ছিল না।

১৯৯০ সালে দশম সংশোধনী দ্বারা নারীদের জন্য সংরক্ষিত আসনের বিধান সম্বলিত সংবিধানের ৬৫ নং অনুচ্ছেদের (৩) নং দফাটি সংশোধন করা হয়। এবার সংরক্ষিত নারী আসনের মেয়াদ আরো দশ বছর বৃদ্ধি ও আসন সংখ্যা ১৫ থেকে বাড়িয়ে ৩০- এ উন্নিত করা হয়। এই দশ বছরের মেয়াদ শেষ হয় ২০০০ সালে। ফলে অষ্টম জাতীয় সংসদের প্রথম চার বছর (২০০১-২০০৪) আসন সংখ্যা ছিল ৩০০, অর্থ্যাৎ কোনো সংরক্ষিত মহিলা আসন ছিল না। তবে এ সংসদের বাকি মেয়াদে (এক বছর) সংরক্ষিত মহিলা আসন ছিল কেননা ইতিমধ্যে ২০০৪ সালে চতুদর্শ সংশোধনী পাশ করে সংরক্ষিত মহিলা আসনের বিধান পুনর্বহাল করা হয়।

২০০৪ সালের চতুর্দশ সংশোধনী দ্বারা নারীদের জন্য সংরক্ষিত আসনের বিধান সম্বলিত সংবিধানের ৬৫ নং অনুচ্ছেদের (৩) নং দফাটি সংশোধন করা হয়। এবার সংরক্ষিত নারী আসনের মেয়াদ আরও দশ বছর বৃদ্ধি ও আসন সংখ্যা ৩০ থেকে বাড়িয়ে ৪৫-এ উন্নীত করা হয়। এই দশ বছরের মেযাদ শেষ হয় ২০১৪ সালে। ২০০৪ সালের চতুর্দশ সংশোধনীর একটি বৈশিষ্ট্য হলো এর দ্বারা সংসদে প্রতিনিধিত্বকারী রাজনৈতিক দলগুলোর মধ্যে সংখ্যানুপাতে নারীদের জন্য আসন সংরক্ষণের বিধান করা হয়েছে। অর্থাৎ সংসদে প্রতিনিধিত্বকারী রাজনৈতিক দলগুলোর মধ্যে সংখ্যানুপাতে এ আসন বন্টন করা হয়।

২০১১ সালের পঞ্চদশ সংশোধনী দ্বারা নারীদের জন্য সংরক্ষিত আসনের বিধান সম্বলিত সংবিধানের ৬৫ নং অনুচ্ছেদের (৩) নং দফাটি সংশোধন করা হয়। এবার মহিলাদের জন্য আসন সংখ্যা আরো ৫ টি বাড়িয়ে মোট ৫০ টি করা হয়েছে। এই সংশোধনীতে সংরক্ষিত আসনের মেয়াদ বৃদ্ধি করা হয় নি।

২০১৮ সালের সপ্তদশ সংশোধনী দ্বারা নারীদের জন্য সংরক্ষিত আসনের বিধান সম্বলিত সংবিধানে ৬৫ নং অনুচ্ছেদের (৩) নং দফাটি সর্বশেষ সংশোধন করা হয়। এবার মহিলাদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা ৫০ টিই রাখা হয়েছে, তবে সংরক্ষিত আসনের মেয়াদ বাড়িয়ে পঁচিশ বছর করা হয়েছে।

সাধারণত যেসব কারণে সংরক্ষিত আসনব্যবস্থার সমালোচনা করা হয় সেগুলো হলো-

ক.নিভরশীলতার সর্ম্পকের প্রেক্ষাপটে ও সার্বিক গুরুত্বহীনতার কারণে সংরক্ষিত আসনের নারী সংসদগণকে 'ত্রিশ সেট অলঙ্কার' হিসেবে অভিহিত করা হয়েছে।

খ.পরোক্ষভাবে নির্বাচিত নারী সংসদগণের জনপ্রতিনিধিত্বশীল হওয়ার ক্ষেত্রে সমস্যা বিরাজমান। এ সব সংসদের নির্বাচনী এলাকা সাধারণ আসনের দশ গুন বড় এবং এ প্রেক্ষাপটে নারী সংসদগণের পক্ষে বিশাল নির্বাচনী এলাকার সাথে সংযোগ রক্ষা করা সম্ভবপর নয় যা তাদের দুর্বল অবস্থানকে দুর্বলতর করে ও কার্যকারিতা ম্লান করে দেয়।

গ.পরোক্ষভাবে নির্বাচিত নারী সাংসদগন নারী সমাজের প্রকৃত প্রতিনিধিত্ব না করায় নারীর সংরক্ষিত আসনে প্রত্যেক্ষ নির্বাচনের দাবি ক্রমান্বয়ে জোরদার হচ্ছে। অষ্টম জাতীয় সংসদ নির্বাচনের আগে আগে প্রধান রাজনৈতিক দলগুলো এ ব্যাপারে নির্বাচনী অঙ্গীকার করলেও তা বাস্তবায়নে ইতিবাচক কোন পদক্ষেপ লক্ষণীয় হয়নি। অষ্টম জাতীয় সংসদের সংরক্ষিত আসন প্রায় চার বছর শূন্য থাকে

ঘ. অষ্টম জাতীয় সংসদে সমগ্র নারী সাংসদগণের শতকরা এগারো ভাগ পেশাভিত্তিক রাজনীতিবিদ ছিলেন, বাকি সদস্যগণের বেশীরভাগই ছিলেন গৃবধু যারা সামাজিক মর্যাদা, স্বামী ও বাবার পৃষ্ঠপোষকতায় সংসদে প্রবেশের সুযোগ পেয়েছিলেন। ফলে, তাদের পক্ষে জনগণের প্রতি যথাযথ রাজনৈতিক কর্তব্য পালন করা সম্ভব ছিল না।